

24 Rajbari b 118-52-21 ১২৯. ১০২,
2-11-81

সচিত্র শিঞ্চ উপন্থাস নং ৩

BENGALI

182. Dc. 921. 95.

2. NOV. 1891
W. H. T. 1891
CALCUTTA

সোরাৰ-কল্পাৰ

১৮৭

১৮৭

ঠাকুৱমাৰ ৰোলা, ঠাকুৱদানাৰ ৰোলা প্ৰতি ব্ৰহ্মিতা

শ্ৰীসত্যচৰণ চক্ৰবৰ্তী প্ৰণীত

ভট্টাচার্য এণ্ড সন্ন

কলিকাতা, ঢাকা ও ময়মনসিংহ

১৩২৮

মূল্য এক টাকা

24 Rajbari b 118-52-21 ১২৯. ১০২,
2-11-81

সচিত্র শিঞ্চ উপন্থাস নং ৩

BENGALI

182. Dc. 921. 95.

2. NOV. 1891
W. H. T. 1891
CALCUTTA

সোরাৰ-কল্পাৰ

১৮৭

১৮৭

ঠাকুৱমাৰ ৰোলা, ঠাকুৱদানাৰ ৰোলা প্ৰতি ব্ৰহ্মিতা

শ্ৰীসত্যচৰণ চক্ৰবৰ্তী প্ৰণীত

ভট্টাচার্য এণ্ড সন্ন

কলিকাতা, ঢাকা ও ময়মনসিংহ

১৩২৮

মূল্য এক টাকা

কলিকাতা

৬৫ নং কলেজ ষ্ট্রীট, ভট্টাচার্য এণ্ড সন্এর পুস্তকালয় হইতে
শ্রীদেবেন্দ্রনাথ ভট্টাচার্য কর্তৃক প্রকাশিত

এবং

১০৮ নং নারিকেলডাঙ্গা মেন রোড স্বর্ণপ্রেসে
শ্রীকরূপাময় আচার্য কর্তৃক মুদ্রিত।

Copyright held by the publisher.

Op. 201
4th Jan 1921





কন্তামের যুদ্ধ যাত্রা

সোন্দর-কলাম

প্রথম পরিচ্ছেদ

ঘোড়া-চোর

আকাশের গায়ে সিন্দুর ছড়াইয়া অস্তগামী সূর্য “পামীর-পর্বতমালার” পিছনে ধীরে ধীরে অদৃশ্য হইতেছিলেন। সেই রক্তিমাতা নীচে ঠিক্রাইয়া পড়িয়া ‘জিহন’-নদীর জলে এবং তাহার উত্তর উপকূলের বনরাজিতে ঝিক্মিক করিতেছিল। দলে দলে পশ্চ পক্ষী সেই রক্তরাগে রঞ্জিত হইয়া ইতস্ততঃ খেলিয়া বেড়াইতেছিল, মাঝে মাঝে তাহাদের স্বাভাবিক আনন্দকলরব সমস্ত বনভূমি কাঁপাইয়া যেন ভগবানের চরণে ক্রতৃজ্ঞতা নিবেদন করিয়া দিতেছিল। কোথাও মানুষের সাড়া-শব্দটী পর্যন্ত ছিল না।

একদল হরিণ নদীর ধারে জল খাইতে আসিয়া মুখের মত দাঁড়াইয়াছিল। গোটাকতক জলের ধারে নামিয়াছিল এবং অপরগুলি উপরে দাঁড়াইয়া মুখ উঁচু করিয়া ইতস্ততঃ আন্তর্বিল হইতেছিল। হঠাৎ অদুরে যেন কিসের শব্দ পাইয়া চকিত হইয়া উঠিল, এবং পর মুহূর্তে—বিদ্যুবেগে একটা তীর আসিতে দেখিয়াই যে চোখের পলকে কে কোথায় অদৃশ্য হইয়া গেল

তাহার ঠিকানা রহিল না। কেবল একটা হরিণ তীরবিদ্ধ হইয়া সেইখানে পড়িয়া মৃত্যুযন্ত্রণায় ছটফট করিতে লাগিল।

মুহূর্তে পরেই বনভূমি কাঁপাইয়া অশ্বপদধ্বনি উঠিল এবং সঙ্গে সঙ্গে অন্ত্রেশস্ত্রে সজ্জিত এক বিরাট দেহ, মহাবলবান् ঘোন্ধা তীরের মতই ঘোড়া ছুটাইয়া আসিয়া সেইখানে নামিলেন এবং ঘোড়ার পিঠ চাপড়াইয়া বলিলেন—‘সাবাস্ রাক্স্ !’

‘রাক্স্’ যেন প্রভুর আদর বুঝিয়া, ঘাড় দোলাইয়া ত্রেষু ধ্বনি করিয়া উঠিল। ঘোন্ধার মুখে ঈষৎ আনন্দের হাসি খেলিয়া গেল, হরিণটাকে অবলীলাক্রমে হাতে ঝুলাইয়া লইয়া ধীরে ধীরে বনের ভিতরের দিকে অগ্রসর হইলেন। অশ্ব ‘রাক্স্’—ঠিক যেন পোষা কুকুরের মত—সঙ্গে সঙ্গে চলিল।

বনের ভিতরে এক স্থানে একটা সরু পার্বত্য শ্রোতুষ্ণী উপলথণের উপর দিয়া তর তর করিয়া বহিয়া যাইতেছিল—জল কাচের মত স্বচ্ছ। তাহার উভয় তীরে বহুকালের প্রাচীন বৃক্ষসকল যেমন প্রহরীর মত নীরবে দাঁড়াইয়াছিল, তেমনি নীচেও নবশ্যাম তৃণদল যেন কোমল গালিচা বিছাইয়া রাখিয়াছিল। সেইখানে একটা পরিষ্কার গাছের তলায় হরিণটাকে রাখিয়া ঘোন্ধা অশ্বের সাজ খুলিয়া দিয়া আবার তাহার পীঠ চাপড়াইয়া কহিলেন—

“তুমি আমার প্রধান বন্ধু—নিত্যসহচর, আগে তোমার সেবা করাই আমার কর্তব্য, যাও ‘রাক্স্’, এখন নিশ্চিন্ত হইয়া মনের স্ফুরে চরিয়া থাও।”

সন্ধ্যা হইয়া আসিয়াছিল। যোদ্ধা কতকগুলি শুক্র ডাল পালা সংগ্ৰহ কৰিয়া আনিলেন এবং পাথৱেৰ গায়ে তীৱ্ৰেৰ ফলা ঠুকিয়া অগ্নি প্ৰজ্বলিত কৰিলেন, তাৰপৰ হৱিণেৰ খানিকটা মাংস ছাড়াইয়া সেই আগনে পোড়াইয়া থাইয়া নদীৰ জলে পিপাসা নিবারণ কৰিলেন।

তখন রাত্ৰি হইলেও অন্ধকাৰ তেমন গাঢ় ছিল না—শুক্র-পক্ষেৰ ক্ষীণ চন্দ্ৰ পশ্চিমাকাশে যে টুকু আলো দিতেছিল— তাহাই গাছেৰ ফাঁকে ফাঁকে পড়িয়া বনভূমিৰ তমসা অনেকখানি দূৰ কৰিয়া দিয়াছিল। ঘোড়াটাকে আৱ দেখা না গেলেও সেই প্ৰভুতক্ত জীব যে তাঁহাকে ছাড়িয়া কোথাও যাইবে না, তাহা যোদ্ধাৰ ক্ৰব বিশ্বাস ছিল। ভৰণ ও শীকাৱেৰ পৱিত্ৰমে ক্লান্ত হইয়া তিনি সেই সশস্ত্র অবস্থাতেই গাছেৰ তলায় শুইয়া পড়িলেন এবং অচিৱেই গভীৰ নিদ্রায় নিমগ্ন হইলেন।

‘ৱাক্স’ চৰিতে চৰিতে প্ৰভুৰ নিকট হইতে একটু দূৰে গিয়া পড়িয়াছিল, হঠাৎ কিসেৰ শব্দ পাইয়া, আহাৰ বন্ধ কৰিয়া মুখ তুলিয়া চাহিল। যাহা দেখিল তাহাতে বোধ কৰি ব্যাপাৰটা বুবিয়া লইতে তাহাৰ বাকী থাকিল না, নিভৌক প্ৰভুৰ নিভৌক বাহন একবাৰ গা বাড়িয়া ত্ৰেষুধনি কৰিয়া সম্মুখেৰ এক পা তুলিয়া বাৰম্বাৰ মাটীতে আঘাত কৰিতে লাগিল।

অদূৰে একটা গাছেৰ আড়ালে গা ঢাকিয়া দাঢ়াইয়া জন কতক ‘তুৱাণী’ শিকাৰী তাহাৰ দিকে লক্ষ্য কৰিয়া একটা শক্ত

দড়িৰ ফাঁস প্ৰস্তুত কৱিতেছিল। একজন চাপা গলায় কহিল—“কিন্তু শুনিয়াছি যে, সমস্ত তুৱাণ দেশেৰ ভিতৱ্বেও এমন
সুন্দৰ, প্ৰকাণ্ড ঘোড়া একমাত্ৰ কুস্তাম ভিন্ন আৱ কাহাৱেও
নাই; এ ঘোড়া আসিল কোথা হইতে ?”

আৱ একজন বিৱৰণভাৱে জবাৰ কৱিল—“যেখান
হইতেই আসুক উহাকে ধৰিয়া লইয়া যাইতে পাৱিলে শীকাৱে
আসা সাৰ্থক হইবে। আমাদেৱ সামানগানেৱ (সমৱৰ্থণ) কথা কি,
সমস্ত ‘তুৱাণ’ দেশে হৈ হৈ পড়িয়া যাইবে। বাদশা ‘আফ্ৰিয়াজাৰ’
এ ঘোড়া পাহিলে পঞ্চাশ হাজাৰ আসৱফি দিতেও কাতৱ
হইবেন না।”

“আৱ যদিই ‘কুস্তামেৰ’ ঘোড়া হয়, কোন গতিকে এখানে
আসিয়া পড়িয়া থাকে ? তা হইলে যে সৰ্বনাশ—”

“আৱে রাখ তোৱ সৰ্বনাশ, সমস্ত তুৱাণ দেশেৰ ভিতৱ্বে
এমন ঘোড়া কেউ কখনও চোখেও দেখিয়াছে কি, ইহাৱ বাছা
হইলে দেশেৰ একটা অমূল্য সম্পত্তি হইবে, এ রত্ন কি ছাড়া
যায় ? আৱ যদিই কুস্তামেৰ ঘোড়া কোন রূপে এদিকে
আসিয়া পড়িয়া থাকে তাতেই বা কি, কুস্তাম কেমন কৱিয়া
টেৱ পাইবে যে আমৱা তাৱ ঘোড়া চুৱি কৱিয়া লইয়া গিয়াছি।
এ রত্ন হাত কৱিতেই হইবে, একবাৰ ঘো-সো কৱিয়া ফাঁসটা
গলায় লাগাইতে পাৱিলে হয়।”

কিন্তু সে ফাঁস ‘ৱাক্সেৱ’ গলায় দেওয়া সহজ হইল না।
ঘোড়াচোৱদেৱ মতলব বুবিয়াই যেন ‘ৱাক্স’ এমন দুর্দিন্ত

হইয়া উঠিল যে, শুধুই দাঁত দিয়া সে ফাঁসের দড়ি টুকুৰা টুকুৰা করিয়াই থামিল না। পিছন পায়ের ভীষণ আঘাতে দুই তিন জনকে একেবারে যমালয়ে পাঠাইল। কিন্তু হায়, চতুর মানুষের দুষ্ট বুদ্ধির কাছে সে কতক্ষণ টিকিবে। সারারাত প্রাণপণে বাধা দিয়া শেষে ভোরের বেলা ধূরা পড়িয়া গেল এবং একটা আকাশভেদী তীব্র হ্রেষায় সেই বিপদবাঞ্চা নিন্দিত প্রভুকে জানাইয়া, চোরদের দৃঢ় আকর্ষণে বাধ্য হইয়া পশ্চাত্ অনুগমন করিতে লাগিল।

দ্বিতীয় পরিচ্ছেদ

কন্তাম

‘জিহুন’ নদীর উত্তরে যেমন ‘তুরাণ’ দেশ, দক্ষিণেও তেমনি ‘ইরাণ’ দেশ খণ্টপূর্ব ৬০০ শতাব্দীতে পৃথিবীতে দুইটি মহা প্রতাপশালী রাজ্য বলিয়া বিখ্যাত ছিল। এখনকার দিনে সেই ‘জিহুন নদী—‘আমুদরিয়া’ এবং ‘তুরাণ দেশ’—‘তুর্কীস্থান’ ও ‘ইরাণ প্রদেশ’ যেমন ‘পারস্য’ নামে খ্যাত হইয়া উঠিয়াছে, তখন তেমনি ‘ইরাণ’ ও ‘তুরাণ’ নামেই তাহাদের ঐশ্বর্য্য সম্পদ এবং শৌর্য্যবীর্য্যের জন্য পৃথিবীর লোকের কাছে বিস্ময়, শুক্রা ও সম্মানের সামগ্ৰী হইয়া উঠিয়াছিল।

কিন্তু ‘ইরাণ’ ও ‘তুরাণের’ ভাগ্যে বিধাতা শান্তি লিখেন নাই। নদীর দুই ধারে সামনা সামনি দুইটি রাজ্য পরম্পর

পরম্পরের প্রতিদ্বন্দ্বী হইয়া একে অন্তের ধ্বংসের জন্য সর্ববদ্ধ চেষ্টা করিত। তাহার ফলে সর্ববদ্ধাই যুদ্ধ বিগ্রহ উপস্থিত হইত, তাহাতে উভয় দেশবাসিগণেরই শান্তি নষ্ট করিয়া তাহাদিগকে অতিষ্ঠ করিয়া তুলিত। জিহুন নদী খুব প্রশস্ত হইলেও পার্বত্য নদী বলিয়া, সকল সময়ে গভীর জল থাকিত না বরং একমাত্র বর্ষাকাল ভিন্ন অন্য সময়ে লোকে ইঁটিয়া পারাপার হইতে পারিত। স্মৃতরাং তাহাতে বাধা না জন্মাইয়া ইরাণ ও তুরাণের কলহের স্থবিধাই করিয়া দিত।

ইরাণের বাদশার অধীনে যেমন এক একটি প্রদেশ লইয়া এক একজন ছোট ছোট রাজা রাজত্ব করিতেন, তুরাণেও তেমনি অনেকগুলি ছোট খাট প্রাদেশিক রাজা ছিলেন। উভয় দেশের যুদ্ধের সময়ে এই সকল রাজারা নিজ নিজ সৈন্যসামন্ত লইয়া আপন আপন বাদশার সহায়তা করিতেন। তাহা ছাড়াও উভয় দেশেই অনেক বড় বড় বীর, যোদ্ধা, সাহসী ও শক্তিশালী পুরুষ, স্বাধীন ভাবে নিজ নিজ জায়গীর ভোগ করিয়া যুদ্ধকালে দেশরক্ষার জন্য যে যাহার নিজের বাদশার পক্ষ হইয়া প্রাণপাত করিতেও কুষ্ঠিত হইতেন না। রাজকর্ম্মচারী না হইলেও বাদশা হইতে দেশবাসী সকলের কাছেই ইহাদেরই প্রতিষ্ঠা, সম্মান ও শক্তি ছিল সব চেয়ে বেশী। যুদ্ধকালে বাদশাহের ইহাদিগকেই সসম্মানে আনাইয়া, যুদ্ধের সকল ভার তাঁহাদের উপর অর্পণ করিয়া নিশ্চিন্ত হইতেন। এই সকল মহামান্য জায়গীরদারদের

ভিতরে কি ইরাণ, কি তুরাণ, কোন দেশেই কুষ্টামের সমকক্ষ
বীর ও যোদ্ধা আর কেহ ছিল না।

তখনকার দিনে তীর-ধনু, বল্লম-তলোয়ার, লাঠি-গদা প্রভৃতি
অস্ত্রেই যুদ্ধ চলিত। কেহ কাহাকেও দণ্ড-যুক্তে আহ্বান
করিলে সে যেমন তাহা উপেক্ষা করিতে পারিত না, তেমনি
স্থায় ও ধর্ম ভাবিয়া উভয় দলের অন্তান্ত যোদ্ধা ও সৈন্য-
সামন্তগণ তাহাতে হস্তক্ষেপ না করিয়া নিরপেক্ষ ভাবে
যুদ্ধ প্রত্যক্ষ করিত। সে যুক্তে যাহার জয় হইত তাহার
পক্ষই জয়ী বলিয়া ঘোষিত হইত; অপর পক্ষ তখন পরাজয়
স্বীকার করিয়া পলায়নপর হইত। সুতরাং উভয় দেশের লোকের
কাছেই যে সেই মহাবীর, তুল্য সম্মান ও শুঙ্কা লাভ
করিয়া, অন্ত সকলের উপরে স্থান পাইবেন তাহাতে আর
আশ্চর্য কি? মহাবীর কুষ্টামও তাহার অসামান্য শক্তি
ও রণদক্ষতায় বহুবার শক্র ধ্বংস করিয়া উভয় দেশের
লোকের কাছেই তেমনি পূজনীয় ও সম্মানভাজন হইয়া
উঠিয়া ছিলেন।

কুষ্টামের বাস ইরাণ প্রদেশের রাজধানী ‘সিস্তানের’
কিছু দূরে ‘জাবুলিস্থানে’। সেখানে তাহাদের বংশ উচ্চ
ও সন্ত্রাস বলিয়া খ্যাত ছিল, তাহার বৃন্দ পিতা এবং ভাতাও
গৃহে বাস করিয়া রাজসম্মান প্রাপ্ত হইতেন। বীর ও
যুদ্ধপণ্ডিত হইলেও, কুষ্টাম তাহার পিতা ও ভাতার
মত নিশ্চিন্ত হইয়া গৃহে বাস করিতেন না। তাহার অন্তুত

বীর্য ও রণপাণ্ডিত্য দেখিয়া ইরাণের বাদশা ‘কাইকুস’ তাহাকে সর্ববদ্ধাই দেশ-রক্ষার জন্য সমস্মানে আহ্বান করিয়া ‘শক্র-গণের বিপক্ষে যুদ্ধে নিয়োজিত করিয়া রাখিতেন।

এইরূপে প্রবল পরাক্রান্ত আততায়িগণের কবল হইতে দেশ ও বাদশাকে বহুবার রক্ষা করিয়া বীর রুস্তাম ‘কাইকুসকে’ এমন ভাবে সিংহাসনে সুপ্রতিষ্ঠিত করিয়া দিয়াছিলেন যে, কোন শক্র আর রাজ্যলোভে ইরাণ আক্রমণ করিতে সাহস করিত না। কিন্তু এই বাদশাহ এমন দুর্বলচিত্ত, অবিচারক ও অযোগ্য ছিলেন যে, প্রতিবাসী তুরাণীগণ অসন্তুষ্ট হইয়া তাহার বিরুদ্ধে ক্ষেপিয়া উঠিয়া এমন অশান্তি সৃষ্টি করিয়া তুলিয়াছিল যে তাহাতে ‘কাইকুস’ সুস্থির থাকিতে পারেন নাই।

তুরাণের বাদশা ‘আফ্রিয়াজাবের’ সাহায্য করিবার জন্য রুস্তামের মত অদ্বিতীয় বীর যোদ্ধা কেহই ছিল না, তবুও তিনি ‘কাইকুসের’ আচরণে রাগিয়া যে যুদ্ধান্ত জালাইয়া তুলিয়াছিলেন তাহাতে দেশে অশান্তির অবধি ছিল না। বীরবর রুস্তাম বহুবার তুরাণীগণকে হারাইয়াও যুদ্ধান্ত একেবারে নিবাহিতে পারেন নাই। শেষে প্রাণপাত চেষ্টা, বীরত্ব ও রণ-পাণ্ডিত্যে যখন তাহা নির্বাণ করিয়া শান্তি স্থাপিত করিয়াছিলেন তখনও—‘কাইকুসের’ আচরণ স্মরণ করিয়া তিনি ভাবিতেন যে এ শান্তি দেশের লোকের ভাগ্যে বেশী দিন স্থায়ী হইবে না।

দেশেৱ ভবিষ্যৎ চিন্তায় কুস্তামেৱ হৃদয় পীড়িত ও মস্তিষ্ক
এমন-উত্তপ্ত হইয়া উঠিল যে, তিনি আৱ স্থিৱ হইয়া থাকিতে
পাৰিলেন না ; মনোভাৱ লাঘব কৱিবাৱ জন্য একাকী অন্ত
শন্তে সুসজ্জিত হইয়া প্ৰিয় অশ্ব ‘ৱাক্সে’ চড়িয়া মৃগয়ায়
যাবা কৱিলেন। কুস্তাম যেমন অবিতীয় বীৱ তেমনি তাঁহার
ঘোড়াৰও জোড়া সাৱা ইৱাণ কি তুৱাণে কোথাও ছিল
না। লোকে যেমন কুস্তামেৱ পানে চাহিয়া বিশ্বয়ে স্তুক
হইয়া থাকিত, তেমনি তাঁহার ‘ৱাক্সকে’ দেখিয়াও অবাক
না হইয়া থাকিতে পাৰিত না। কুস্তাম ও ৱাক্স যে পৱন্পৱ
পৱন্পৱকে প্ৰাণেৱ অধিক ভালবাসিত সে সম্বন্ধে বহু গল্প,
দেশময় প্ৰচাৱিত হইয়া লোকেৱ বিশ্বয়েৱ মাত্ৰা শত শতে
বাড়াইয়া দিয়াছিল।

তখন ইৱাণ তুৱাণ উভয় দেশে শান্তি বিৱাজিত থাকিলেও
কোন দেশেৱ কোন লোকই বড় রকম দলবদ্ধ না
হইয়া জিহুন পার হইয়া একে অন্যেৱ দেশে যাইতে সাহস
কৱিত না। তন্ত্ৰিন—কি ইৱাণ, কি তুৱাণ—জিহুন নদীৱ
উভয় কূলেই ঘন বন ও পাৰ্বত্য উপত্যকায় মৃগয়াৱ পশ্চ-
পক্ষী এমন প্ৰচুৰ পৱিমাণে মিলিত যে, কোন দেশেৱ
শিকাৰীৱ দলেৱ আৱ সে জন্য অপৱেৱ দেশে যাইবাৱ
আবশ্যক হইত না।

‘ৱাক্সে’, চড়িয়া বীৱবৰ কুস্তাম যখন মৃগয়ায় বাহিৱ
হইলেন, তখন পাৰ্বত্য পথে ও বনৱাজিৱ ভিতৱে ঘুৰিয়া

প্ৰকৃতিৰ শোভা দেখিতে দেখিতে তাহাৰ মনেৰ ভাৱ যে
কখন দূৰ হইয়া গেল—তা জানিতেও পাৰিলেন না। তাহাৰ
অন্তঃকৰণ অপূৰ্ব পুলকে ভৱিয়া উঠিল, উৎসাহে উৎফুল্ল
হইয়া ক্ৰমেই অগ্ৰসৱ হইয়া চলিলেন।

সমুখেই জিহ্ন নদী—শীৰ্ণ দেহ লইয়া উপলব্ধেৰ উপৱে
অলসেৰ মত পড়িয়া রহিয়াছে, ওপাৱে গভীৰ বনৱাজি পাহাড়-
শ্ৰেণীৰ কোলে পটে আঁকা ছবিৰ মতই চিত্ৰাকৰ্ষক ! কুন্তাম
নদীতীৰে আসিয়া ক্ষণকাল নীৱেৰে দাঢ়াইয়া সেই সৌন্দৰ্যেৰ
পানে মুঞ্ছদৃষ্টিতে চাহিয়া রহিলেন। যতই দেখিতে লাগিলেন
ততই পিপাসা বাঢ়িল। ওই অফুৰন্ত সৌন্দৰ্যেৰ অন্তৱালে
যে আৱণ্ণ কি অপূৰ্ব রহস্য লুকাইত আছে তাহা দেখিবাৰ
জন্য চিত্ৰ চঞ্চল হইয়া উঠিল। নিতীক বীৱি অন্যমনে নদী
পাৱ হইয়া তুৱাগেৰ বনভূমিতে প্ৰবেশ কৱিলেন।

বেলা গড়াইয়া আসিয়াছিল, নানাপ্ৰকাৱেৰ পক্ষ মনেৰ স্থথে
বিচৰণ কৱিতেছিল—অশ্বপদশব্দে তাহাৱা চীৎকাৱ কৱিয়া
অদৃশ্য হইতে লাগিল। কিন্তু কুন্তামেৰ ভ্ৰমণেৰ নেশা
বাঢ়িল বই কমিল না—তিনি অশ্ব ছুটাইয়া চলিলেন। শেষে
সন্ধ্যা হইয়া আসিতেছে দেখিয়া আহাৱেৰ চিন্তাৰ উদ্বেক
হইল। শীকাৱেৰ সন্ধানে নদীৰ দিকে ফিরিতেই যে হৱিণেৰ
দল দৃষ্টি আকৰ্ষণ কৱিল তাহাতে লুক না হইয়া থাকিতে
পাৰিলেন না, এবং সন্ধ্যাৰ পূৰ্বেই একটাকে হত্যা কৱিয়া
আহাৱেৰ সংস্থান কৱিয়া লইলেন।

কিন্তু কন্তামের আর ফিরিবার ইচ্ছা হইল না, বনভ্রমণের নেশাং তাঁহাকে এমন মাতাইয়া তুলিয়াছিল যে সেই খানেই উপযুক্ত স্থান দেখিয়া লইয়া রাত্রের মত নিশ্চিন্ত হইয়া বিশ্রামে মন দিলেন।

তৃতীয় পরিচ্ছেদ

রাজ-গৃহে

অধ্যের ত্রেষায় চমকিয়া হঠাৎ যখন তাঁহার নিদ্রা ভাঙ্গিয়া গেল, তখন উষার নবীন ঢটা পূর্বাকাশকে ঈষৎ উজ্জ্বল করিয়া তুলিয়াছিল। চক্ষু রগড়াইয়া চাহিতে প্রথমেই ঘোড়ার সাজের উপর দৃষ্টি পড়িল। একি!—‘রাক্স’ চরা করিয়া ফিরিয়া আসে নাই?

এই ঘোড়া এমন অভ্যন্তর হইয়াছিল যে, ঘরের বাহিরে গেলে সে তাহার প্রভুকে ছাড়িয়া একদণ্ডও তফাতে থাকিত না, তাড়া-তাড়ি চরা শেষ করিয়া লইয়া, ঘুমন্ত প্রভুর কাছে আসিয়া, প্রহরীর মত চুপ করিয়া দাঁড়াইয়া থাকিত; রণে কি ভ্রমণে—কখনও কোথাও এ নিয়মের ব্যতিক্রম হয় নাই। তবে আজ সে কোথায় গেল? কন্তাম চীৎকার করিয়া ডাকিলেন—“রাক্স” ‘রাক্স’ শীত্র আইস।”

কিন্তু আসা দূরে থাকুক, রাক্স একটা শব্দ পর্যন্ত করিল না। কন্তাম আশ্চর্য হইলেন। তাঁহার আহ্বানেও সে আসিল না—

এ ব্যাপার এমনি বিশ্বায়কর যে আর চুপ করিয়া থাকিতে পারিলেন
না—অশ্বের বিপদাশঙ্কায় অধীর হইয়া উঠিলেন। পুনঃ পুনঃ বন
কাঁপাইয়া চীৎকার করিতে লাগিলেন—“রাক্সু, রাক্সু!”

তখনও গাছের তলায়—বোপে-বাপে—অঙ্ককার অস্পষ্ট
হইয়া বিরাজ করিতেছিল। তাঁহার উচ্চ চীৎকার কানন
কাঁপাইয়া প্রতিধ্বনি তুলিল। গাছের উপর পাথীরা কলরব
করিয়া জাগিয়া উঠিল, কিন্তু রাক্সের সাড়া-শব্দ আসিল না।
তখন আর রুস্তামের মনে সন্দেহ রহিল না, অশ্বের যে কোন-
রূপ বিপদ ঘটিয়াছে তাহা নিশ্চয় বুঝিয়া, তৎক্ষণাৎ অঙ্গে
করিতে চলিলেন।

ক্রমে আকাশ ফরসা হইল, বনের ভিতর আলোক-প্রবেশ
করিল, রুস্তাম দেখিলেন একস্থানে কতকগুলি মনুষ্যপদচিহ্নের
সঙ্গে ঘোড়ার পায়ের দাগ রহিয়াছে; দেখিয়া তিনি চমকিয়া
দাঁড়াইলেন, তাল করিয়া লক্ষ্য করিয়া দেখিলেন যে সেই পদ-
চিহ্নগুলি বরাবর উত্তর দিকে চলিয়া গিয়াছে। তখন আর
রুস্তামের বুঝিতে বিলম্ব হইল না যে, তাঁহার নির্দিত অবস্থায়
তুরাণীরা সেই বনে আসিয়া তাঁহার অশ্বকে যে কোন কোশলেই
হউক চুরি করিয়া লইয়া গিয়াছে। রুস্তামের আর ক্রোধের
সীমা রহিল না—তিনি আর কিছুমাত্র চিন্তা না করিয়া তৎক্ষণাৎ
সেই সকল পদচিহ্ন অনুসরণ করিয়া অশ্বের অঙ্গে চলিলেন।

বনের বাহিরে আসিয়া পদচিহ্নগুলি যে দিকে অঙ্কিত হইতে
হইতে ক্রমেই মিলাইয়া আসিতেছিল—সেইদিকে ‘সামান গান’

(বর্তমান সমরথণ) নামে একটি ছেট রাজ্য ছিল। সেখানে এক শুরাণী রাজা বাদশা ‘আফ্রিজিয়াবের’ অধীনে রাজত্ব করিতেন। ঘোড়াচোরেরা সেই দিকে গিয়াছে অনুমান করিয়া কন্তাম ‘সামানগান’ অভিমুখে চলিলেন। বেলা বাড়িবার সঙ্গে সঙ্গে ক্রমে সূর্য প্রথর হইতে লাগিল; কন্তামও সামানগান নগরের প্রান্তসীমায় আসিয়া পড়িলেন। সেখানে রাজার প্রহরিগণ পথে পাহারা দিতেছিল, তাহারা দূর হইতে কন্তামকে দেখিয়াই চিনিল এবং অশুভ আশঙ্কা করিয়া অতিক্রম রাজাকে সংবাদ দিতে চুটিল।

মহাবীর কন্তামের আকস্মিক আগমনসংবাদ শুনিয়া রাজা যেন একেবারে আকাশ হইতে পড়িলেন। তাঁহার বীরত্ব ও কার্যকলাপ জানিতে কাহারও বাকী ছিল না। যে কন্তাম তাঁহার প্রাণাধিক প্রিয় অশ ছাড়া এক পা কোথাও যাইতেন না—তাঁহার পদব্রজে বহুদূর সামানগানে হাঁটিয়া আসার সংবাদ কিছুতেই শুভসূচক মনে করিতে পারিলেন না। আশঙ্কায় তাঁহারও মুখ শুকাইল—বুক কাঁপিয়া উঠিল। কিন্তু সে ভাব দমন করিয়া অতিথিবৎসল রাজা উপযুক্ত সমারোহে বীর-অতিথিকে সম্বর্দ্ধনা করিতে তৎক্ষণাত্ম বাহির হইবেন স্থির করিলেন, কিন্তু তখনকার দিনে বীরত্বের সম্মান ও সমাদর অধিক থাকিলেও সে অঞ্চলের সর্ববশ্রেষ্ঠ বীরকে তেমনভাবে পদব্রজে একাকী আসিতে শুনিয়া রাজা আর কিছুমাত্র জাঁকজমক প্রদর্শন করিতে পারিলেন না, তিনিও পদব্রজে একমাত্র অনুচর সঙ্গে লইয়া অতিথিকে আহ্বান করিতে চলিলেন।

মধ্যপথেই কুষ্টামের সহিত তাঁহার সাক্ষাৎ হইয়া গেল।
বীরোচিত সম্মান প্রদর্শন করিয়া বিনয়ের সহিত কহিলেন—*

“মহাবীর কুষ্টামের পদার্পণে আজ আমার দেশ ধন্ত হইয়াছে।
আমার বহু ভাগ্য যে গৃহবারেই আপনার সাক্ষাৎ লাভ করিলাম!
আস্তুন—অনুগ্রহ করিয়া আমার গৱীবখানায় পদধূলি দিয়া
আমাকে কৃতার্থ করুন।”

কুষ্টামেরও বীরের উপযোগী সৌজন্যের অভাব ছিল না,
কিন্তু প্রাণাধিক রাক্সকে হারাইয়া তখন তাঁহার হৃদয় ক্ষেত্রে
ও দুঃখে অধীর হইয়া উঠিয়াছিল। বিশেষতঃ এই রাজারই
ইঙ্গিতে তাঁহারই অনুচরের দ্বারা রাক্স অপস্থত হইয়াছে
তাবিয়া তাঁহার দর্শনে বীরের হৃদয় জলিয়া উঠিয়াছিল।* তিনি
প্রত্যুত্তরে অসহিষ্ণুতাবে বলিয়া উঠিলেন—

“আমি আপনার আতিথ্যগ্রহণের ইচ্ছায় এখানে আসি নাই
মহারাজ, আপনারই দেশের—আপনারই প্রজার দ্বারা আমার অশ্ব
অপস্থত হইয়াছে—পদচিন্ত অনুসরণ করিয়া তাহারই উদ্ধারে
আসিয়াছি। আমার অশ্ব শীঘ্ৰ আমাকে ফিরাইয়া দিবাৰ ব্যবস্থা
কৰুন, খুসী হইয়া চলিয়া যাইতেছি, নচেৎ যে আগুন জালিব
তাহাতে শুধু যে সামান্যান্বের শান্তি নষ্ট হইবে এমন নয়, সমস্ত
তুরাণ প্রদেশ পুড়িয়া ভস্য হইয়া যাইবে।”

রাক্স ঘোড়া যে কুষ্টামের ক্রিপ প্রাণাধিক প্রিয়, সে কথা
কাহারও অবিদিত ছিল না। স্বতরাং কুষ্টামের আচরণে রাজা
হৃদয়ে আঘাত পাইলেও মনে মনে অসন্তুষ্ট হইতে পারিলেন না,

বৱং সহদয়বান্ নৃপতি তাহার অবস্থায় দৃঃখিত হইয়া সহানুভূতি-সূচক বিনয়বচনে কহিলেন—

“আপনাৰ অশ্ব অপহৃত হইয়াছে শুনিয়া অত্যন্ত দৃঃখিত হইলাম এবং তাহা যে এই দেশেৰ লোকেৰ দ্বাৰাই হইয়াছে তজ্জন্ম বড়ই অনুতপ্ত ও লজ্জিত হইতেছি। কিন্তু আপনাৰ দেশপ্ৰসিদ্ধ, অদ্বিতীয় বিজয়ী অশ্বকে যে কাহারও লুকাইয়া রাখিবাৰ শক্তি হইবে না, তা আপনিও বুবিতেছেন। অবিলম্বেই তাহার অনুসন্ধান মিলিবে। দয়া কৱিয়া আমাৰ গৱীবথানায় আসিয়া বিশ্রাম কৰুন, আমি এই দণ্ডেই তাহার অন্বেষণে চারিদিকে লোক পাঠাইতেছি। অপরাধীগণকে অশ্বেৰ সহিত ধৰিয়া আনিয়া আপনাৰ হস্তেই অৰ্পণ কৱিব। তাহাদেৱ বিচাৰ আপনিই কৱিবেন।”

রাজাৰ মহত্ত্ব ও সহদয়তা দেখিয়া কুস্তাম মনে মনে যেমন বিস্মিত ও মুঞ্ছ হইয়া গেলেন—তেমনি নিজেৰ সৌজন্যেৰ অভাৱ স্মৱণ কৱিয়া তাহার অনুতাপেৰ সীমা রহিল না। লজ্জায় সারা মুখখানি রক্তবর্ণ হইয়া উঠিল, সহসা উত্তৰ কৱিতে পাৱিলেন না—নতমুখে অপ্রস্তুতভাৱে নীৱবে দাঢ়াইয়া ইতস্ততঃ কৱিতে লাগিলেন। রাজা তাহার মনেৰ ভাৱ বুবিয়া হাসিয়া কহিলেন—

“আমুন বীৱ, একপ দুঃখটীনায় সকলেৱই চিত্ৰ চক্ষুল ও রূচি হইয়া থাকে, সেজন্ম লজ্জিত হইবাৰ কোন কাৰণ নাই। আমি ৰুদ্ধ—আপনাৰ পিতৃস্থানীয়, আমাৰ কাছে আপনাৰ কোন আচৰণই অশোভনীয় নয়। এখন, দয়া কৱিয়া আমুন, পৱিশ্রামে ও চিন্তায়

আপনি ক্লান্ত হইয়াছেন, আমার গরীবখানায় পদার্পণ করিয়া
আমাদের আনন্দবর্দ্ধন ও আপনার শ্রান্তি দূর করুন।”

কন্তাম আর আপত্তি করিতে পারিলেন না, রাজার সৌজন্যে
বিমুক্ত হইয়া তাঁহার সঙ্গে সঙ্গে রাজ-প্রাসাদে গমন করিলেন।
সেখানে তাঁহার সম্বন্ধনার জন্য যে সকল আয়োজন প্রস্তুত ছিল,
তাহাতে তিনি মনে মনে রাজার প্রতি অত্যন্ত কৃতজ্ঞ হইয়া
মুক্তকর্ত্ত্বে তাঁহার সাধুবাদ ও যশোগান না করিয়া থাকিতে
পারিলেন না। রাজাও আপন প্রতিভা অনুযায়ী ‘রাক্সের’
অন্নেষণের জন্য তৎক্ষণাত্ চারিদিকে অনুচর প্রেরণ করিলেন।

চতুর্থ পরিচ্ছেদ

তামিনা

সামানগানে রাজকুমারী ‘তামিনা’র মত পরম সুন্দরী ও
ধর্ম্মশৈলা মেয়ে সমস্ত তুরাণ দেশের ভিতরে আর ছিল না
বলিলেও হয়। তাঁহার গৌরবে পিতামাতার গৌরব যেমন
বাড়িয়াছিল, তেমনি একটা দুঃখ, একটা চিন্তা তীক্ষ্ণ সূচির মত
নিরন্তর তাঁহাদের হস্তয়ে বিঁধিয়া বেদনা দিতেছিল। তামিনাকে
কিছুতেই তাঁরা বিবাহে সম্মত করাইতে পারেন নাই।

এদিকে মেয়ের বিবাহের বয়স যতই উত্তীর্ণ হইয়া যাইতেছিল,
ততই তাঁহার অসামান্য রূপ গুণের কথা শুনিয়া দলে দলে
তুরাণের যত বীর, যোদ্ধা, রাজা ও রাজকুমারগণ নিয়ত

‘সামানগান’ রাজবাটীতে আসিয়া রাজাৰ কাছে তাহার পাণি
প্রার্থনা কৱিতেছিলেন। কিন্তু তামিনা যতই তাহাদিগকে নিৱাশ
কৱিয়া ফিরাইতেছিলেন, ততই যেন তাহাদেৱ আনাগোনা আৱাও
বাড়িয়া গেল। ক্ৰমে অবস্থা একপ দাঁড়াইল যে, সেই উপলক্ষ
কৱিয়া দেশেৱ ভিতৱে একটা আত্ম-বিচ্ছদেৱ সূচনা জাগিয়া
উঠিতে লাগিল। সেই জন্য রাজাৰাণীৰ ভাবনাৰ অবধি
না থাকিলেও বয়স্তা কন্তাৰ অমতে জোৱ কৱিয়া বিবাহ
দিয়া তাহাকে চিৰ দুঃখতাগিনী কৱিতেও তাহাদেৱ হৃদয়ে
একটা গভীৰ বেদনা উঠিতেছিল। তেমনি দিনে ইৱাণেৱ
মহাবীৰ রুস্তাম আসিয়া ঘটনাচক্ৰে রাজগৃহে অতিথি হইয়া
ৱাহিলেন।

রাজা তাহার অশ্বেৱ অনুসন্ধানেৱ জন্য চারিদিকে লোক
পাঠাইয়া নিয়ত চেষ্টা কৱিলেও, সন্ধান শীত্র মিলিল না। অশ্বেৱ
সন্ধান লইতে বিলম্ব হইতে লাগিল, রুস্তামকেও বাধ্য হইয়া
সেখানে থাকিয়া যাইতে হইল।

রাজা তাহার অতিথিৰ উপযোগী সমাদৰ ও সম্মানেৱ কৃটি
ৱাখেন নাই। একটি সুৱাম্য সুসজ্জিত কক্ষে তাহার স্থান
নিৰ্দিষ্ট কৱিয়া অনেকগুলি বান্দা-বাঁদী সুশ্ৰূষাৰ জন্য নিযুক্ত
কৱিয়া দিয়াছিলেন। তাহাদেৱই একজনকে নিভৃতে ডাকিয়া
তামিনাৰ প্ৰধান বাঁদী একদিন চুপি চুপি কহিল—

“আজ রাত্ৰে তোদেৱ প্ৰতুৰ ঘৰেৱ পশ্চিমেৱ দৰজা
খুলিয়া বাখিস্।”

কন্তামেৰ বাঁদী আশৰ্য্য হইয়া জিজ্ঞাসা কৱিল—“হুম্ম
দেখাইতে পাৰ ?”

“এই দেখ শাজাদীৰ পাঞ্জা, আজ রাত্ৰে তিনি পতিৰ
চৱণ পূজিতে আসিবেন।”

“কে ঠার পতি ?”

“জানিস্ব না—তিনি যে বীৱৰৰ কন্তামেৰ বীৱৰভৰেৰ কাহিনীতে
মুঞ্ছ হইয়া বহুদিন হইতেই তাঁহাকে মনে মনে বৱণ কৱিয়া রাখিয়া-
ছেন, কেবল ভয়ে প্ৰকাশ কৱিতে পাৱেন নাই।”

“কেন, ভয় কিসেৱ—এতো ভাল কথা।”

“কথা তো ভাল, কিন্তু ভয়ও তেমন খুবই ছিল। এতদিন
ইৱণীৱা আমাদেৱ পৰম শক্তি ছিল কি না—হই দলে
সৰ্ববদ্বাই ঘুন্দ লাগিয়াই ছিল। তখন এ কথা প্ৰকাশ পাইলে
কি রক্ষা থাকিত ! বাদশাৰ কাণে উঠিলে আমাদেৱ রাজাকে
সৰ্বস্বান্ত হইতে হইত। তাই এ কথা তিনি ঘুণাকৰেও
কাহারও কাছে প্ৰকাশ কৱেন নাই। এখন উভয় পক্ষে
সন্ধি হইয়া সে ভয় ঘুচিয়াছে বটে, কিন্তু কন্তামেৰ মনোভাব
তো জানা নাই, যদি তিনি সম্মত না হন, তা' হইলে আগে
হইতে মনোভাব প্ৰকাশ কৱিয়া শাজাদী কি কলঙ্কেৱ
বোৰা মাথায় কৱিয়া লইবেন ?”

“তবে যে বলিলি শাজাদী আসিবেন ?”

“দূৰ আহাম্মোক, শাজাদীৰ হইয়া আমাকেই গিয়া ঠার
মনোভাব আগে জানিতে হইবে। যদি সম্মত হন তা হইলে

আমাৰ কথায় বিশ্বাস হইবে না বলিয়া শাজাদী একবাৰ
মাত্ৰ বিদ্যুতেৰ মত দ্বাৰদেশে চকিতে দেখা দিয়াই সৱিয়া
যাইবেন। আমি রাজাৰ কাছে কন্তামকে বিবাহেৰ প্ৰস্তাৱ
কৱিবাৰ জন্য অনুৱোধ কৱিব।”

কন্তামেৰ বাঁদী একটুখানি কি ভাৰিয়া কহিল—

“ওঁ, বুঝিলাম—এই জন্যই দেশেৰ এত বড় বড় লোককে
শাজাদী নিৱাশ কৱিয়া ফিৱাইয়া দিতেছেন। কিন্তু কন্তাম
কি এ কথা জানেন না ?”

“কেমন কৱিয়া জানিবেন ? শাজাদীৰ মনেৰ কথা
এতদিন মনেই চাপা ছিল—আমিই সৰ্বপ্ৰথম আজ শুনিয়াছি,
আৱ এই তুই শুনিলি।”

“কিন্তু কন্তাম যদি রাজী না হন ?”

“সেই জন্যই তো আমি তাৰ মন বুঝিতে আসিব। যদি
রাজী হন মঙ্গল, না হন তো আমাদেৱ শাজাদীৰ বৰাতে
বড় দুঃখ আছে, তিনি ফকিৱী লইয়া মকায় চলিয়া যাইবেন
প্ৰতিজ্ঞা কৱিয়াছেন।

কন্তামেৰ বাঁদী একেবাৰে যেন আকাশ হইতে পড়িল
—ক্ষণকাল নিৰ্বাক হইয়া তাহাৰ মুখেৰ পানে চাহিয়া
ৰহিল, তাৰপৰ একটা লম্বা নিশ্বাস ফেলিয়া কহিল—

“রাজী না হন—কন্তাম ছাড়া কি আৱ অন্য মানুষ নাই,
কত বড় বড়—”

বাধা দিয়া শাজাদীৰ বাঁদী গন্তীৰ ভাবে কহিল—

“এ কি তোর আমার কথা রে পোড়ারমুখী, সতী নারীর কথাই আলাদা। তাঁরা হাসিতে হাসিতে প্রাণ দিতে পারেন—কঠোর দুর্ভাগ্যকে বরণ করিয়া লইতে পারেন, কিন্তু যাঁহাকে মনে মনে স্বামী বলিয়া গ্রহণ করিয়াছেন, তাঁহাকে খুলিয়া অন্ত্যের কণা মুহূর্তের জন্যও মনে ভাবিয়া দ্বিচারণী হইতে পারেন না। কন্তাম যদি শাজাদীকে বিবাহ করিতে অনিচ্ছুক হন, তা’ হইলে বেচারার—এক মৃত্যু ভিন্ন—আর কোন গতি নাই।” বলিয়া শাজাদীর বাঁদী চলিয়া গেল।

পঞ্চম পরিচ্ছেদ

বিবাহ

গভীর রজনী—সমস্ত রাজধানী নিদ্রার কোলে অচেতন হইয়া মরার মত পড়িয়া আছে, কোথাও সাড়াশব্দ নাই, পশ্চপক্ষী পর্যন্ত নিষ্কৃক। কেবল মাঝে মাঝে বিল্লির রব আর বাতাসের সৌ সৌ শব্দ দূর হইতে প্রেতের নিশাসের মত ভাসিয়া আসিতেছে।

সামান্যানন্দের রাজপ্রাসাদও ঘুমের কোলে একেবারে নিসাড়—স্তুক হইয়া পড়িয়াছে। কন্তাম আপন কক্ষে শয়ন করিয়া প্রায় মধ্যরাত্রি পর্যন্ত নানা চিন্তায় কাটাইয়া দিয়া সেই সবে ঘুমাইয়া পড়িয়াছিলেন।

হঠাৎ কক্ষের পশ্চিমের দরজা নিঃশব্দে খুলিয়া গেল

এবং ততোধিক নিঃশব্দে এক কৃষকায় রমণী ধীৱে ধীৱে
প্ৰবেশ কৱিয়া তাহার পদতলে দাঁড়াইল। মাথাৱ কাছে
দীপালোকে তাহার ঘূমন্ত মুখখানি ঢলচল কৱিতেছিল, নিশ্চাস
প্ৰশাসেৱ সঙ্গে সঙ্গে সুগঠিত বিশাল বক্ষস্থল তালে তালে
নাচিতেছিল। রমণী অবাক দৃষ্টিতে চাহিয়া রহিল।

যুমেৱ ঘোৱে কুস্তামেৱ মুখ উজ্জল হইয়া হঠাৎ বিদ্যুতেৱ
মত একটুখানি ক্ষীণ হাসি চকিতে অধৱ প্ৰাণ্তে মিলাইয়া
গেল। রমণী বুঝিলেন—বীৱ কোন বীৱত্বেৱ সুখস্বপ্ন
দেখিতেছেন।

সত্যই কুস্তাম স্বপ্ন দেখিতেছিলেন কিন্তু বীৱত্বেৱ নয়।
তিনি যেন বাহুবলে এক অপৱিচিত মনোহৱ রাজ্য জয়
কৱিয়া সেইখানে কুস্তম কাননে ভ্ৰমণ কৱিতেছিলেন। চারিদিকে
ফুলেৱ মেলা—সৌন্দৰ্য্যেৱ খেলা পড়িয়া গিয়াছিল। ফুলেৱ
গন্ধে প্ৰাণে যেমন একটু মন্ততাৱ আবেশ আনিয়া দিতেছিল,
বাতাসে তেমনি যেন কোন নৃতন জীবনেৱ সাড়া আনিয়া
চারিদিকেৱ জড় প্ৰকৃতিৱ বুকেও প্ৰাণসঞ্চাৱ কৱিয়া দিতেছিল।
কুস্তাম মুঢ় হৃদয়ে বেড়াইতে বেড়াইতে উপৱ পানে চাহিলেন।

সেখানেও মেঘে মেঘে সৌন্দৰ্য্যেৱ ছড়াছড়ি ! নানা
বৰ্ণেৱ বিচিৰি মেঘগুলি এ উহার গায়ে পড়িয়া আমোদে ঢল-
ঢলি কৱিতেছিল। হঠাৎ যেন কোন কুহকবলে মেঘগুলি
ঠিক সমানভাৱে দুই পাশে সৱিয়া গেল। মাৰখানে সূৰ্য-
ৱশিৱ মত বৰ্কবকে সোণাৱ প্ৰাঙ্গণে একখানি ততোধিক

উজ্জল সোণার সিংহাসন চক্রক করিয়া উঠিল। সেই সিংহাসন হইতে নামিয়া এক স্বর্ণকান্তি দেবী ফুলের মত এক দেবশিশুকে কোলে লইয়া তাঁহার দিকে অগ্রসর হইতে লাগিলেন।

কুষ্টাম আর স্থির থাকিতে পারিলেন না, শিশুর অমল হাশ্বের প্রবল আকর্ষণে অধীর হইয়া তাড়াতাড়ি দুই হাত-বাড়াইয়া আবেগভরে কোলে লইতে চুটিলেন। অমনি যেন তাঁহার পদতলের মাটি সহসা ভূমিকঙ্গে কাঁপিয়া উঠিল, আকাশে, বাতাসে খল খল অটুহাস্ত চুটিল। চারিদিক হইতে ‘মার-মার’ শব্দে অসংখ্য কৃষ্ণকায় দৈত্য ছুটিয়া আসিল, কুষ্টাম অস্ত্র তুলিয়া বাধা দিতে না দিতে তাহারা দেবীর কোল হইতে শিশুকে কাড়িয়া লইল, দেবী মুচ্ছিত হইয়া ভূতলে লুটাইলেন। কুষ্টাম প্রচণ্ড তরবারির আঘাতে দৈত্যকে বিনাশ করিতে গিয়া যেন কোন্ অদৃশ্য শক্তির প্রভাবে শিশুর শিরেই তরবারি হানিলেন, ফুলের শিশু চোখের পলকে দ্বিখণ্ডিত হইয়া ধরায় লুটাইল, ফোয়ারার মত তপ্ত রক্তধারা ছুটিয়া কুষ্টামের সর্ববাঞ্চ লাল করিয়া দিল।

কুষ্টাম অস্ফুট চীৎকার করিয়া শিহরিয়া জাগিয়া উঠিলেন। ঘামে তাঁহার শয্যা অবধি সিক্ক হইয়া গিয়াছিল, সর্ববাঞ্চ বাহিয়া স্বেদধারা শ্রাবণের ধারার মত ঝরিতেছিল। কুষ্টাম দুইহাতে চোখ রংড়াইয়া গা মুছিবার জন্য উঠিয়া বসিলেন, অমনি পদতলে দণ্ডায়মান কৃষ্ণকায় রমণীর উপর চক্র পড়িল। তিনি শিহরিয়া

মূঢ়ের মত মুহূৰ্তকাল চাহিয়া রহিলেন, তারপর প্রশ্ন করিলেন—
“কে তুই ?”

“হজুৱেৰ বাঁদী।”

“এখানে কি চাহিস্ ?”

“এক আৱজি লইয়া আসিয়াছি।”

“কাৰ আৱজি ?”

“শাজাদী-ৱাজকন্তা তামিনাৰ।”

“শয়তানি, তোৱ প্রাণেৰ তয় নাই ?”

বলিয়া কন্তাম কট্টমট কৰিয়া চাহিয়া যেন বিদ্যুৎ বৰ্ষণ করিলেন, কিন্তু বাঁদী কিছুমাত্ৰ ভীত না হইয়া দৃঢ়স্বৰে জবাব কৰিল—

“সতী পত্নীকে যে গ্ৰহণ না কৰিয়া নিৱন্ত্ৰ মৰ্মজুলা প্ৰদান কৰে, পৃথিবীৰ সৰ্বশ্ৰেষ্ঠ বীৱ হইলেও আমি তাহাকে মানুষেৰ মধ্যে গণনা কৰি না।”

বাঁদীৰ এই দুঃসাহসিক জবাব শুনিয়া এবং তাহার অটল অকল্পিত ভাৰ দেখিয়া কন্তাম আশৰ্চৰ্য হইয়া গেলেন, ক্ষণকাল মুখ দিয়া কথা সৱিল না, তারপৰে ধীৱে ধীৱে অপেক্ষাকৃত কোমল ভাবে প্ৰশ্ন কৰিলেন—

“কাৰ পত্নী—কে দুঃখ দিতেছে ?”

“জোনাবালি হজুৱেৱই—হজুৱাই তাহাকে অশেষ দুঃখ দিতেছেন।”

কন্তাম গভীৰ বিশ্বায়ে একেবাৱে স্তুক হইয়া চাহিয়া রহিলেন।

বাঁদী তাঁহার মনোভাব বুবিয়া একটুখানি কাছে সরিয়া আসিয়া চাপা গলায় কহিল—

“শাজাদী তামিনা বহুদিন হইতে ভজুৱকেই মনে মনে পতিতে বৰণ কৱিয়া আপনার অনুগ্রহের প্ৰত্যাশাতেই অশেষ দুঃখ নীৱে সহ কৱিতেছেন। তাঁহার বিবাহেৰ বয়স উত্তীৰ্ণ হইতে চলিয়াছে তবুও এদেশেৰ বিবাহার্থী শত শত রাজা, রাজপুত্ৰ ও বীৱগণকে নিয়ত প্ৰত্যাখ্যান কৱিয়া আপনার ধ্যান লইয়াই বসিয়া আছেন। কেহ মুহূৰ্তেৰ জন্য তাঁহার মুখদৰ্শনেৰ সৌভাগ্যও লাভ কৱিতে পাৱে নাই। সে জন্য রাজাৱাণীও অত্যন্ত চিন্তিত—এই লইয়া কে জানে কখন গৃহ-বিবাদ বাধিয়া উঠে? কিন্তু শাজাদীৰ মনেৰ অভিপ্ৰায় অবগত নহেন বলিয়া তাঁহারা কোন উপায় কৱিতে পাৱিতেছেন না। ভজুৱ রাজাৰ কাছে প্ৰস্তাৱ কৱিয়া তাঁহাকে বিবাহ কৰুন, এমন সতী-পত্ৰীকে এৱপ মনঃপীড়া দিতেছেন কেন?”

কুস্তাম যাহা শুনিলেন তাহাতে নিজেৰ শ্ৰবণকে বিশ্বাস হইল না, তখনো যেন সেই স্বপ্নেৰ প্ৰভাৱ চলিতেছে বলিয়া মনে হইল, তিনি বাৰম্বাৰ চক্ষু রংড়াইয়া বাঁদীৰ দিকে চাহিতে লাগিলেন। বাঁদী তাঁহার মনে সন্দেহ উপস্থিত হইয়াছে ভাবিয়া কহিল—“অবিশ্বাস কৱিবেন না, এই দেখুন তাঁৰ পাঞ্জা।”

“ও তুই চুৱি কৱিয়া আনিয়াছিস্।”

“তবে আৱও প্ৰত্যক্ষ দেখিতে চান—ওই দেখুন!”

বাঁদী যে দৱজা দিয়া ঘৰে তুকিয়াছিল সেই দিকে দেখাইয়া

দিল। কুস্তাম ঠিক যেন স্বপ্নাবিষ্টের মত চাহিয়াই স্তুক হইয়া গেলেন। তাঁহার মনে হইল যে ক্ষণপূর্বের সেই স্বপ্নে দৃষ্ট দেবী তাঁহারই পালঙ্ক সমীপে যেন চকিত বিদ্যুতের মত আপনার আবির্ভাব জানাইয়াই অদৃশ্য হইয়া গেলেন। বাঁদী উৎসাহিত হইয়া কহিল—

“দেখিলেন হজুৰ—আমার কথা মিথ্যা নয়, যতশীত্র সন্তুষ্টিৰ রাজাৰ কাছে শাজাদীৰ পাণি প্রার্থনা কৰিয়া সতী-পত্নীকে রক্ষা কৰুন।”

কুস্তামের আৱ সংশয় রহিল না, যতই ভাবিতে লাগিলেন ততই বাঁদীৰ কথা ক্ষুরেৰ মত তীক্ষ্ণ ধাৰে তাঁহার হৃদয় কাটিয়া কাটিয়া মৰ্মস্থলে গিয়া বসিতে লাগিল, কাণে কেবল বাজিতে লাগিল—

‘সতী-পত্নীকে উদ্ধার কৰুন।’

কুস্তাম আৱ স্থিৱ থাকিতে পারিলেন না, রাজাৰ কাছে, রাজকুমারীৰ পাণি প্রার্থনা কৰিলেন। রাজা ঘনে ঘনে আনন্দিত হইলেও কহিলেন—

“এই সত্ত্বে আপনার সঙ্গে তামিনাৰ বিবাহ দিতে পারি যদি ভবিষ্যতে আবাৰ কখনো ইৱাণে ও তুৱাণে বিৰোধ উপস্থিত হয়—আমাৰ কণ্ঠাকে এখানে রাখিয়াই আপনাকে একা দেশে যাইতে হইবে এবং তাহাকে আৱ কখনো সেখানে লইয়া যাইবাৰ দাবী কৰিতে পারিবেন না। কিন্তু আগে তামিনাৰ মত চাই।”

কুস্তাম সম্মত হইয়া কহিলেন—

“বেশ, আপনাৰ কণ্ঠা সম্মত হইলে, সৰ্বে অঙ্গীকাৱ
কৱিলাম।”

ৰাজা সন্তুষ্ট হইলেন এবং যখন তামিনাৰ সম্মতি জানিতে
পাৰিলেন তখন আৱ বিলম্ব কৱিলেন না। সামানগানবাসীৰ আনন্দ-
কোলাহলেৰ ভিতৰে কুস্তাম ও তামিনাৰ বিবাহ হইয়া গেল।
সেই উৎসবেৰ ভিতৰে ঈশ্বৰ প্ৰেৰিত শুভাশীষেৰ মত কুস্তামেৰ
ৱাকস্মও ৰাজকৰ্মচাৰিগণেৰ বিপুল চেষ্টায় মুক্তি পাইয়া প্ৰভুৰ
নিকটে ফিরিয়া আসিয়া আনন্দোচ্ছাস দশগুণ বাড়াইয়া দিল।

ষষ্ঠ পৱিচ্ছেদ

কিন্তু হায়, নবদৰ্শীৰ ভাগ্যে সে আনন্দ—সে স্থৰ্থ অধিক
কাল টিকিল না। কুস্তাম ইৱাণ পৱিত্যাগ কৱিবাৰ পৱ হইতে
বাদশা ‘কাইকুশেৰ’ খাম্খেয়ালী এবং অত্যাচাৰ নিত্যই বাঢ়িতে
লাগিল। তাহাৰ ফলে যে অচিৱেই আবাৰ ইৱাণ ও তুৱাণে
ঘোৰতৰ যুদ্ধ বাধিবে তাহা দেশবাসীৱা অনুমানে বুবিয়া বাদশাৰ
নিকটে গিয়া দেশেৰ শান্তি রক্ষাৰ জন্য নানা প্ৰকাৰ চেষ্টা
কৱিতে ছাড়িল না। কিন্তু কিছুতেই ফল হইল না।

বাদশা ‘কাইকুশ’ যা একটু ভয় বা গ্ৰাহ কৱিতেন তা—
একমাত্ৰ কুস্তামকে। কুস্তাম যতদিন স্বদেশে ছিলেন ততদিন
সাৰধানে সাৰধানে সামলাইয়া থাকিয়া তিনি যেন হাঁফাইয়া
উঠিয়াছিলেন। কুস্তামেৰ বিদায়েৰ সঙ্গে সঙ্গে তিনি যেন আৱামে

হাঁফ ছাড়িয়া বাঁচিলেন এবং পূৰ্বেৰ স্বতাৰ অনুযায়ী যথেচ্ছ আচৱণ ও অত্যাচাৰ-উপদ্রব আৱস্তু কৱিয়া দিলেন। কুস্তামেৰ বিদায়েৰ কিছুদিন পৱে ব্যাপার এমন হইয়া উঠিল যে দেশবাসী আবাৰ ভাৰী অশান্তিৰ আশঙ্কায় উৎকঢ়িত না হইয়া থাকিতে পাৰিল না।

ফলে ঘটিলও তাই। ইৱাচ ও তুৱাণেৰ মধ্যে যে সন্ধিপত্ৰ স্বাক্ষৰিত হইয়া শান্তি স্থাপিত হইয়াছিল, তাহা যখন একদল অসম্মান ও অগ্রাহ কৱিয়া উড়াইয়া দিল, তখন অপৰ দলই বা নিশ্চেষ্ট থাকিবে কেন? দেখিতে দেখিতে আবাৰ উভয় দলে ছোট-খাট দাঙা-হাঙামা সুৰু হইয়া ক্ৰমে যুদ্ধ বাধিয়া উঠিল। চারিদিকে রণডঙ্কা বাজিতে লাগিল, দেশময় হৈ হৈ পড়িয়া গেল।

এত শীঘ্ৰ আবাৰ এমন যে হইবে নবদৰ্শনতী তা স্বপ্নেও ভাবেন নাই। তাহারা মনেৰ সুখে নিশ্চিন্ত হইয়া কাল কাটাইতেছিলেন, এমন সময় যুদ্ধেৰ আহ্বান শুনিয়া কুস্তাম কহিলেন—

“আবাৰ দেশে যুদ্ধ বাধিয়াছে তামিনা, আমি তো আৱ এখানে এক মুহূৰ্ত বিলম্ব কৱিতে পাৰি না, দেশেৰ কাষে প্ৰাণ উৎসৱ কৱিতে চলিলাম, বিদায় দাও।”

কুস্তামকে বিদায় দিতে তামিনাৰ হৃদয় বিদীৰ্ঘ হইতে লাগিল, প্ৰাণ নিয়ত কাঁদিয়া উঠিতে লাগিল তবুও বীৱি-ৱমণী পতিকে যুদ্ধে গমনে বাধা দিতে পাৰিলেন না। কুস্তাম দুঃখিত স্বরে কহিলেন—

“একটা বৎসরও যে তোমার কাছে থাকিতে পাইব না,
 এত শীত্র আবার দেশে অশান্তির আগ্রহ জলিয়া উঠিবে, একথা
 আমি স্বপ্নেও ভাবি নাই। আমার এতকালের বিরাট রণশ্রম
 সমস্তই ব্যর্থ হইয়া গেল—মূর্খ ‘কাইকুসের’ নির্বুদ্ধিতা ও
 অত্যাচারই যে আবার যুদ্ধান্ত জালিয়া দিয়াছে তাহাতে সন্দেহ
 নাই, আমি এতকাল প্রাণপাত করিয়াও দেশে নিরবচ্ছিন্ন শান্তি
 স্থাপন করিতে পারিলাম না। হতভাগ্য ‘কাইকুসের’ স্বপক্ষ
 হইয়া অন্তর্ধারণ করিতে আর ইচ্ছা হয় না, কিন্তু দেশের আহ্বান
 অবহেলা করিতে পারি না। দেশ যখন বিপন্ন তখন আপনার
 মান-অপমান, অভিযোগ-অনুযোগ ও স্বার্থ সমস্তই বিসর্জন
 দিয়া ছুটিয়া যাইতেই হইবে, নহিলে আর মনুষ্যত্ব কি ?”

তামিনা গদ গদ স্বরে জবাব করিলেন—

“নিশ্চয়—নিশ্চয় প্রভু, এই তো তোমার মত বৌরের উপযুক্ত
 কথা ! যাও প্রভু, দেশ-মাতা ডাকিয়াছেন, আর আমার
 তোমাকে ধরিয়া রাখিবার অধিকার নাই। আর বাধা দিব না—
 এই আমি চোখের জল মুছিলাম, এ দাসী চিরকাল তোমার
 চরণ স্মরণ করিয়া—তোমার নাম জপ করিয়াই জীবন কাটাইবে।”

বলিতে বলিতে বিরাট পতি-গর্বে তামিনার মুখ উজ্জ্বল
 হইয়া উঠিল, রুস্তাম পত্নীর মুখের পানে চাহিয়া মর্ম বেদনায়
 কাতর স্বরে কহিলেন—

“হায় তামিনা, যদি দেশে শান্তি থাকিত তা হইলে আর
 আমাকে তোমায় ছাড়িয়া যাইতে হইত না। কিন্তু বিধাতার

বিধান—তা হইবার নয়। আবার যে ভবিষ্যতে কখনও শান্তি স্থাপিত হইবে—সে আশাও, এ বাদশা বর্তমান থাকিতে আর নাই। স্বতরাং এ জীবনে আর কখনো যে তোমাকে দেখিতে পাইব সে দুরাশা করিতে পারি না। তবু, তোমার যে সন্তান জন্মিবে তাহার মুখ দেখিয়া তুমি প্রাণ বাঁধিয়া থাকিতে পারিবে, কিন্তু আমার সান্তান কোথায় ? আমি কি তাহার চাঁদমুখখানি এ জীবনে একটি বারের জন্মও কখন চোখে দেখিতে পাইব—হায়রে দুর্ভাগ্য ! কিন্তু তবুও যাইতেই হইবে, দেশের কাষ—আর বিলম্ব করিতে পারি না।”

বলিয়া কন্তাম চোখের জল মুছিয়া নিজের বাহ্যমূল হইতে একটি মূল্যবান् পদক বাহির করিয়া তামিনার হাতে দিয়া আবার কহিলেন—

“এই লও তামিনা, এটি আমাদের বংশের মহামূল্য পরম দুল্লভ বস্তু, ইহার পশ্চাতে আমার নাম ও বংশপরিচয় খোদিত আছে। এই পদকের আশ্চর্য গুণ,—যাহার নিকটে থাকিবে তাহাকে স্বৃখ, সৌভাগ্য ও স্বযশে পূর্ণ করিয়া দিবে। যদি আমাদের একটি কন্যা হয়—তবে তাহার গলায় এই পদক পরাইয়া দিও, সে পরম ধর্মশীলা আদর্শ রমণীরত্ত হইয়া পৃথিবীতে পরম স্বৰ্গী হইবে। আর—আর যদি ঈশ্বরের দয়ায় আমাদের পুনরসন্তান জন্মগ্রহণ করে, তবে এই পদক তার দক্ষিণ বাহ্যমূলে বাঁধিয়া দিও, সে পৃথিবীতে পরম গুণবান্, মহচ্ছরিত্র, অসীম শক্তিশালী বীর হইয়া উঠিবে, তাহার ঘণ্টে ও গৌরবে পৃথিবী ভরিয়া যাইবে।”

বলিয়া পদকটি তামিনার হাতে দিয়া, কন্তাম শেষ বিদায়
লইয়া চিরদিনের মত প্রশ্নান করিলেন। পতির অদৰ্শনে সতী
ধূলায় লুটাইয়া, পাগলিনীর মত কাঁদিতে লাগিলেন। পিতা,
মাতা, আত্মীয়, বন্ধু কেহই বুঝাইয়া তাহাকে শান্ত করিতে
পারিল না। অবশেষে তাহার প্রধান বাঁদী আসিয়া কহিল—

“শাজাদি—এ করিতেছেন কি, গর্ভে যে ননীর পুতুল
আসিয়াছে—এমন করিয়া তাহার অনিষ্ট সাধন করিবেন না।”

তামিনা চমকাইয়া উঠিলেন—পতির কথা মনে পড়িয়া গেল।
সন্তানের চাদমুখ দেখিবার আশায় বুক বাঁধিয়া আত্মসম্মরণ
করিলেন।

অবশেষে তিনি চার মাসের ভিতরেই শুভদিনে বিধাতা
তাহার কোলে একটি পুত্রসন্তান দিলেন। তখন সেই ফুলের
মত পবিত্র ও সুন্দর পুত্রমুখ দেখিয়া জননীর সকল বেদনা
জুড়াইয়া গেল। যথারীতি জাতকর্ম সকল সমাধি হইয়া শিশুর
নামকরণ হইল—সোরাব !

সপ্তম পরিচ্ছেদ

সোরাব

কন্তাম যথার্থ অনুমান করিয়াছিলেন। সেই যে আবার
ইরাণ ও তুরাণে সমরানল প্রজলিত হইয়া উঠিল তাহা আর
নিবিল না। বৎসরের পর বৎসর কাটিয়া যাইতে লাগিল তবুও


আর শান্তির চিহ্ন দেখিতে পাওয়া গেল না, সময়ের সঙ্গে সঙ্গে উভয় দেশের শক্রতা যেন আরও দৃঢ়মূল হইয়া বসিতে লাগিল। স্বতরাং রুস্তামও আর পত্রীর সহিত মিলিত হইবার স্বয়েগ পাইলেন না, তামিনার মনেও তেমন আশা জাগিতে পাইল না। তিনি সেই একমাত্র নয়নপুতলি পুত্রের মুখ চাহিয়াই কাল কাটাইতে লাগিলেন।

সোরাব বড় হইয়াছিল। শৈশবে যে রূপের রাশি লইয়া সে ভূমিষ্ঠ হইয়াছিল—বয়সের সঙ্গে সঙ্গে তাহা দশগুণ বাড়িয়া উজ্জল ছটায়—দেশে প্রকাশিত হইয়া প্রবল আকর্ষণে সকলকেই আকৃষ্ট করিয়াছিল। শৈশব হইতেই বালকের প্রকৃতিতে ঠিক পিতার মত যে সকল গুণের আভাস ফুটিয়া উঠিয়াছিল, সে সমস্ত কিশোরেই পূর্ণ হইয়া তাহাকে সৌম্য, বীর্য ও পরাক্রমে সর্বশ্রেষ্ঠ করিয়া দিয়াছিল। মাতার স্বশিক্ষায় তাহার হৃদয় দেবতার মত উদার—তাহার চরিত্র পবিত্র হইয়া উঠিয়াছিল। তাহাতে দেশের লোক বিস্ময়পরিপূর্ণ চক্ষে চাহিয়া সোরাবের প্রশংসাবাদ করিত আর জননীর হৃদয়ে অমনি একটা স্থথের উৎস উঠলিয়া উঠিত। কিন্তু সঙ্গে সঙ্গে একটা আশঙ্কা নিরস্তর তাহাকে বেদনা দিত।

উপযুক্ত পুত্রলাভ করিয়া, তাহার স্নেহে ও লোভে আকৃষ্ট হইয়া পতি পাছে পুত্রের শিক্ষার জন্য তাহাকে আপন পথের পথী করেন, সেই ভয়ে তামিনা রুস্তামকে সোরাবের সংবাদ অবধি দিতে সাহস করেন নাই। কণ্ঠা সন্তান জন্মিয়াছে বলিয়া

তাহার কাছে কোশলে মিথ্যা সমাচার প্রচার করিয়া দিয়া, অত্যন্ত সাবধানে বুকের ধনটিকে সঙ্গেপনে বুকে রাখিয়াই মানুষ করিয়া তুলিয়াছিলেন। কিন্তু তাহার ফলে তাহার ক্ষুদ্র বুকে যখন আর তাহার স্থান সঙ্কুলান হইল না, মণ্ডের সকল গৌরবে বিভূষিত হইয়া সে সন্তান আপনা হইতেই ধরণীর কোলে নামিয়া পড়িল, তখন তাহার ভয়-ভাবনার আর অন্ত রহিল না।

দেশে ঘুকের অবস্থা দিন দিন যেরূপ গুরুতর হইয়া দাঁড়াইতেছিল, তাহাতে—তরুণবয়স্ক হইলেও—সোরাবের শোর্য-বীর্য, পরাক্রম ও রণশিক্ষার কথা যখন বাদশার অবিদিত থাকিবে না, তখন তিনি যে তাহাকে মাতৃ-অঙ্গ হইতে কাড়িয়া লইয়া দেশের কার্য্য নিয়োগ করিবেন না—এমন আশা তামিনা করিতে পারিতেন না, তখন সোরাবকে যে বাদশা কাহার বিরুক্তে ঘুঁক করিতে পাঠাইবেন—তাহা ভাবিয়া তিনি মনে মনে আতঙ্কে শিহরিয়া উঠিতেন। তাহা ছাড়া আরও একটা গুরুতর চিন্তার হেতু দাঁড়াইয়াছিল। সোরাব যে কাহার পুত্র, সে কথা যদি একবার বাদশা জানিতে পারেন, তা' হইলে সেই দেশের গৌরব তরুণ ঘুবককে মনে মনে শক্র ভাবিয়া—তাহার অনিষ্ট কামনায়—না জানি কি কূটচক্রের অবতারণা করেন এই সন্দেহে তাহার মাতৃহৃদয় ভয়ে আড়ষ্ট হইয়া যাইত। আর সেই জন্যই তিনি শুধু যে সোরাবকে পিতৃপরিচয়ে বঞ্চিত করিয়া রাখিয়াছিলেন এমন নয়, কোশলে তাহার দেশের প্রজাপুঞ্জকেও এমন করিয়া লইয়াছিলেন যে, তাহারা ভুলিয়াও কখনো কাহারও কাছে





“বাবারে, তুমি ভুবনবিথ্যাত মহাবীর রুস্তানের পুত্র”—৩৩ পৃষ্ঠা

সোবারের প্রকৃত পিতৃ-পরিচয় ব্যক্ত করিত না। ‘সামানগান-বাসীরা’ সোরাবকে এমন প্রাণতুল্য ভালবাসিত যে—যাহাতে তাহার বিন্দুমাত্র অপকার ঘটিবার সন্তাননা—তেমন কল্পনা মনেও স্থান দিতে পারিত না।

কিন্তু তামিনার সাথে আকিঞ্চন এবং হিতাকাঙ্গী দেশবাসি-গণের শত চেষ্টাও বাদশার নিকট হইতে সোরাবের পিতৃ-পরিচয় গুপ্ত রাখিতে পারে নাই। এমন কি সোরাব যে কিশোরকালেই পিতৃ-সদৃশ অবিতীয় বীর হইয়া উঠিয়াছে এ সংবাদও বাদশার অবিদিত রহে নাই। তখন পিতাপুত্রের মিলন ভয়ে কাঁপিয়া এবং ঈর্ষা ও বিদ্বেষে জলিয়া তিনি যখন মনে মনে এক টিলে দুই পাখী মারিবার কূট কোশলজাল বিস্তার করিবার উপায় স্থির করিতেছিলেন, তেমনি দিনে সহসা একদিন সোরাব আসিয়া এমন ভাবে মাতার কাছে আপনার পিতৃ-পরিচয় জানিতে চাহিল যে, তামিনা আর তাহা গোপন রাখিতে পারিলেন না। মনে মনে আশঙ্কার উদয় হইলেও পতি-গর্বে মুখ উজ্জ্বল হইয়া উঠিল, আবেগভরে কহিলেন—

“বাবারে, তুমি ভুবনবিখ্যাত মহাবীর রঞ্জনের পুত্র—ইরান প্রদেশের এক মহা সন্ত্রাস্ত বংশের বংশধর।”

রঞ্জনের বীরত্ব কাহিনী সোরাব দেশবাসীর মুখে নিরস্তর শুনিয়া শুনিয়া মনে মনে শৰ্কাও ভক্তিতে তাহার প্রতি আকৃষ্ট হইয়া পড়িয়াছিল, এবং তেমনি মহাবীর ও দেশবিখ্যাত রণপণিত হইবার উচ্চাকাঙ্গা হৃদয়ে পোষণ করিয়া, সেই

বয়সেই যে মহাশক্তি সঞ্চয় করিয়াছিল তা—অমানুষিক। মাতার কথা শুনিয়া সে আনন্দে এমন আত্মহারা হইয়া গেল যে, স্বপ্নাবিষ্টের মত একদৃষ্টে তাহার পানে চাহিয়া রহিল, মুখ দিয়া কথা ফুটিল না। কেবল একটা অত্যন্ত উজ্জ্বল দীপ্তি—উষার স্নিগ্ধ ছটার মত—তাহার সারা মুখখানি প্রদীপ্ত করিয়া দিল। তামিনা এত দিনের পরে কন্তামপ্রদত্ত সেই পদক বাহির করিয়া দেখাইয়া বলিলেন—

“এই লও বাবা, তোমার পিতৃদত্ত অমূল্য উপহার, এই দেখ ইহার পিছনে তাহার নাম ও বংশের কথা লিখিত আছে। এস তোমার হাতে বাঁধিয়া দিই ; এ পদক মন্ত্রশক্তিবিশিষ্ট পরম আশ্চর্য্য, এক মুহূর্তের জন্য ইহাকে কাছ ছাড়া করিও না। ইহার প্রভাবে তোমার ঘশ ও গৌরবে পৃথিবী ভরিয়া যাইবে, তোমার সমকক্ষ বীর একটিও থাকিবে না।”

তামিনা পরমযন্ত্রে পুল্লের বাহমূলে সেই পদক বাঁধিয়া দিয়া পুনরায় কহিলেন—

“কিন্তু বাবা, মায়ের একটা কথা শুন, একটা অনুরোধ রাখ, তোমার সত্য পরিচয় কা’রও কাছে প্রকাশ করিও না। এ কথা প্রচার হইয়া পড়িলে, তিনি শুনিতে পাইলে—সেই মুহূর্তে আমার কোল হইতে তোমাকে কাড়িয়া লইয়া যাইবেন, আমি কি লইয়া বাঁচিয়া থাকিব ? আর তা ছাড়া, তোমার পিতা বাদশা আফ্রিজিয়াবের পরম শক্ত, শুধু তাহার জন্যই বাদশা ইরাণীদের কিছুই করিতে পারিতেছেন না—বরং বারষ্বার হারিয়া, অপমান ও

ক্ষতির বোৰা মাথায় বহিয়া, দিন দিন তাহার বিনাশকামনায় অধীর হইয়া উঠিতেছেন। এ কথা প্রকাশ হইয়া পড়িলে, তিনি যে কখন কি কৌশলে তোমাকে হত্যা—”

আর বলিতে পারিলেন না, চোখের জলে তামিনার বুক ভাসিয়া কণ্ঠস্বর বন্ধ করিয়া দিল। কিন্তু সোরাব সহসা বাঘের মত গর্জিয়া বলিয়া উঠিল—

“কি ছার বাদশা ‘আফ্রিজিয়াবের’ ভয় কর মা ? তোমার যে পুত্র একাকী পাহাড়ের উপরে সিংহের গহ্বরে ঢুকিয়া তাহাদের শাবক কাড়িয়া লইয়া আসে, ‘আফ্রিজিয়াব’ তাহার কি করিবে ? বাবার নাম শুনিয়া আমার সেই বল আজ শতগুণ বাড়িয়াছে, আমি তোমার কাছে গর্ব করিয়া বলিতেছি যে, আজ আমি এক পৃথিবী জয় করিতে পারি। মহাবীর রুস্তামের পত্নী তুমি—সোরাবের মা—পৃথিবীতে কাহাকে তোমার ভয় ? শুন মা, আমি যে কল্পনা করিয়াছি, এ দেশের সকল বীর আমার একান্ত অনুরক্ত, তাহাদের লইয়া আমি বিজয়ীবাহিনী সৃষ্টি করিব, তারপর পিতার অব্বেষণে ইরাণে যাইব, তাহার সহিত আমার সৈন্য লইয়া বাদশা ‘কাহিকুশকে’ দূর করিয়া দিয়া পিতাকে সেই সিংহাসনে বসাইব—তুমি তাহার বামে বসিয়া রাণী হইয়া প্রজাদের শাসন-পালন করিবে। তারপর সেই সকল ইরাণী-সৈন্য আমার তুরাণীসৈন্যের সঙ্গে মিলিত করিয়া লইয়া এ দেশে ফিরিব, বাদশা ‘আফ্রিজিয়াবকে’ দূর করিয়া দিয়া, তাহার সিংহাসন কাড়িয়া লইয়া আমি তুরাণের বাদশা হইব। পিতা-

পুলে দুই দেশের সম্ভাট হইয়া—ইহাদের এতকালের সকল
শক্রতা মুছাইয়া—এক করিয়া মিলাইয়া দিব। তখন অমাদের
পিতা-পুত্রের প্রতিদ্বন্দ্বী হইতে কাহার শক্তি হইবে মা ? আমার
অভাব কেবলমাত্র আমার উপযোগী একটি ভাল ঘোড়ার।
বাবার ‘রাক্স’ ঘোড়ার কথা যা’ শুনিয়াছি তেমনি একটি ঘোড়া
সংগ্রহ করিতে পারিলেই আমি সৈন্য লইয়া পিতার অন্বেষণে
যাইব। সেই ‘রাক্সের’ একটি বাচ্চা এখানে আছে তা’ও
সংবাদ লইয়াছি—সে, ঠিক তেমনি তেজস্বী—তেমনি বলবান
অশ্ব। সেইটি সংগ্রহ হইলে—সেই মুহূর্তেই আমি যাত্রা করিব,
কেউ বাধা দিতে পারিবে না। তুমি মা কোন দুশ্চিন্তা মনে
স্থান দিও না—এ দৃঢ় সঙ্গম কার্যে পরিণত করিতে তোমার
পুত্রের কিছুমাত্র বিলম্ব হইবে না, তুমি শুধু মন খুলিয়া আমাকে
আশীর্বাদ কর, পৃথিবীতে আমার প্রত্যক্ষ দেবী তুমি, তোমার
আশীর্বাদে আমার সকল কামনা পূর্ণ হইবে।”

সোরাবের বদনমণ্ডলে একটা অস্বাভাবিক উজ্জ্বল আভা
ক্রীড়া করিতে লাগিল। তাহার পানে চাহিয়া তামিনার হাদয়ের
সমস্ত আশঙ্কা ঘূচিয়া গেল—ভয় দূরীভূত হইল, গভীর স্নেহের
আবেগে পুলকে বুকে ধরিয়া গদ গদ স্বরে ডাকিলেন—

“বাবা—বাবা—”

“মা, মা, আমাকে সেই ঘোড়া আনাইয়া দাও।”

বলিয়া সোরাব ক্ষুদ্র শিশুটির মত আবদার করিয়া দুই হাতে
জননীর গলা জড়াইয়া ধরিল।

অষ্টম পরিচ্ছেদ

যুদ্ধবাত্রা

বাদশা ‘আফ্রিজিয়াব’ যখন শুনিলেন যে সোরাব ‘সামান-গানের’ বহুসংখ্যক সৈন্য সঙ্গে লইয়া পিতার অব্বেষণের জন্য ইরাণে যাইতেছে, তখন তাহার কূট বুদ্ধিতে একটা ভয়ানক মতলব আঁটিলেন এবং তাহার বিশ্বস্ত সেনানায়ক ‘হমান’ ও ‘বার্মানকে’ গোপনে ডাকিয়া চুপি চুপি বলিলেন—

“তোমরা তোমাদের অধীনস্থ সৈন্যদল লইয়া এখনি গিয়া সোরাবের সঙ্গে যোগ দাও এবং তাহাকে গিয়া বল যে তুমি ইরাণীদের বিরুক্তে যুদ্ধবাত্রা করিতেছ শুনিয়া বাদশা অত্যন্ত খুসী হইয়া, তোমাকে সাহায্য করিবার জন্য তাহার নিজের সৈন্য ও আমাদিগকে পাঠাইয়াছেন। আমরা তোমার অধীনে থাকিয়া তোমার আদেশ মত যুদ্ধ করিব।”

বাদশার কথা শুনিয়া যে হিংসায় সেনাপতিদ্বয়ের মুখ বিবর্ণ ও ললাট কুঞ্চিত হইয়া উঠিল তাহা লক্ষ্য করিয়া তিনি মনে মনে সন্তুষ্ট হইয়া, মুখে বিরক্তি প্রকাশ করিয়া তীক্ষ্ণ স্বরে কহিলেন—

“সোরাব তরুণ যুবক হইলেও তাহার সমান বলবান ও রণদক্ষ বীর তুরাণে যদি একজনও থাকিত, তাহা হইলে রুস্তাম রক্ষিত ‘কাইকুশের’ সিংহাসন আমরা অনেকদিন আগে দখল করিতে পারিতাম। তাহার শৈশব-ক্রীড়ার কথা শুনিলে তাহাকে

মানুষ বলিয়া মনে হয় না—বাপের চেয়ে ছেলে শতগুণে বেশী
পরাক্রমশালী হইয়াই জন্মগ্রহণ করিয়াছে, এ ঈশ্বরদত্ত শক্তি,
ইহাতে হিংসার কথা নাই, বরং ভয়ের কথাই বেশী। সোরাব যদি
ইরাণে গিয়া কোন মতে একবার রুস্তামকে সন্দান করিয়া বাহির
করিতে পারে, তা হইলে আর আমাদের নিষ্ঠার থাকিবে না,
পিতা-পুত্রে মিলিত হইলে সেই দণ্ডেই আসিয়া তুরাণের সিংহাসন
কাড়িয়া লুইবে। পৃথিবীতে এমন কে বীর আছে যে তাহাতে
বাধা দিতে পারে ? তুরাণদেশে, তুরাণী মাতার গর্ভে জন্মিলেও
এ দেশের প্রতি সোরাবের কিছুমাত্র মমতা বা সম্মান থাকিবে
না—পিতার প্রতি শ্রদ্ধা প্রযুক্ত তুরাণের সর্ববনাশ করিবে।
স্বতরাং এখন আমাদের প্রধান শক্তি একমাত্র সোরাব, তাহাকে
কৌশলে বিনাশ করিতে হইবে। আমি এতদিন ইহাই চিন্তা
করিতেছিলাম, ঈশ্বর এক্ষণে সেই মহা সুযোগ আনিয়া
দিয়াছেন।”

বাদশার মনোভাব অবগত হইয়া ‘হুমান’ ও ‘বর্মানের’
ক্ষেত্র ঘুচিল, মনে আনন্দের উদয় হইল, উৎসাহভরে জিজ্ঞাসা
করিল—

“এ যুদ্ধে সে সুবিধা আমাদের কিরূপে হইবে ?”

“শুন—পিতা-পুত্র কেহ কাহারও পরিচিত নহে, স্বতরাং
আমাদের বিশেষ কষ্ট করিতে হইবে না, একটু সর্তর্কতার সহিত
কৌশলে চলিলেই কার্যসিদ্ধি হইবে। সোরাবের বাহিনী
ইরাণে প্রবেশ করিলেই হৈ হৈ পড়িয়া যাইবে ; সে যে তাহার

পিতার অন্নেষণে চলিয়াছে তাহা কেহই জানে না, ভাবিবে
তুরাণীয়া ইরাণ আক্রমণ করিতে আসিয়াছে স্বতরাং যুদ্ধ
অনিবার্য। আর একবার যুদ্ধ বাধিয়া গেলে রুস্তামকে দেশ
রক্ষার জন্য আসিতেই হইবে। সেই আমাদের পরম শুভ
মুহূর্ত। পিতা-পুত্র যাহাতে পরম্পরের পরিচয় না পায়, তোমরা
কেবল সেই টুকু করিবে, তাহা হইলেই কার্য্য সিদ্ধ হইবে।
আর শুধু কার্য্যসিদ্ধি কেন—আমাদের এতকালের আকিঞ্চন
পূর্ণ হইবে, এত কালের যুদ্ধশ্রম, লোকক্ষয়, অর্থনাশ, মনঃপীড়া
সমস্তেরই ক্ষতিপূরণ হইয়া যাইবে।”

“কেমন করিয়া তা হইবে বুঝিতে পারিতেছি না।”

“পিতা-পুত্রে পরম্পরের পরিচয় না পাইলে প্রতিদ্বন্দ্বী শক্ত
ভাবে ঘোরতর দ্বন্দ্যযুদ্ধ করিবে; কারণ, একমাত্র রুস্তাম ভিন্ন
সোরাবের সঙ্গে যুক্তে প্রবৃত্ত হয় এমন বীর অন্য আর কেহ
ইরাণে নাই। আর তা’ হইলে সে যুদ্ধ সাধারণ হইবে না,
বিজয়ী বীর রুস্তাম দেহে একবিন্দু শোণিত থাকিতে হটিবে না,
কিন্তু সে যুদ্ধ হইয়াছে—যুবক সোরাবের শক্তিকে কিছুতেই
আঁটিয়া উঠিতেও পারিবে না, তাহার ফলে পুত্রের হস্তেই
তাহার বিনাশ নিশ্চয় ঘটিবে। আর তাহার অমানুষিক
আক্রমণে যুবক সোরাবও শক্তি হারাইয়া প্রাণ দিবে। এই
রূপে, এই দুই পিতাপুত্র যদি পরম্পর পরম্পরের যুক্তে নিহত
হয়, তখন আর ইরাণে যোদ্ধা থাকিবে কয়জন? আমরা
স্বচ্ছন্দে ‘কাইকুশকে’ বিনাশ করিয়া ইরাণ অধিকার করিতে

পারিব। বুঝিলেত? এখন শীত্র সৈন্য লইয়া গিয়া সোরাবের সঙ্গে ঘোগ দাও এবং দিবারাত্রি ছায়ার মত তাহার সঙ্গে সঙ্গে থাকিয়া কেবল যুক্তে উত্তেজিত করিতে থাক। সকলকে বিশেষ রূপে সতর্ক করিয়া দাও যে ইরাণে গিয়া যখন রুষ্টামকে যুক্তক্ষেত্রে আসিতে দেখিবে, তখন কেউ না তাহাকে রুষ্টাম মনে করিয়া ভীত হইয়া পড়ে, কেউ না কোন সূত্রে প্রকাশ করিয়া দেয় যে এই সেই ভুবনবিখ্যাত ইরাণীবীর রুষ্টাম!"

বাদশা আফ্রিজিয়াবের নির্দেশমত ‘হমান’ ও ‘বার্মান’ বহু-সংখ্যক সুশিক্ষিত তুরাণী রাজসৈন্য লইয়া অচিরেই যাত্রা করিল এবং ‘সামানগানে’ পৌঁছিয়াই সোরাবের কাছে গিয়া কহিল—

“আপনি মহামান্য বীর, দেশের সুসন্তান, নিজের উদ্ধমে সৈন্য সংগ্ৰহ করিয়া ইরাণীদের বিরুক্তে যুদ্ধ যাত্রা করিতেছেন শুনিয়া বাদশা অত্যন্ত খুস্তী হইয়া আপনার সাহায্যের জন্য আমাদের সহিত অগণিত সৈন্য এবং প্রশংসাবাদ প্ৰেরণ করিয়াছেন। আমরা দুইজন তাহার চিৱিশ্বস্ত অনুচর প্ৰধান সেনানায়ক, আজ হইতে আপনার অধীনে, আপনার আদেশ মত যুক্তে প্ৰাণপাত কৰিব। ধন্য তুরাণ—আপনার মত মহাবীর সুসন্তান প্ৰসব কৰিয়াছে! এতদিনে তুরাণের অপমান ঘূঁটিবে, মুখ উজ্জ্বল হইবে—‘কাইকুশ’ বাদশার শেষ দিন ঘনাইয়া আসিয়াছে। দয়া কৰিয়া আমাদের সহকাৰী কৰিয়া লড়ন—আপনার মত দেশ-প্ৰাণ মহাবীৰের জন্য আমাদের দেহেৰ শেষ রক্তবিন্দুটি পৰ্যন্ত প্ৰদান কৰিতে কেহ কাতৰ হইব না।”

তোষামোদ বাকে সোরাবের তরুণ অন্তঃকরণ গলিয়া
গেল।’ সে যখন নিজের উত্তমে বাহিনী সাজাইয়া যুদ্ধ
যাত্রা করিয়াছে তেমন সময়ে বাদশাহের এই অনুগ্রহের
দানকে সে ঈশ্বরের আশীর্বাদ ভাবিয়াই সম্মানে শিরে
তুলিয়া লইল এবং ‘আফ্রিজিয়াবের’ নামে জয়ধ্বনি করিয়া
কঠিল—

“তাহার, এই অযাচিত অনুগ্রহের কথা চিরদিন স্মরণ
করিব। আস্তুন বীরগণ, আপনাদের সকলকে লাভ করিয়া
আজ আমি ধন্ত্য হইলাম, আপনারা ইরাণের পথ ষাট আচার
ব্যবহার বীরত্ব বিক্রম সমস্তই অবগত আছেন, আপনাদের
সঙ্গে পরামর্শ না করিয়া কোন কার্য করিব না। আপনারা
বাদশাহের বিশ্বস্ত, প্রধান সেনাপতি ছিলেন এখানেও
আপনারা দুইজন আমার দক্ষিণহস্ত স্বরূপ হইলেন, আপনাদের
সাহায্যে আমি কৃতার্থ হইয়াছি।”

বলিয়া, সরলহৃদয় উদার যুবক পরে পরে উভয়কে
আলিঙ্গন করিয়া সম্মানিত করিল। হৃমান ও বার্মানের
চেষ্টা এবং উঞ্চোগে যুদ্ধযাত্রায় আর বিলম্ব হইল না। অচিরেই
সেই সম্মিলিত অগণিত সেনা সোরাবের জয়ধ্বনিতে আকাশ
কাঁপাইয়া ইরাণের অভিমুখে অগ্রসর হইল। সোরাব বর্ম
এবং অন্তর্শস্ত্রে স্তুসজ্জিত হইয়া মাতার কাছে বিদায় লইয়া
অশ্বে আরোহণ করিল।

নবম পরিচ্ছেদ

গার্দাফ্রিজ

জিহুন নদীর উত্তরে যেমন তুরাণের সামানগান নামক নগর, দক্ষিণেও তেমনি বিস্তৃত বনভূমির পরেই ইরাণের ‘শ্বেতদুর্গ’ নামে একটি সুদৃঢ় কেল্লা এবং ক্ষুদ্র নগর। এই দুর্গে ‘হজীর’ নামক এক বীর রাজস্ব করিয়া ইরাণ দেশের সীমা প্রদেশে শান্তি রক্ষা করিতেন।

বাদশা আফ্রিজিয়াব যেমন অনুমান করিয়াছিলেন তাহা মিথ্যা হইল না। সোরাবের বিপুল বাহিনী রণবাত্ত বাজাইয়া বিরাট গর্বে যখন জিহুন নদী পার হইয়া ইরাণের প্রান্তসীমায় গিয়া উপস্থিত হইল, তখন সে সংবাদ বিদ্যুতের মত দ্রুত-গতিতে প্রথমে শ্বেতদুর্গে এবং সেখান হইতে দেশময় ছড়াইয়া পড়িতে বাকী থাকিল না। মুহূর্তের ভিতরেই চারিদিকে ‘সাজ সাজ’ রব পড়িয়া গেল এবং সকলেই তুরাণী শক্রগণকে দূর করিয়া দিবার জন্য বন্ধপরিকর হইয়া দাঁড়াইল।

শ্বেতদুর্গেও রণসজ্জার ধূম পড়িয়া গিয়াছিল। বাদশা ‘কাইকুসের’ নিকটে তুরাণীদের হঠাৎ আক্রমণের সংবাদ পাঠাইয়া দিয়া হজীর শ্বেতদুর্গের সকল ঘোন্ধাকে একত্রিত করিলেন। দুর্গরক্ষা ও যুক্তের ব্যবস্থা করিয়া আপনি বর্ষ ও অন্তর্শল্লে সজ্জিত হইলেন। পরে অশ্বে আরোহণ করিয়া তুরাণীদের শিবিরের দিকে ছুটিয়া চলিলেন। তাঁহার

অধীনস্থ বীরগণও তাহার সহিত যুদ্ধে গমন করিতে বিলম্ব করিলেন না।

এই ‘হজীর’ একজন বলবান ও বিখ্যাত যোদ্ধা, তুরাণীদের সহিত কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র যুদ্ধে জয়লাভ করিয়া দেশবাসিগণ হইতে বাদশার পর্যন্ত প্রিয়পাত্র হইয়াছিলেন। তাহারই ফলে শেতদুর্গের আধিপত্য লাভ করিয়া গর্বে ফুলিয়া উঠিয়াছিলেন। বনভূমির প্রান্তে যেখানে সোরাবের তুরাণী সৈন্যগণ শিবির স্থাপন করিয়া বিশ্রাম করিতেছিল, সেইখানে একাকী বিদ্যুব্বেগে অগ্রসর হইয়া গিয়া দন্তভরে চীৎকার করিয়া কহিলেন—

“তোমাদের ভিতর এমন কেউ বলবান, রণদক্ষ যোদ্ধা আছে যে আমার সহিত দ্বন্দ্যুক্ত করিতে সাহস কর ? যদি থাক তো শীঘ্র বাহির হইয়া আইস, এখানেই বল পরীক্ষা হউক, তারপর ইরান আক্রমণের দুরাশা মনে মনে লয় পাইয়া যাইবে। শেতদুর্গে হজীর বর্তমান থাকিতে তোমাদের এত দূর স্পন্দনা যে রণদক্ষ বাজাইয়া ইরাণে প্রবেশ কর ? শীঘ্র আইস নচেৎ ভীরু কাপুরুষের মত এখনি আমার সৈন্যগণের হস্তে ছিন্ন ভিন্ন হইয়া মরিবে।”

হজীরের সেই দন্তের আহ্বান সোরাবের কাণে যাইতে বিলম্ব হইল না, সে তৎক্ষণাৎ সজ্জিত বেশে ঘোড়ায় চড়িয়া ঝুটিয়া আসিয়া কহিল—

“এই যে আমি আসিয়াছি, এখন বুথা বাক্যাড়িস্বর রাখিয়া

কার্যে নিজের পরিচয় দাও—নচেৎ পলাইয়া প্রাণ রক্ষা কর, আমার সহিত দ্বন্দ্যকে তোমার নিষ্ঠার থাকিবে না।

সোরাবের কথায় হজীর বাকুদের মত জুলিয়া উঠিল এবং গর্জন করিয়া নানা প্রকার কটু কহিয়া বল্লম তুলিয়া অগ্রসর হইল। সোরাব তাহার কথার জবাব করিল না, বিশাল ঢালে তাহার আক্রমণ ব্যর্থ করিয়া এমন দৃঢ়হস্তে আপন বল্লম নিষ্কেপ করিল যে, তাহা হজীরের বর্ষে বজ্রের মত সজোরে আঘাত করিয়া তাহাকে অশ্ব হইতে ঠেলিয়া মাটীতে ফেলিয়া দিল। সোরাব বিদ্যুতের মত চকিতে আপন অশ্ব হইতে লাফাইয়া পড়িয়াই হজীরের বুকের উপর জানু চাপিয়া বসিয়াই তাহার শিরশ্চেদনের জন্য তরবারি তুলিল। তখন হজীরের চৈতন্য হইল, দন্ত আস্ফালন উড়িয়া গেল, ভয়ে মুখ শুকাইল, কাতরভাবে তাড়াতাড়ি বলিয়া উঠিল—

“রক্ষা কর যুবক বীর, আমি তোমার কাছে দ্বন্দ্যকে হারিয়াছি, আমাকে বধ করিও না—প্রাণ ভিক্ষা দাও।”

সোরাব তৎক্ষণাত তাহাকে পরিত্যাগ করিয়া উঠিয়া দাঢ়াইল এবং হাসিয়া কহিল—

“তোমার প্রাণ দিলাম, কিন্তু স্বাধীনতা দিতে পারিব না, যুক্তের নিয়মানুসারে বন্দী করিয়া লইয়া যাইব।”

হজীর জবাব করিতে পারিল না—নীরব রহিল।

সোরাবের আজ্ঞায় তাহার সৈন্যগণ আসিয়া হজীরকে নিরস্ত্র করিয়া শৃঙ্খলে বাঁধিয়া লইয়া গেল।

ভজীরের সৈন্যগণ অদূরে দাঁড়াইয়া তাহাদের প্রতুর পরাজয় স্বচক্ষে নিরীক্ষণ করিল, এবং পরক্ষণেই তুরাণীসৈন্য তাহাদিগের দিকে যাইতে না যাইতে তাহারা পলাইয়া দুর্গে গিয়া সংবাদ প্রদান করিল।

ভজীরের পরাজয়ে যে অপমানের বক্তি দুর্গবাসিগণের শিরায় শিরায় জলিয়া উঠিল তাহাতে তাহারা আর বিলম্ব করিতে পারিল না, অতঃপর কিরণে তুরাণীগণের সহিত যুদ্ধ করিবে সেই মন্ত্রণা করিতে লাগিল।

শ্বেতদুর্গে এক উচ্চবংশের পরাক্রমশালী যুবতী তাহার বৃন্দ পিতার সহিত বাস করিত। বাল্য-কাল হইতে এই রমণী পুরুষের বেশে সজ্জিত হইয়া পুরুষের মত রণ-বিদ্যা শিখিয়া দেশের ভিতরে বিখ্যাত হইয়া উঠিয়াছিল। সকলেই বিস্ময়ে বলাবলি করিত যে “গার্দাফ্রিজের” মত বীরনারী যে দেশে জন্মগ্রহণ করে, সে দেশে রুস্তামের মত বীরের মৃত্যুর পরেও— শত্রুর আশঙ্কা কিছুমাত্র নাই।”

বাস্তবিকই “গার্দাফ্রিজ” শারীরিক বলে যেমন বীর্যবতী ছিল, তেমনি রণকৌশলেও কম ছিল না। তাহার বৃন্দ পিতা বীরবর রুস্তামের সঙ্গে বহু যুদ্ধে উপস্থিত থাকিয়া যে সকল অন্তুত প্রকারের অস্ত্র প্রয়োগ এবং রণ-কৌশল প্রত্যক্ষ করিয়াছিল, তাহার প্রায় সমস্তই কণ্ঠাকে শিক্ষা দিয়া এমন গঠিত করিয়া তুলিয়াছিল যে, ‘গার্দাফ্রিজের’ হাতের অব্যর্থ অস্ত্রনিক্ষেপ দেখিয়া বড় বড় যোদ্ধারা অবাক হইয়া যাইত।

‘গার্দাফ্রিজও’ ইৱাণেৰ নানা উৎসব উপলক্ষে আপনাৰ রণ-পাণ্ডিত্য ও শক্তিৰ পৱিচয় দিয়া স্বদেশবাসিগণকে আনন্দ দান কৱিতে ক্রটি কৱিত না।

‘হজীৱেৰ’ পৱাজয়েৰ বিবৱণ শুনিয়া তাহাৰ দুই চক্ৰ দিয়া আগুন ছুটিল, তৎক্ষণাৎ ভৈৱৰী-মূর্তিতে মন্ত্ৰণাস্তলে গিয়া বলিয়া উঠিল—

“ইৱাণী হইয়াও হজীৱ যে অক্ষমতা ও কাপুৰুষতাৰ পৱিচয় দিয়াছে তাহাতে সমস্ত ইৱাণবাসী স্ত্ৰী-পুৰুষগণেৰ মস্তক অপমানে হেঁট হইয়াছে, এ লজ্জা রাখিবাৰ আমাদেৱ আৱ স্থান নাই। এখন যদি সেই যুবক বীৱকে কেউ দৰ্শন যুক্তে পৱাস্ত কৱিতে পাৱ, তা' হইলে কতক পৱিশোধ হইতে পাৱে—তাহাৰ কি কৱিতেছ ?”

“আমৱা আৱ কি কৱিব মা ? এ দুর্গেৰ ভিতৱে সৰ্ববশ্রেষ্ঠ বীৱ ছিল হজীৱ, তুৱাণীগণেৰ সঙ্গে বহুযুক্তে সে বিক্ৰম প্ৰকাশ কৱিয়া খ্যাতি লাভ কৱিয়াছিল। এই যুবক-বীৱেৰ সঙ্গে দৰ্শন যুক্তে সে যখন এমন কৱিল, তখন বাদশাহী কোজেৱ সহায়তা ভিন্ন আমৱা আৱ কি কৱিতে পাৱি ? এ দুর্গে আৱ এমন বীৱ কে আছে যে সেই যুবক-বীৱেৰ সঙ্গে দৰ্শন যুক্তে অগ্ৰসৱ হইতে সাহস কৱিবে ?”

হজীৱ যাহাৰ উপৱে দুৰ্গৱক্ষাৰ ভাৱ দিয়া গিয়াছিল, ‘গার্দাফ্রিজেৰ’ সেই বৃক্ষ পিতা যখন ওই কথা বলিল, তখন কন্তাৰ আৱ সহ হইল না, তৌৰেকচে গজ্জিয়া উঠিল—

“কেন বাবা, বুদ্ধ হইয়া আপনি কি আপনার কন্তার বল-বীর্য ও রণশিক্ষার কথা বিস্মৃত হইয়াছেন? আর কেউ যদি এ অপমান ও অপযশের কলঙ্ক ধোত করিতে সাহস না করে, আমি করিব। ইরাণের কন্তা হইয়া আমি এ কলঙ্ক মাথায় বহিয়া একদণ্ড নিশ্চিন্ত হইয়া থাকিতে পারিব না। কোন চিন্তা নাই—আপনারা দুর্গরক্ষার ব্যবস্থা করুন। আমি এখনি চলিলাম, সেই তুরাণী যুবক-বীরের সঙ্গে দুন্দুযুদ্ধ করিয়া বুঝাইয়া দিব যে ইরাণের একটা ক্ষুদ্র নারীরও শরীরে যে শক্তি আছে তা' তাহাদের সমস্ত বাহিনীরও নাই।”

বলিয়াই গার্দাফ্রিজ উন্মত্তের মত ছুটিয়া চলিয়া গেল, এবং ক্ষণকাল পরেই যে অপূর্ব বেশে সজিজ্ঞত হইয়া আসিল, তাহা দেখিয়া সকলে বিস্ময়ে নির্বাক হইয়া রহিল।

গার্দাফ্রিজকে আর স্ত্রীলোক বলিয়া চিনিবার যো ছিল না। সুদৃঢ় কঠিন বর্ণে সর্ববাঙ্গ আচ্ছাদিত হইয়াছিল, দীর্ঘ শিরস্ত্রাণে মাথার লম্বমান কেশ ঢাকিয়া গিয়াছিল। সমর-সজ্জায় ঠিক সোরাবেরই মত যুবক-বীর দেখাইতেছিল। কটিতে তরবারি, পৃষ্ঠে পূর্ণ তুণ ও ধনু বাঁধিয়া, হস্তে সুতীক্ষ্ণ দীর্ঘ বল্লাম লইয়া সে যখন আসিয়া পিতার কাছে আশীর্বাদ ও বিদায় প্রার্থনা করিল, তখন সমবেত সকলেই মুগ্ধভাবে তাহার জয়ঘননি করিয়া উৎসাহে বলিয়া উঠিল—

“এমন যোদ্ধা পাইলে শুধু তুরাণী শক্তি কেন আমরা সমস্ত পৃথিবীর বিরুদ্ধে যুদ্ধ করিতেও ভীত নই। ধন্ত

সেই দেশ—যেখানে গার্দাফ্রিজের মত বীরনাৱীৰ আবিৰ্ভাব হইয়াছে।

কিন্তু গার্দাফ্রিজ আৱ বৃথা স্মৃতিবাদ শুনিবার জন্য অপেক্ষা কৰিল না, সেই মুহূৰ্তেই বিদায় লইয়া আপনাৰ অশ্বকে তুৱাণীদেৱ শিবিৰেৱ অভিমুখে অতি দ্রুত চালাইয়া দিল।

‘হজীৱ’কে বন্দী কৰিয়া আনিয়া তুৱাণীগণেৱ আনন্দেৱ পৱিসীমা ছিল না। প্ৰথম যুক্তে অতি সহজে জয় লাভ কৰিয়া সকলেই একঘোগে ‘শ্বেতদুৰ্গ’ অধিকাৰ কৰিবাৰ মন্ত্ৰণা কৰিতে-ছিল। তেমন সময়ে গার্দাফ্রিজ গিয়া যথন সোৱাবকে দৃঢ়-যুক্তে আহ্বান কৰিল, তখন তাহার তরুণ বয়স ও স্বকুমাৰ মুখশ্রী দেখিয়া সকলেই অবাক হইয়া চাহিয়া রহিল। সোৱাব হাসিয়া কহিল—

“বালক, সাধ কৰিয়া কেন এ আগুনে পুড়িয়া মৱিতে আসিয়াছ, দুর্গে ফিৱিয়া যাও, তোমাদেৱ বাদশাহ কাছে সংবাদ পাঠাইয়া উপযুক্ত সৈন্যবল আনাও—ততদিন আমৱা তোমাদেৱ দুর্গে হস্তক্ষেপ কৰিব না।”

গার্দাফ্রিজ হাসিতে বিদ্যুৎ খেলাইয়া জবাব কৰিল—

“বীৱ, তোমাৰ মহন্তেৱ জন্য ধন্তবাদ দিতেছি, কিন্তু তুমিও তো আমাৰই মত বালক, স্বতৰাং বালক বলিয়া আমাকে উপেক্ষা কৰিতেছ কেন? আমি ‘হজীৱ’ নহি যে অত সহজে বন্দী কৰিয়া লইবে। শক্তি থাকে আক্ৰমণ প্ৰতিৱোধ কৰ।”

বলিয়া দ্রুতহস্তে তীৱ বৰ্ষণ আৱস্থা কৰিল। তাহার ললিত

মুখশ্রী দেখিয়া এবং মধুর কণ্ঠস্বর শুনিয়া সোরাবের অস্ত্রাঘাতের ইচ্ছা ঘনে আসে নাই, সে লম্বা দড়ির ফাঁস করিয়া তাহার গলায় ছুড়িয়া লাগাইয়া—বিনা রক্তপাতে তাহাকে বন্দী করিবার আয়োজন করিতেছিল। তেমনি অতর্কিত অবস্থায় যখন অসংখ্য তীর আসিয়া তাহার চতুর্দিকে ছাইয়া ফেলিতে লাগিল, তখন সোরাব আর নিশ্চিন্ত থাকিতে পারিল না। স্কোশলে গার্ডাফ্রিজের সকল তীর হইতে আত্মরক্ষা করিতে করিতে সহসা এমন জোরে বল্লাম ছুড়িয়া মারিল যে, তাহা গার্ডাফ্রিজের কঠিন বর্ষ ভেদ করিয়া পার্শ্বদেশ বিদ্ধ করিল। গার্ডাফ্রিজ বিদ্যুৎগতিতে বল্লাম টানিয়া খুলিয়া লইল, কিন্তু সূক্ষ্ম ফোয়ারার মত রক্ত ছুটিয়া তাহার সজ্জা সিক্ত করিয়া দিল। মুহূর্তের সেই অবসরে সোরাব তাহার দড়ির ফাঁস এমন স্কোশলে নিষ্কেপ করিল যে, তাহা গার্ডাফ্রিজের মাথা দিয়া গলিয়া কোমরে গিয়া বাধিল। সোরাব উচ্চ হাসিয়া ঘোড়া হইতে নামিয়া তাহাকেও নামিতে বাধ্য করিল। সেই সময়ে সোরাবের অন্ত লাগিয়া গার্ডাফ্রিজের মাথার শিরস্ত্রাণ খসিয়া গেল এবং তাহার স্ফুরিষ কেশের রাশি পীঠের উপর ছড়াইয়া পড়িয়া নিজের পরিচয় ব্যক্ত করিয়া দিল। সোরাব দুঃখের সহিত বলিয়া উঠিল—

“তোমার দেহে অস্ত্রাঘাত করিয়া দুঃখিত হইয়াছি, কিন্তু হায় সুন্দরী ! স্ত্রীলোক হইয়া কেন তুমি এই জীবন-মৃত্যুর মহা গ্রীড়াস্থলে ছদ্মবেশে যুবিতে আসিয়াছ। আমি যথার্থই

তোমার জন্য অনুতপ্ত, কিন্তু তবুও ছাড়িতে পারিব না, বন্দী করিয়া লইয়া যাইতে হইবে, সে জন্য আমায় দোষ দিও না ।”

ভজীরের যে পরাজয়ে গার্দাফ্রিজ উত্তেজিত হইয়া যুদ্ধ করিতে আসিয়াছিল—তাহাকেও সেই দুর্ভাগ্য বরণ করিয়া লইল দেখিয়া, সে মনে মনে অত্যন্ত চক্ষল হইয়া কহিল—

“বীর যুবক, যথার্থ তুমি বীর নামের ন্যায্য অধিকারী, তোমার যেমন বীর্যের তুলনা নাই তেমনি চরিত্রের মহত্ত্ব এবং উদারতাও সামান্য নহে—তোমার কাছে পরাজয় আমার লজ্জার অপেক্ষা অধিক গৌরবের বিষয় । কিন্তু আমাকে বন্দী করিয়া কেন নিজের অসম্মান বরণ করিয়া লইবে ? একটা শুন্দি রমণীকে পরাজিত করিয়া তোমার মত বীরের কিছুমাত্র গৌরব বা পৌরুষ নাই—বরং কলঙ্ক আছে । লোকে বলিবে যে তুরাণী বীর একটা স্ত্রীলোকের সঙ্গে দ্বন্দ্ব-যুদ্ধ করিয়াছে । শুন আমাকে ছাড়িয়া দাও, আমার বৃন্দ পিতা একশণে দুর্গের আধিকারী, তাহাকে বলিয়া—দুর্গমধ্যে যা কিছু ধনরত্ন আছে সমস্তই তোমাকে অর্পণ করিব, বিনা বিসম্বাদে তোমার কার্যসিদ্ধি হইবে ।”

সোরাব স্ত্রীলোকের সহিত যুবিয়া নিজেই লজ্জিত হইয়া-ছিল স্বতরাং কথাটা তাহার মনে লাগিল, রমণীকে মুক্ত করিয়া কহিল—

“বেশ মুক্তি দিলাম—কিন্তু নিজের প্রতিজ্ঞা রাখিও ।”

কিন্তু গার্দাফ্রিজ সে প্রতিজ্ঞা রাখিল না, বরং দুর্গে গিয়া দ্বার বন্ধ করিয়া ছাদের উপর হইতে উপহাস করিয়া কহিল—

“রণে প্রতারণার রীতি আছে স্বতরাং কিছু মনে করিও না,
কিন্তু তোমাকে সতর্ক করিয়া দিতেছি—এই বেলা দেশে ফিরিয়া
যাও। বাদশার কাছে সংবাদ গিয়াছে, মহাবীর রুষ্টাম
আসিতেছেন, আর তোমাদের রক্ষা নাই—শীত্র পলাইয়া
আত্মরক্ষা কর।”

বলিয়াই অদৃশ্য হইল। ক্ষেত্রে, রোষে, লজ্জায়, মলিন
হইয়া সোরাব প্রতিভ্রাতা করিল—“আজ সন্ধ্যা হইল, কাল
সকালে আসিয়া দুর্গ জয় করিয়া এ অন্তায়ের প্রতিশোধ দিব।”

দশম পরিচ্ছেদ

কাইকুস

কিন্তু প্রভাতে যখন সোরাব সৈন্য লইয়া তোরণ ভগ্ন
করিয়া বন্ধার স্বোত্তরে মত দুর্গের ভিতরে প্রবেশ করিল, তখন
সেখানে আর একটি প্রাণীও অবশিষ্ট ছিল না। সোরাব
বুঝিল যে দুর্গবাসীরা তাহার আক্রমণের আশঙ্কায় রাত্রি
যোগেই দুর্গ ত্যাগ করিয়া পলাইয়াছে। তখন সে সেই
দুর্গ পরিত্যাগ করিয়া ইরাণের রাজধানীর অভিমুখে সৈন্য চালনা
করিয়া লইয়া চলিল।

কিন্তু বাদশা কাইকুস যখন সে সংবাদ পাইলেন, তখন অত্যন্ত
ভীত হইয়া মন্ত্রী, সভাসদ ও প্রধান ওমরাহ এবং যোদ্ধাগণকে

ডাকিয়া উপায় নির্দ্ধারণ করিতে বসিলেন। সকলেই একবাক্যে
কহিল—

“খামিন, একপ অসীম বলশালী, রণবিদ্যায় মূল্যিত
অদ্বিতীয় বীর যুবক, আমরা কোথাও আছে বলিয়া শুনি নাই।
আকৃতি প্রকৃতি এবং শৌর্য-বীর্যে যেন দ্বিতীয় রুস্তাম যুবক
বেশে আবিভূত হইয়াছে, সমস্ত ইরাণের ভিতরে একমাত্র
রুস্তাম ভিন্ন যুবকের সমকক্ষ বীর আর কেহই নাই। সে
প্রথমেই যে তীষণ প্রতাপে আমাদের সীমান্তের শ্রেতদুর্গ
হস্তগত করিয়াছে—তাহাতে সমস্ত দেশবাসী শক্তি হইয়া
পড়িয়াছে, কেহই তাহার সহিত যুক্তে অগ্রসর হইতে সাহস
করে না। গুপ্তচর সংবাদ আনিয়াছে যে, শ্রেতদুর্গ হস্তগত
করিয়াই বীর যুবক সোরাব সঙ্গে রাজধানীর দিকে আসিতেছে,
আর নিশ্চিন্ত থাকা কর্তব্য নহে। শীত্র জাবুলীস্থানে দূত
পাঠাইয়া রুস্তামকে আনাইয়া তাহার হস্তে যুদ্ধভার অর্পণ
করুন! একমাত্র রুস্তাম ভিন্ন এ বিপদে রক্ষা করিবার আর
দ্বিতীয় ব্যক্তি নাই।”

এই কথায় বাদশা ‘কাইকুস’ আরও ভীত হইয়া পড়িলেন
এবং সেই দণ্ডেই একপত্রে সকল কথা লিখিয়া রুস্তামকে
আনিবার জন্য জাবুলীস্থানে দূত পাঠাইলেন এবং তাহাকে
বিশেষ করিয়া আদেশ করিলেন যে রুস্তামের সহিত সাক্ষাৎ
করিয়া সেই দণ্ডেই তাহাকে আনয়ন করিবে, পথে কি কোথাও
কোন কারণেই এক মুহূর্তও বিলম্ব করিতে পারিবে না।

কিন্তু কুন্তাম যখন সে পত্র পাইলেন, তখন তাঁহার প্রাণের ভিতর সহসা যেন কেমন করিয়া উঠিল। পত্রের যেখানে সোরাবের বিবরণ লিখিত ছিল, সেই স্থানটুকু বারম্বার পড়িয়া ভাবিতে লাগিলেন—আকৃতি-প্রকৃতি, শৈর্ঘ্য-বীর্যে ঠিক তাঁহারই মত কে যুবক বীর সহসা তুরাণ হইতে আসিল, তবে কি সে তাঁহারই পুত্র ? না—না—তাই বা কেমন করিয়া সন্তুষ্ট হইবে ? তামিনার কণ্ঠা হইয়াছে বলিয়া সংবাদ আসিয়াছিল, যদি তাহার পুত্র সন্তান হইত, তা হইলে তিনি কখনও সে স্থানের সংবাদ না দিয়া স্থির থাকিতে পারিতেন না, আর এত দিনে সে পুত্রও বড় হইয়া তাহার পিতার সহিত সাক্ষাতের জন্য ছুটিয়া না আসিয়া থাকিতে পারিত না। এ তাঁহার কেহই নহে—দৈবযোগে কতকটা সাদৃশ্য আছে বলিয়া তাহাকে নিজের ছেলে ভাবিবার কোন কারণ নাই। এ তুরাণ হইতে ইরাণ আক্রমণ করিতে আসিয়াছে স্বতরাং তাঁহার দেশের এবং নিজের শত্রু ! এই অসমসাহসী দাঙ্গিক যুবকের উচ্চাকাঞ্চার উপযুক্ত প্রতিফল দিতেই হইবে। হায়রে ভাগ্য !

কিন্তু ব্যাপারটা তিনি কিছুতেই গুরুতর ভাবিতে পারিলেন না। কোথাকার কে একটা নগণ্য যুবক নিজের বলে গর্বে মাতিয়া—পতঙ্গের মত—আগুনে ঝাঁপ দিয়াছে, তিনি গমনমাত্র যে তাহাকে দন্ধ করিয়া মারিবেন তাহাতে আর সন্দেহ ছিল না। স্বতরাং উপেক্ষাভরে দূতকে কহিলেন—

“আমাদের বাদশা ভীরু কাপুরুষ, তাই একটা তুচ্ছ

বালকের ভয়ে অধীর হইয়া কন্তামকে ডাকিয়া পাঠাইয়াছেন। এ ব্যাপার কিছুমাত্র গুরুতর নহে, স্থূলৰাং অত ব্যস্ত হইবার আবশ্যক দেখিতেছি না। তুমি দীৰ্ঘ পথ হাঁটিয়া আসিয়া অত্যন্ত ক্লান্ত হইয়া পড়িয়াছ, দুই চারি দিন বিশ্রাম করিয়া স্থস্থ হও, তারপর এক সঙ্গে উভয়ে গমন করিব।”

দূতের মনে বাদশার কঠোর আদেশবাণী জাগিতেছিল, তবুও দেশপ্রসিদ্ধ মহাবীরের কথা ঠেলিতে পারিল না। অবশেষে চার পাঁচ দিন জাবুলীস্থানে কাটাইয়া যখন কন্তাম তাহার ভাতা জহুর এবং তাহার দুর্দৰ্শ জাবুলী সৈন্যগণকে সঙ্গে লইয়া রাজুধানীতে ফিরিয়া আসিল, তখন তাহাদের বিলম্বে রাজা ক্রোধে জলিয়া মনে মনে ফুলিতেছিলেন, কন্তামকে দেখিয়াই দূতের পানে রক্তচক্ষে চাহিয়া গর্জিয়া কহিলেন—

“কন্তাম যখন আমার আদেশ অমান্য করিয়া এত বিলম্বে আসিয়াছে, তখন, আমার হাতে তরবারি থাকিলে এই মুহূর্তে তাহার ধৃষ্টতার দণ্ড দিতাম। যাও, সে হতভাগ্য কাপুরুষকে এইদণ্ডে বধ্যভূমিতে লইয়া গিয়া মন্তক ছেন কর।”

কিন্তু সে দৃত তো নড়িলই না—অধিকন্তু সভাশুদ্ধ সকলেই ভয়ে, বিস্ময়ে, ক্ষোভে, দুঃখে অবাক হইয়া কাঠের পুতুলের মত শির হইয়া দাঁড়াইয়া রহিল। কন্তাম ধীরে ধীরে অগ্রসর হইয়া গন্তীর কণ্ঠে কহিলেন—

“হতভাগ্য অকৃতজ্ঞ বাদশা, সাধ্য থাকে—আমি তোমাকে তরবারি দিতেছি—অগ্রসর হইয়া এস। যে কন্তাম নিজের

জীৱন উপেক্ষা কৰিয়া বহুবাৰ তোমাৰ মাথা বাঁচাইয়া দিয়াছে ; আজ পৰ্যন্ত যাহাৰ জন্য সিংহাসনে বসিয়া আছ, তাৰ প্ৰতি এই ব্যবহাৰ ! সিংহাসনেৰ কলঙ্ক ! তোমাৰ নাম মুখে আনিলেও অকৃতজ্ঞতা-পাপে জিহ্বা কলুষিত হয়। কুস্তাম মনে কৱিলে বহুদিন পূৰ্বেই ওই মুকুটে এই মন্তক শোভিত হইত, এখনও মনে কৱিলে তা হইতে পাৰে, কিন্তু, না আমি চলিলাম। ঈশ্বৰ তোমাৰ বিচাৰ কৱিবেন, যে তুৱাণী যুবক শমন রূপে ইৱাগে আসিয়াছে তাৰ হস্তেই তোমাৰ পাপেৰ শাস্তি হইবে। চল ভাই সব, এ রাজাৰ সহিত আৱ আমাদেৱ কোন সম্বন্ধ নাই। সাধ্য থাকে বাদশা ! আমাদিগকে ইৱাণ হইতে তাড়াইয়া দিতে আসিও।”

বলিয়াই কুস্তাম তাহাৰ আতা, এবং আপন সৈন্যগণকে লইয়া রাজবাটী হইতে বাহিৰ হইয়া গেলেন। তখন বুদ্ধ ওমৱাহ গুড়ার্জ বাদশাকে কহিল—

“হায় খামিন, মুহূৰ্তেৰ ক্রোধেৰ বশে দেশেৰ কি সৰ্ববনাশ কৱিয়া বসিলেন। কুস্তাম তৱবাৱি না ধৰিলে সমগ্ৰ ইৱাণ প্ৰদেশ যে এই মুহূৰ্তেই তুৱাণীগণেৰ অধীন হইয়া যাইবে, কে তাৰতে বাধা দিয়া রক্ষা কৱিবে ? শক্র তাড়াইতে কুস্তামকে ডাকিয়া আনিয়া এখন বিবেচনাৰ অভাৱে শক্রদেৱই স্বযোগ কৱিয়া দিলেন ! বুৰিলাম এতদিনেৰ পৱ ইৱাণেৰ প্ৰতি বিধাতা বিমুখ হইয়াছেন আৱ রক্ষা নাই—আৱ রক্ষা নাই।”

গুড়ার্জকে বাদশা যেমন ভালবাসিতেন তেমনি শ্রদ্ধা-
ভক্তি করিতেন। তাহার কথা শুনিয়া তিনি অপনার
অন্ত্যায় বুঝিলেন এবং অনুতপ্ত চিত্তে অধীর ভাবে কহিলেন—

“যাও গুড়ার্জ—শীত্র যাও, যেমন করিয়া পার রুস্তামকে
ফিরাইয়া আন, তোমার অনুরোধ সে কখনো ঠেলিতে পারিবে
না।”

রাজবাটী ত্যাগ করিয়া রুস্তাম সেই দণ্ডেই আবার নিজের
দল বল লইয়া জাবুলীস্থানে ফিরিয়া যাইবার উদ্ঘোগ করিতে-
ছিলেন, এমন সময়ে গুড়ার্জ গিয়া বাধা দিয়া রাজাৰ জন্ম
ক্ষমা প্রার্থনা করিয়া কহিল—

“জান তো ভাই, আমাদের বাদশার মনুষ্যত্ব নাই—তাঁহার
কথায় রাগ করিয়া তুমি স্বদেশের সর্ববনাশ করিতে চাও।
তুমি চলিয়া গেলে—এই মুহূর্তে সমস্ত ইরাণ তুরাণীদের করগত
হইবে, তুমি তাহা সহ করিবে কেমন করিয়া? বাদশা
অত্যন্ত অনুতপ্ত হইয়াছেন এবং তোমার কাছে মার্জনা
চাহিবার জন্য হাত বাঢ়াইয়া আছেন। এস ভাই, স্বদেশকে
স্বেচ্ছায় শক্র হাতে সঁপিয়া দিও না। লোকে বলিবে যে
রুস্তাম এক বালক শক্র ভয়ে দেশবাসীর সর্ববনাশ করিয়া
গিয়াছে। এ বয়সে এ কলঙ্ক কিনিতে চাও কি?”

আর বেশী বলিতে হইল না, রুস্তাম সকলই বুঝিলেন
এবং তৎক্ষণাৎ আবার দলবল লইয়া রাজপ্রাসাদে ফিরিয়া
গেলেন। বাদশা ‘কাইকুস’ এবার অত্যন্ত সম্মানের সহিত

তাঁহার অভ্যর্থনা করিয়া অকপটে সর্বসমক্ষে মার্জনা ভিক্ষা করিলেন। কন্তামের মনের ক্ষেত্র দূর হইল, তিনি কাইকুসকে সাহস দিয়া যুদ্ধের সকল ভার আপন হস্তে গ্রহণ করিলেন। বাদশাও যেমন নিশ্চিন্ত হইলেন, দেশের প্রধান প্রধান ওমরাহ রাজকর্মচারীগণও তেমনি নিশাস ফেলিয়া বাঁচিল।

দেশের দৃঃখে কন্তামের হন্দয় এমনই পীড়িত হইয়াছিল যে, তিনি মৈন্তুভার গ্রহণ করিয়া সেই দিনেই যুদ্ধে গমন করিতে চাহিলেন। কিন্তু বাদশা কিছুতেই ছাড়িয়া দিলেন না। বীরবর কন্তামের সম্মানের জন্য এক মহা ধূমধামে প্রতিভোজের আয়োজন করিলেন।

সেদিন আমোদ আহলাদে কাটাইয়া পরদিন কন্তাম সাগর প্রবাহের মত বিশাল ইরাণী বাহিনী লইয়া অগ্রসর হইয়া চলিলেন।

একাদশ পরিচ্ছেদ

প্রথম দর্শন

শ্বেতদুর্গ পরিত্যাগ করিয়া কিছুদূর অগ্রসর হইলে পরই কন্তামের বাহিনীকে আগমন করিতে দেখিয়া সোরাবের হন্দয় উৎসাহে নাচিয়া উঠিল। তিনি তুরাণীরাজসেনার

শিবির পরিত্যাগ করিয়া বাহিরে আসিয়া কিছুদূরে একটি অপেক্ষাকৃত উচ্চ স্থানে শিবির পাতিয়া বসিলেন। রুস্তামের সহিত সোরাবকে পরিচিত করিয়া দিবার জন্য, তামিনা তাহার এক অনুগত সম্পর্কিত ভাতাকে পাঠাইয়া, তাহার উপর সোরাবের রক্ষণাবেক্ষণের ভার অর্পণ করিয়া দিয়াছিলেন। এই ব্যক্তির নাম জিন্দা রুজিম। জিন্দা যেমন সোরাবকে প্রাণাধিক ভালবাসিতেন, তেমনি ছায়ার শ্যায় সঙ্গে সঙ্গে থাকিয়া সর্ববদ্ধ সৎপরামর্শ দিতেন। তিনি সোরাবকে নিভৃতে ডাকিয়া কহিলেন—

“বৎস, এইবারে আমাদের মনোসাধ পূর্ণ হইবে। বাদশা আমাদের দমন করিবার জন্য যে অগণন সৈন্য পাঠাইয়াছেন উহার ভিতরে মহাবীর রুস্তাম নিশ্চয় আছেন। উহারা যখন অদূরেই শিবির স্থাপন করিয়া বসিয়াছে, তখন আমাদের আশা পূর্ণ হইবার আর বিলম্ব নাই।”

মাতুলের মুখে সেই আশার বাণী শুনিয়া পিতৃ-দর্শনের আশায় সোরাবের মন আনন্দে নাচিয়া উঠিল। সে সেই রাত্রে নিজের শিবিরে এক বিরাট প্রীতি-ভোজের আয়োজন করিল।

এদিকে শিবির পাতিয়া বসিয়াই রুস্তাম কার্য্যে মন দিলেন। বিপক্ষদলের নেতার সম্বন্ধে যে সকল অন্তু কাহিনী শুনিয়াছিলেন, তাহাতে যুদ্ধ আরম্ভ করিবার পূর্বে তাহার গতিবিধি সম্বন্ধে প্রকৃত সংবাদ লইবার জন্য, ছদ্মবেশে



1



সোরাৰেৱ প্ৰতিভোজনে ছদ্মবেশী রূপসাম—৫৯ পৃষ্ঠা

রাত্রিতে একা সোরাবের শিবিরের অভিমুখে চলিলেন।
রুস্তাম তুরাণী সৈন্যের বেশে এমন সাজিয়াছিলেন যে,
রাত্রির অন্ধকারে কেহই তাহাকে চিনিতে পারিল না।

সোরাবের শিবিরের ভিতরে প্রীতি-ভোজনের ঘটা চলিয়া-
ছিল। জিন্দা তাহার পার্শ্বে বসিয়াছিলেন, সহসা দ্বার-প্রান্তে
যেন কাহার ছায়া লুকাইতে দেখিয়া তাহার সন্দেহ হইল।
কাহাকেও কিছু না বলিয়া তৎক্ষণাৎ উঠিয়া বাহিরে চলিলেন।

তাহাকে আসিতে দেখিয়া ছায়াও সরিয়া গেল, জিন্দা
সন্দিক্ষ মনে তাহার অনুসরণ করিলেন। কিন্তু কিছুদূর না
যাইতেই সহসা অন্ধকারের ভিতর হইতে একটা ভীষণ
বল্লাম আসিয়া এমন ভাবে বুকে বিঁধিল যে, তিনি তৎক্ষণাৎ
সেইখানে অস্ফুট আর্তনাদ করিয়া পড়িয়া প্রাণ হারাইলেন।
ছায়া একেবারে অদৃশ্য হইয়া গেল।

জিন্দা যে কখন উঠিয়া গিয়াছিলেন তাহা সোরাব জানিতে
পারে নাই, হঠাৎ শূন্ত আসনে দৃষ্টি পড়িয়া আশ্চর্য হইল
এবং তাহার অন্ধেশণের জন্য তৎক্ষণাৎ অনুচর পাঠাইল।
তাহার শিবিরের অন্তিমূরে তাহার মৃতদেহ দেখিয়া আসিয়া
যখন সেই সংবাদ প্রদান করিল, তখন সোরাব শোকে জ্ঞানহারার
প্রায় হইয়া ভাবিল যে, দুষ্ট ‘কাইকুস’ গুপ্তচর পাঠাইয়া
কোন কৌশলে তাহাকে হত্যা করিয়াছে। এবং তৎক্ষণাৎ
ক্রোধে উদ্বীপ্ত হইয়া ‘কাইকুস’কে প্রতিশোধ দিবার জন্য ভীষণ
প্রতিজ্ঞা করিল।

সারি সারি ইরাণীদের শিবির পড়িয়াছিল। স্বয়ং বাদশা পর্যন্ত কন্তামের বীরত্ব দেখিবার জন্য রণক্ষেত্রের প্রান্তে আসিয়া শিবির পাঠিয়াছিলেন। সকাল হইতেই সোরাব বন্দী ভজীরকে সঙ্গে করিয়া একটা উচ্চস্থানে গিয়া উঠিল এবং কোন্ শিবির কাছার তাহা জানিতে চাহিল। ভজীর বাদশার শিবির হইতে আরম্ভ করিয়া একে একে অনেকগুলি বীরের শিবির চিনাইয়া দিল, কিন্তু কন্তামের নামও মুখে আনিল না। সোরাবের সন্দেহ হইল যে সে মিথ্যা বলিতেছে, একটা প্রকাণ্ড, সবুজবর্ণ, জাঁকজমকে পরিপূর্ণ শিবিরের পানে অঙ্গুলি নির্দেশ করিয়া প্রশ্ন করিল—

“ওই শিবির কি বীরবর কন্তামের নয় ?”

ভজীর মনে ভাবিল যে, যুবক বীর যখন প্রথম হইতে কন্তামের শিবির চিনিবার জন্য এত আগ্রহ প্রকাশ করিতেছে, তখন নিশ্চয় মনে কোন দুরভিসন্ধি আছে। হয়তো বা সহসা অতক্তিত অবস্থায় গিয়া তাহাকে গোপনে হত্যা করিবে। কন্তামকে হারাইলে ইরাণের যে সকল আশা ভরসা লোপ পাইবে তাহা সে জানিত, স্বতরাং মিথ্যা বলিল—

“না, উহা বীর কন্তামের শিবির নয় ?”

“সত্য বল, তবে কোন্ শিবির তাহার ?”

“কন্তামের শিবির তো দেখিতেছি না—তিনি সন্তুষ্টঃ এখনও আসিয়া পৌঁছান নাই।”

“অসন্তুষ্ট ! আমি আমার মায়ের নিকটে তাহার শিবিরের

যেরূপ বর্ণনা শুনিয়াছি, তা' ঠিক ওই সবুজ শিবিরের সঙ্গে
মিলিয়া যায়।”

“হাঁ, তা সত্য কথা, রুস্তামের শিবির ঠিক ওই রকম সবুজ
বর্ণ ই বটে, কিন্তু ও শিবির নয়।”

“সত্য বল—নহিলে এখনই তোমাকে বধ করিব।”

“আমি আপনার বন্দী—যা ইচ্ছা করিতে পারেন, সে ভয়ে
মিথ্যা বলিব কেন—রুস্তাম এখনো আসেন নাই, নচেৎ তাহার
শিবির দেখিতে পাইতাম।”

সোরাব নিরাশ হইয়া দীর্ঘনিশ্চাস ফেলিল। হজীর যে
মিথ্যা বলিয়াছে তাহা মনে ভাবিতে পারিল না, রুস্তাম আসেন
নাই বিশ্বাস করিয়া ঝানমুখে চলিয়া গেল। কিন্তু তাহার
অন্তরে জিন্দার হত্যা কাহিনী জাগিতেছিল, আর বিলম্ব সহিল
না—একেবারে ঘোড়া ছুটাইয়া বাদশার শিবিরের দিকে চলিল।

ইরাণের অনেক বড় বড় ঘোদ্বা বাদশার শিবির রক্ষা
করিতেছিল, কিন্তু রুস্তাম ছিলেন না। প্রথম দিন অন্য ঘোদ্বাকে
পাঠাইয়া, পরে নিজে যাইবেন, এবং ছদ্মবেশে ও ছদ্ম নামে
যুবকের সহিত যুদ্ধ করিবেন স্থির করিয়া রুস্তাম নিজের শিবিরে
বিশ্রাম করিতেছিলেন। তিনি ভাবিতেছিলেন যে এই বালকের
সঙ্গে দ্বন্দ্যকে আমার কিছুমাত্র পৌরুষ নাই বরং কলঙ্ক আছে,
লোকে বলিবে যে ইরাণে আর ঘোদ্বা নাই তাই বীর রুস্তাম
একটা তুচ্ছ বালকের সহিত দ্বন্দ্যুদ্ধ করিয়াছে, স্মৃতরাং নাম
গোপন এবং ছদ্মবেশ ভিন্ন এ কালি মুছিবার উপায়

নাই। ঠিক সেই সময়ে বাদশার শিবিরের কাছে গোলমাল উঠিল।

সোরাব বাদশার শিবিরের নিকটে গিয়া ‘কাইকুস’কে দেখিতে পাইল না, চীৎকার করিয়া তাহাকে দৃন্দ্যুদ্ধে আহ্বান করিল।

“এস, বাদশা কাইকুস, আমার সহিত দৃন্দ্যুদ্ধ কর, আমি তোমাকে রণে আহ্বান করিতেছি, নচেৎ তোমাকে ভীরু কাপুরুষ বলিয়া ডাকিব, শীত্র বাহির হইয়া যুদ্ধ দাও।”

কিন্তু বাদশার তো সাড়াশব্দ মিলিলই না—অধিকন্তু তাহার শিবিররক্ষক সৈন্যেরা সোরাবের স্পর্ধা ও বিক্রম দেখিয়া সকলেই তয়ে কাঁপিয়া যে কে কোথায় পলাইল তাহার ঠিকানা রহিল না। সমস্ত ইরাণী সৈন্যের ভিতরে একটা মহা আতঙ্কের আবির্ভাব হইয়া চারিদিক হইতে হাহাকার রোল উঠিল। সোরাব তাহা দেখিয়া ঘৃণার হাস্ত হাসিয়া বাদশাকে কাপুরুষ বলিয়া কটু কহিতে লাগিল। তবু কেহ অগ্রসর হইল না। কাইকুস আতঙ্কে কাঁপিয়া অতি দ্রুত রুষ্টামের নিকটে গুপ্ত দূত পাঠাইয়া দিলেন। দূত গিয়া কাঁপিতে কাঁপিতে কহিল—

“শয়তান—সাক্ষাৎ শয়তানের অবতার যুবকবেশে আসিয়াছে, কেউ তাহার সম্মুখে যাইতে সাহসী নহে, আপনি শীত্র আসুন।”

রুষ্টাম চমৎকৃত হইয়া মনে মনে ভাবিলেন—কে এ আশ্চর্য মহাশক্তিবান যুবক? ইরাণী সৈন্যদের এমন ছতাশ তো জীবনে কেহ কখনও দেখে নাই। কিন্তু তিনি আর বিলম্ব

করিতে পারিলেন না, তৎক্ষণাতে সমরসাজে সাজিয়া ‘রাক্সে’ চড়িয়া বিদ্যুৎবেগে বাহির হইয়া পড়িলেন। পথে তাঁহার আতা সতর্ক করিয়া কহিল—

“ভাই, একাকী ধাইয়া কাষ নাই—কে জানে কি ঘটিবে,
যুবক সাধারণ নহে।”

রুস্তাম তীক্ষ্ণ দৃষ্টিতে চাহিয়া এমন উপেক্ষার হাসি হাসিলেন
যে, জহুর আর বাধা দিতে পারিল না। রুস্তামের মনে নাম
গোপনের স্পৃহা বলবতী হইয়া উঠিল, তিনি দ্রুত অশ্চালনা
করিয়া সোরাবের সম্মুখে উপস্থিত হইয়া কহিলেন—

“দুঃসাহসী যুবক, আমি তোমাকে দ্বন্দ্যুক্তে আহ্বান করিতেছি,
এস যুদ্ধ কর।”

“রুস্তামকে দেখিয়াই সোরাবের মন যেন কেমন হইয়া গেল,
সর্বাঙ্গ যেন পুলকে রোমাঞ্চিত হইয়া উঠিল, হৃদয়ে একটা
অত্যন্ত প্রীতির ভাব জাগিয়া তাহাকে একেবারে মুক্ষের মত
করিয়া দিল, সে নিন্মিমেষচক্ষে নীরবে তাঁহার মুখের পানে
চাহিয়া রহিল। রুস্তাম দ্঵ন্দ্যাত্মকে হাসিয়া বলিয়া উঠিলেন—

“আমন করিয়া দেখিতেছ কি, যদি তথ পাইয়া থাক বল—
আমি বিনা যুদ্ধে তোমাকে ছাড়িয়া দিতেছি, হীন প্রাণ পলাইয়া
রক্ষা কর, আর ইরাণের দিকে আসিও না।”

সোরাব গজ্জিয়া উঠিতে গেল, কিন্তু পারিল না, কণ্ঠস্বর
যেন আপনা হইতেই কোমল—নন্দ হইয়া আসিল, মনে মনে
কি ভাবিয়া কহিল—

“না, ভয় কাহাকে বলে তা শিখি নাই, আস্তুন ওই নদীতীরে
নিরালা প্রান্তে আস্তুন।”

দ্বাদশ পরিচ্ছেদ

পিতা-পুত্র

ইরাণ শিবির হইতে দূরে সরিয়া আসিয়া পিতা-পুত্র যখন
মুখোমুখী হইয়া দাঁড়াইল, তখন কেউ কাহাকেও আপনার
সর্বস্বধন—পৃথিবীর সর্বশ্রেষ্ঠ রত্ন বলিয়া চিনিতে পারিল না—
হায়রে ভবিতব্য !

তবুও সোরাবের সেই কমনীয় তরুণ কান্তি দেখিয়া কে
জানে—কোথা হইতে যে রুস্তামের মনে আপনা হইতেই একটু
কোমলতা—একটু মায়া—একটুখানি অঙ্গাত আকর্ষণ আসিতে-
ছিল, তাহা তিনি কিছুতেই ঠেলিয়া রাখিতে না পারিয়া কোমল
স্বরে কহিলেন—

“হায়, তরুণ যুবক, কেন তুমি আমার সহিত যুদ্ধ করিতে ইচ্ছা
করিয়াছ ! তোমাকে যে এই হাতে হত্যা করিতে হইবে এ কথা
মনে করিতেও আমার প্রাণ কাতর হইতেছে। তোমার তরুণ
বয়স—পৃথিবীর কিছুই জাননা, আমি বুদ্ধি রণ-পণ্ডিত, কত বার
কত মহা মহা যুদ্ধে কত বড় বড় শক্তিশালী বীরকে বিনাশ
করিয়াছি, আজ পর্যন্ত কেউ আমাকে হারাইতে পারে নাই।
তোমার অঙ্গে আমার অন্তর্ঘাত শোভা পায় না। যুদ্ধে কাষ নাই—

যাও ফিরিয়া যাও। বিশাল পৃথিবী তোমার সম্মুখে প্রসারিত রহিয়াছে, এ ঘাতকের বৃত্তি ছাড়িয়া তুরণ পরিত্যাগ করিয়া যাও, যশে মণ্ডিত হইয়া পৃথিবীর রভুন্নপে পরিগণিত হইতে পারিবে। আর যদি ইচ্ছা কর, তোমার শৈর্য বীর্যের উপর্যুক্ত ক্ষেত্রে আমি তোমাকে স্থাপন করিয়া দিব, এ দুর্জনদের সঙ্গ ছাড়িয়া যাও।”

রস্তামের প্রত্যেক কথাটি ধারাল ছুরির মত সোবারের মর্ম-স্থলে কাটিয়া বসিল, দুই চোখ জলে ভরিয়া উঠিতে চাহিল, কষ্টে সম্ভরণ করিয়া কম্পিতকণ্ঠে কহিল—

“বীরবর আপনার মহৱ ও সহানুভূতি আমি অন্তরে অন্তরে অনুভব করিতেছি। একটা প্রশ্ন করিতে চাই, দয়া করিয়া সত্য উত্তর প্রদান করুন। আপনিই কি সেই ভুবনবিখ্যাত মহাবীর রস্তাম ? নহিলে এমন—”

বাধা পড়িল। প্রকৃত পরিচয় প্রকাশ হইয়া পড়িলে পাছে, তাঁহার প্রতিদ্বন্দ্বী হইবার অযোগ্য এই যুবকের কাছে সম্মানে খাটো হইয়া যাইতে হয়, এবং লোকনিন্দা ঘটে, সেই ভয়ে রস্তাম তাড়াতাড়ি বাধা দিয়া বলিয়া উঠিলেন—

“না, আমি রস্তাম নই। তোমার মত বালক কি সেই বীরের প্রতিদ্বন্দ্বী হইবার যোগ্য পাত্র, যে, তিনি স্বয়ং যুদ্ধ করিতে আসিবেন, তাঁহার বীরত্বের কি মূল্য মর্যাদা নাই যে তাঁহার সঙ্গে যুবিতে আশা করিয়াছ ; ধন্ত সাহস বটে ! কিন্তু আমি রস্তাম নই—তিনি আসেন নাই।”

একটা গভীর নিরাশার দীর্ঘনিশ্বাস উঠিয়া সোরাবের তরুণ হৃদয়খানি একেবারে যেন চুরমার করিয়া দিল। প্রথম সাক্ষীতে হৃদয়ের প্ররোচনায় যে আশা টুকু বুকে ধরিয়া সোরাব এই বৃক্ষ যোদ্ধাকে নিজেনে অহ্বান করিয়া আনিয়াছিল, তাহার নিজের মুখে তার বিপরীত উত্তর শুনিয়া আর হজীরের কথায় সন্দেহ করিতে পারিল না। সোরাবের ক্ষুজ্জ বুকখানি শতধা বিদীর্ঘ হইয়া সকল আশা ঘুচিয়া গেল। সোরাব আর এই অপরিচিতের কাছে নিজের পরিচয় প্রদান করা আবশ্যক মনে করিল না। হায়রে ভবিতব্য !

তারপর যখন পিতা-পুত্রে দ্বন্দ্যকে প্রবৃত্ত হইল তখন পিতা যেমন বুঝিলেন যে এই তরুণ যুবক সাধারণ নহে, পুত্রেরও তেমনি বুঝিতে বাকী রহিল না যে এই অজ্ঞাত বৃক্ষ অদ্বিতীয় রূপপন্থিত ! আবার একটুখানি সন্দেহে সোরাবের হৃদয় আলোড়িত হইয়া উঠিল—তাহার পিতাছাড়া তাহার সহিত এমন ভাবে এতক্ষণ যুবিবার শক্তি আর কাহার আছে ? মুহূর্তের অবসরে আবার আকুলভাবে চাহিয়া প্রশ্ন করিল—

“বলুন, বলুন, সত্য বলুন—আপনি কি মহাবীর রুস্তাম ?”

যে কোমলতাটুকু রুস্তামের হৃদয়ে প্রথম দর্শনে আবিত্তি হইয়াছিল, যুদ্ধের উত্তেজনায় যুবকের বীরত্বদর্শনে ঈর্ষায় তাহা অন্তর্ভুক্ত হইয়া গিয়াছিল, রুক্ষমস্বরে উত্তর করিলেন—

“না, না, রুস্তাম নই—যুদ্ধ কর—যুদ্ধ কর, কথায় আবশ্যক নাই, কার্যে বীরত্বের পরিচয় দাও।”

আবার সোরাব নিরাশ হইয়া যুদ্ধ আরম্ভ করিল, কিন্তু এবার সে পরিচয় এমন করিয়াই দিল যে, রুষ্টামের জীবনে আর কখনও তিনি কাহারও কাছে তেমন পরিচয় পান নাই। সারাদিন ধরিয়া দুইজনে দুই পরাক্রান্ত সিংহের মত অঙ্গুত যুদ্ধ করিল, তারপর দিবাবসানের সঙ্গে সঙ্গে সোরাবের আঘাতে রুষ্টাম ক্ষণকালের জন্য অবসন্ন হইয়া ভূমিতে লুটাইল। সোরাব তৎক্ষণাত্মে অস্ত্র সম্বরণ করিয়া কহিল—

“সন্ধ্যা হইয়া আসিতেছে, আজ এই পর্যন্ত। যান বীরবর, আজ গিয়া বিশ্রাম করিয়া স্থস্থ হউন, আমি শ্রান্ত ন হইলেও আপনি অত্যন্ত পরিশ্রান্ত হইয়াছেন স্বতরাং আজ আর যুদ্ধ করিব না। যদি ইচ্ছা করেন, দয়া করিয়া কাল আবার আসিবেন—আমন্ত্রণ করিয়া রাখিলাম।”

বলিয়া সোরাব বিনীতভাবে বিদায় গ্ৰহণ করিয়া শিবিরে ফিরিয়া গেলেন। যুবকের কাছে যুদ্ধে অপমানিত হইয়া চিৰ-বিজয়ী রুষ্টামের হৃদয় অপমানের আগুনে দন্ধ হইলেও সোরাবের বীরত্বে মুগ্ধ ও চমৎকৃত না হইয়া পারিলেন না, আবার মনে মনে ভাবিতে লাগিলেন—‘কে এ অঙ্গুত শক্তিশালী পুরুষ রণ-পণ্ডিত যুবক, কেন বার বার রুষ্টামের কথা জিজ্ঞাসা করিতেছে?’ কিন্তু তবুও দান্তিক বীর আপনার পরিচয় অজ্ঞাত রাখিবার সংকল্প দৃঢ় রাখিল। হায়—নির্মাম দৈব !

সারারাত্রি সোরাবের নিদ্রা আসিল না, বৃদ্ধ যোদ্ধার অপরিমেয় পরাক্রম, অঙ্গুত রণ-কৌশল, মৃগের ঘ্যায় লঘু চঞ্চল গতি, অবিরত

মনে উঠিয়া, তাহার অন্তরকে নিরন্তর ঝুঁকের প্রতিই আকর্ষিত করিতে লাগিল। অঙ্গাতে হৃদয়ের সমস্ত শ্রদ্ধাভক্তি-ভালবাসা একত্রে উচ্ছুসিত হইয়া তাহারই চরণমূলে আত্মনিবেদন করিয়া দিতে ছুটিল। প্রত্যৈ উঠিয়া ‘হুমান’কে জিজ্ঞাসা করিল—

“সত্য বল হুমান, কাল যাহার সহিত যুদ্ধ করিয়াছি, এবং আজ আবার এখনি যুদ্ধ করিতে যাইব—তিনিই কি দেশবিখ্যাত ইরাণী বীর রুস্তাম ?”

আফ্রিজিয়াবের আদেশ হুমান বিস্মৃত হয় নাই, মনোভাব গোপন করিয়া জিজ্ঞাসা করিল—

“কেন, বলুন দেখি ?”

“কাল বরন্ধার জিজ্ঞাসা করিয়াও পরিচয় পাইলাম না।

“কিন্তু আমার মনে হইতেছে আমি বালক বলিয়া—লজ্জায় তিনি আত্মপরিচয় গোপন করিয়াছেন। রুস্তাম তিনি এমন অন্তুত পরাক্রম ইরাণে আর কাহার আছে ? সত্য বল—তিনিই কি মহাবীর রুস্তাম ? তোমরা তো বহুবার তাঁহাকে স্বচক্ষে দেখিয়াছ ?”

“বহুবার দেখিয়াছি; ইনি রুস্তাম নহেন।”

“আশ্চর্য—তবে তজীর মিথ্যা বলে নাই ?”

“না, শুনিয়াছি রুস্তাম এখনো জাবুলীস্থান হইতে আসিয়া পৌঁছান নাই। রুস্তাম আসিলে দেখিতেই পাইবেন।”

সোরাব আর কিছু না বলিয়া আবার যুদ্ধ যাত্রা করিল। কিন্তু রণস্থলে গিয়া রুস্তামকে দূর হইতে দেখিয়াই আবার তাহার

সারাটি হৃদয় আকুল হইয়া উঠিল। প্রাণের ভিতর এমন একটা আবেগ সাগর-তরঙ্গের মত নাচিয়া উঠিল যে, সে কিছুতেই তাহার বেগ দমন করিতে পারিল না, স্নেহভাজন পরমাত্মায়ের মত তাড়া-তাড়ি কন্তামের কাছে গিয়া মিনতিপূর্ণ বিনীতস্বরে কহিল—

“আসুন, আসুন, আর আমরা যুদ্ধ করিব না, আপনার দেহে অস্ত্রাঘাত করিয়া অত্যন্ত অনুত্তাপ ভোগ করিয়াছি। সত্য বলুন আপনি বীরবর কন্তাম কি না, কন্তাম নহিলে এত পরাক্রম, এত শক্তি কার ? দোহাই আপনার, প্রতারণা করিবেন না, অস্ত্র ফেলিয়া দিন—আজ পরম্পরে বন্ধুত্বে আবদ্ধ হইব, আর আমার যুদ্ধ করিতে ইচ্ছা নাই, বলুন—বলুন আপনি বীরবর কন্তাম কি না ?”

বলিয়া সোরাব এমন কাতরনয়নে অঙ্গাত পিতার মুখের পানে চাহিল যে, কন্তামের হৃদয়ে তাহা সজোরে আঘাত করিয়া ব্যথা দিতে ছাড়িল না, কিন্তু পূর্ববিনের অপমানবক্ষি তখনও ছাইচাপা আগুনের মত তাহার অন্তরে ধিকি ধিকি জলিতেছিল। সেই আগুন দ্বিতীয় জ্বালাইবার জন্য কি আত্মপরিচয় দিয়া তিনি অধিকতর অপমানকে বরণ করিয়া লইবেন ? পরিচয় গোপন রাখিবার জন্য তাহার দৃঢ়তা আরও বাড়িল বই কমিল না। তিনি আপন সংকল্পে অটুট রহিয়া কহিলেন—

“মূর্খ যুবক, তুমি কি মিষ্টি কথায় মন ভুলাইয়া পরিত্রাণ পাইতে চাও ? কিন্তু তোমার সে আশা মিটিবে না—আজ তোমাকে সমুচ্চিত শিক্ষা দিয়া বিদায় করিব। বারষ্বার বলিয়াছি

আমি রুস্তাম নই, তবু বারন্ধাৱ সেই মহাবীৱেৱ নামে আমাকে
তোষামোদ কৱিয়া ভুলাইতে চাও। ছিঃ ! ছিঃ ! ভীৱ, কাৰ্পুৰুষ,
যুদ্ধ কৱ ।”

রুস্তামেৱ কথাৱ সঙ্গে সঙ্গে যুবকেৱ নিৱাশা-পীড়িত হৃদয়ে
তৱল শোণিতস্ত্রোত উত্পন্ন হইয়া উঠিল, আৱ বাক্যব্যয় না
কৱিয়া তৎক্ষণাৎ সে মল্ল-ৱণে মাতিল। সেদিনকাৱ যুদ্ধ আৱও
কঠোৱ—আৱও ঘোৱতৱ হইয়া দাঁড়াইল, দূৱে চিত্ৰপুত্রলিকাৱ
মত স্তৰ হইয়া উভয় দলেৱ সৈন্যগণ দাঁড়াইয়া দেখিতে লাগিল।
অবশেষে সোৱাব রুস্তামকে মাটীতে ফেলিয়া দিল। যুদ্ধৰীতি
অনুসাৱে সোৱাব তাহাৱ বুকে হাঁটু চাপিয়া বসিয়া মস্তক দ্বিখণ্ডিত
কৱিত কিন্তু আবাৱ সেই কৱণভাব মনে উদিত হইয়া তাহাকে সে
কাৰ্য্যে বাধা দিল। সোৱাব মন্ত্ৰমুৰ্খবৎ দাঁড়াইয়া রহিল। রুস্তাম
চকিতে উঠিয়া কহিল—“যুবক আজ এই পৰ্যন্ত—কল্যকাৱ যুদ্ধ
শেষ যুদ্ধ জানিবে ।” সোৱাব তাহাতেই সম্ভত হইল।

ত্ৰয়োদশ পৱিষ্ঠেদ

ভাগ্যলিপি

সে দিনেও অপমানেৱ কালিমা মুখে মাথিয়া দেশবিখ্যাত
রুস্তাম বীৱ আপনাৱ শিবিৱে ফিৱিলেন, আৱ তুৱাণীগণেৱ
জয়ধৰনিতে সমগ্ৰ শিবিৱ কল্পিত হইতে লাগিল। রুস্তামেৱ
মুখেৱ ভাৱ দেখিয়া কি বাদশা ‘কাইকুস’, কি তাহাৱ স্বপন্কীয়

প্রিয় সৈন্যগণ—কেহই কাছে ঘেঁসিতে সাহস করিল না। কন্তাম ইঙ্গিতে কেবলমাত্র তাঁহার ভাতা জহুরকে ডাকিয়া লইয়া আপন শিবিরে প্রবেশ করিলেন এবং অন্যের অগোচরে কহিলেন—

“ভাই—বুঝিতে পারিতেছি না—কে এই ভীমবিক্রম যুবক-বীর আমার গর্ব খর্ব করিতে আসিয়াছে! মনে হয়—আমার যদি কণ্ঠা না হইয়া একটি পুত্রসন্তান হইত—তা’ হইলে সেও ঠিক এমনি বীরকুল-চূড়ামণি হইয়া উঠিত, কিন্তু সে আশা বৃথা—তামিনা কেন আমার কাছে মিথ্যা সংবাদ পাঠাইবে, পুত্র জন্মিলে সে সর্বাগ্রে সেই আনন্দসংবাদ না দিয়া থাকিতে পারিত না, কিন্তু তবুও—কেন জানি না—যুবককে দেখিলে হৃদয়ে কেমন এক অঙ্গাত আনন্দের সঞ্চার হয়, তাহার অঙ্গে অস্ত্রাঘাত করিতে হাত যেন অবশ হইয়া পড়ে—কে জানে এ কোন্‌ যাদুকর! আজ পর্যন্ত যে বিজয়ী কন্তামের গর্বকে কেহ একবিন্দু ক্ষুণ্ণ করিতে পারে নাই—সেই আমি ক্রমাগত দুই দিন বালকের রণে হটিয়াছি, জানি না কাল ভাগ্যে আবার কি ঘটিবে! শুন ভাই—আমাদের দ্বন্দ্যবুদ্ধের কাল মীমাংসা হইবে, যদি জয়ী হই তো কথাই নাই, কিন্তু সে আশা আর মনে স্থান দিতে পারিনা। যদি ভাগ্যে বিপরীত ঘটে, তবে তুমি আমার সমস্ত সৈন্য লইয়া অবিলম্বে দেশে ফিরিয়া যাইও—এ যুদ্ধে আর কোন সংশ্রব রাখিও না, অকৃতজ্ঞ ‘কাইকুস’ তাঁহার নিজের কার্য নিজে করিবেন, না পারেন—ফল ভুগিবেন। বুঝিতেছি—তাঁহার প্রায়শিচ্ছের কাল নিকটবর্তী হইয়া আসিয়াছে।”

এই বলিয়া আতাকে বিদায় দিয়া রুস্তাম বিশ্রামে মনোযোগ দিলেন, কিন্তু হায় বিশ্রাম তাঁহার ভাগ্যে ঘটিল না। সেই নির্জন মুহূর্তে সোরাবের মুখচ্ছবির সঙ্গে সঙ্গে তাহার অন্তুত পরাত্মের চিত্রগুলি ক্রমাগত তাঁহার হৃদয়পট ছাইয়া ফেলিতে লাগিল, তিনি আর এক পলের জন্যও সোরাবের চিন্তাকে অন্তর হইতে বিদায় দিতে পারিলেন না। তুরাণীগণের শিবির হইতে ঘন ঘন জয়োল্লাসের ধ্বনি উঠিয়া সেই চিত্রকে যেন জীবন্ত করিয়া তুলিতে লাগিল।

এদিকে তুরাণীদের শিবিরে অফুরন্ত জয়োল্লাসের ভিতরেও বাদশা ‘আফ্রিজিয়াবের’ অনুচর ‘হমান’ ও ‘বার্মাণের’ ভাবনার অবধি ছিল না। উপর্যুক্তির দুইদিন যুক্তে রুস্তামকে দুইবার দুই-প্রকারে পরাজিত করিয়াও সোরাব যখন মহত্ত্ব ও উদারতা গুণে মুক্তি দিয়া আসিয়াছিল—তদবধি তাহাদের চিন্তার বিরাম ছিল না। যদি কোন সূত্রে—পরদিনের যুক্তে—শেষ মুহূর্তেও পিতা-পুত্রের পরিচয় প্রকাশ হইয়া যায়, তাহা হইলে পরিণাম যে কি হইবে সেই কথা ভাবিয়া এবং বাদশার আদেশ স্মরণ করিয়া উভয়ে অবিরত সোরাবকে রুস্তামের বিরুক্তে উত্তেজিত করিবার প্রয়াস পাইতে লাগিল।

কিন্তু তাহাদের সকল চেষ্টাই ব্যর্থ হইয়া গেল। পিতার কোন প্রকার উদ্দেশ করিতে না পারিয়া, সোরাব এমন নিরাশ হইয়া পড়িয়াছিল যে, আর তাহার কোন বিষয়ে কিছুমাত্র উৎসাহ ছিল না, জীবন যেন অসহনীয় ভাব বোধ হইয়া সকল ব্যাপারেই

তাহাকে উদাসীন করিয়া দিয়াছিল। যতবার সেই প্রবীণ প্রতিদ্বন্দ্বী বীরের কথা মনে উঠিতেছিল, ততই তাহার তরুণ হৃদয়ের সকল তেজ, গর্ব, বীর্য যেন নির্বাপিত হইয়া—একটা অঙ্গাত স্নেহের আকর্ষণে তাহাকে কেবলই তাহার দিকে ক্রমাগত টানিতেছিল।

হায়, যদি সে পিতার পরিচয় পাইত! যদি রুস্তাম বীরভূরে অহঙ্কারে অঙ্ক না হইয়া পরিচয় প্রকাশ করিতেন অথবা সোরাবও যদি একবার কোন সূত্রে মুখ ফুটিয়া নিজের পরিচয় বলিয়া ফেলিত! তা' হইলে সোরাবের মত স্বীকৃত বোধ করি পৃথিবীতে আর দ্বিতীয় থাকিত না। কিন্তু হায়! ভাগ্যলিপি কে খঙ্গন করিবে?

তেমনি মনের গুরুভার লইয়া সোরাব যখন—পরদিন—অঙ্গাত পিতার সহিত তৃতীয়বার ঘুঁড়ে নামিল, তখন তাহার মনে আর হার-জিতের কোন কামনাই ছিল না, তবুও অভ্যাস তাহার উদাসীন শক্তিকে দৃঢ় করিয়া দিল। কিন্তু মন মানিল না, চুম্বুক ঘেমন লৌহকে আকর্ষণ করে, তেমনি একটা অঙ্গাত শক্তি তাহার তরুণ হৃদয়কে অঙ্গাত প্রতিদ্বন্দ্বীর দিকে টানিতে লাগিল। অন্তে হাত দিবার পূর্বে সে যেন বিহ্বলের মত ক্ষণকাল রুস্তামের মুখের পানে নীরবে চাহিয়া আবার সেই প্রশ্ন করিল—

“সত্য বলুন—আপনি কি বীরবর রুস্তাম নহেন, দোহাই আপনার—বালকের সঙ্গে ছলনা করিবেন না। জানি না—

আপনাকে দেখিয়া অবধি কেন আমার মন এমন হইয়াছে, আপনাকে কিছুতেই শক্র বলিয়া মনে করিতে পারি না, আপনাকে পর ভাবিতেও প্রাণ যেন আমার কাঁদিয়া উঠে। কাষ নাই যুদ্ধে—আহুন আমরা অন্ত ফেলিয়া দিয়া পরম্পর স্নেহে আবন্ধ হই। বলুন—বলুন—আমার অনুমান সত্য কি না, আপনি দেশপূজ্য মহাবীর কন্তাম কি না ?”

শেষ কথাগুলি বলিতে বলিতে সোরাবের কণ্ঠস্বর বাধিয়া আসিল, চোখ দু'টি ছল ছল করিয়া উঠিল। মুহূর্তের জন্য তাহার মুখের পানে চাহিয়া কন্তামেরও মন একবার টলিল, কিন্তু পরক্ষণেই ভাবিলেন—আমার পরিচয় পাইলে যুবক যুদ্ধ তো করিবেই না, বরং উপহার দানে আমাকে তুষ্ট করিয়া নির্বাত করিবে। তার পর দেশে ফিরিয়া গিয়া গর্বভরে রটাইবে যে—ইরাণের সমস্ত বড় বড় নামজাদা ঘোন্দাগণকে আমি দ্বন্দ্যুদ্ধে আহ্বান করিয়াছিলাম, কিন্তু একমাত্র বীর কন্তাম ছাড়া আর কেউ ভরসা করিয়া অগ্রসর হয় নাই, এবং আমরা দুইজনে পরম্পর পরম্পরকে ঠিক সমান বলিয়া—উভয়ে প্রীতি-উপহার বিনিময় করিয়া বন্ধুত্ব করিয়া আসিয়াছি।

কথাটা মনে হইতেই কন্তামের হাদয় কঠোর হইয়া উঠিল, দৃঢ়—কর্কশ কণ্ঠে ধমক দিয়া কহিলেন—

“না, না—বার বার বলিয়াছি আমি কন্তাম নহি, তুমি ইরাণের ঘোন্দাদেরে দ্বন্দ্যুদ্ধে আহ্বান করিয়াছ—আমি সে আহ্বান গ্রহণ করিয়া আসিয়াছি—যুদ্ধ কর। তুমি কি শুধু কন্তামের

সঙ্গে যুদ্ধ করিবে বলিয়া আসিয়াছ ? দুঃসাহসী বালক—
রুস্তামকৈ দেখিবামাত্র অতিবড় পরাক্রমশালী যৌবনারও হাতের
অসি খসিয়া পড়ে, বাড়ের মুখে শুক্ষ পত্ররাশির মত—রুস্তামের
সম্মুখে শক্রপক্ষ চোখের পলকে উড়িয়া যায়। আজ যদি রুস্তাম
আসিত, তা' হইলে তোমার মুখে আর যুদ্ধের কথা বাহির
হইত না। কিন্তু আমি—যা, সেই ভাবেই বলিতেছি যে এখনও
তুমি হারমানিয়া ফিরিয়া যাও—নচেৎ এই প্রান্তরের শুক্ষ
বালুকারাশি তোমার উষ্ণ রক্তে সিন্দু হইতে আজ আর বাকী
থাকিবে না।”

সোরাবের আর সহ হইল না, দুই দিন হটিয়াও যে গর্বিত
প্রতিদ্বন্দ্বী তাহার পরাক্রমকে ঘৰ্মনভাবে অগ্রাহ করিল, তাহার
প্রতি হৃদয়ের সকল কোমলতাই মুহূর্তে অদৃশ্য হইয়া গেল, সে
রুক্ষনস্থরে কহিল—

“গর্বিত বৃন্দ, দুই দিনের যুদ্ধে কি আমার শক্তির পরিচয়
পাইতে তোমার বাকী আছে—তবে বালক বলিয়া উপহাস
করিতেছে কেন ? তেমন ধাতুতে আমার প্রকৃতি গঠিত নহে,
তাহার পরিচয় এখনো না পাইয়া থাক তো আজ ভাল করিয়াই
পাইবে। কিন্তু একটা কথা সত্য বলিয়াছ, যদি বীরবর রুস্তাম
উপস্থিত হইতেন তা' হইলে যে যুদ্ধের নাম মুখে আনিতাম না
—সে কথা নিশ্চয়। কিন্তু আমার ভাগ্যদোষে তিনি এখন এখন
হইতে বহুদূরে জাবুলীস্থানে রহিয়াছেন, এ যুদ্ধের মীমাংসা আজ
তোমায়-আমায় এই স্থানে হইয়া যাইবে। তবে প্রস্তুত হও !

তুমি বীর্যে ও আকৃতিতে আমার অপেক্ষা বহুগুণে উচ্চ ; আমি
বালকমাত্র, যুদ্ধের অভিজ্ঞতাতেও তোমার সমকক্ষ নই ; তবুও
স্মরণ রাখিও যুদ্ধ, জয়-পরাজয় কাহারও ইচ্ছাধীন নহে। যে
জয়ের আশায় নিশ্চিত হইয়া একপ গর্ব করিতেছ, নিয়তি আজ
তাহা কোন্ পথে চালিত করিবে তাহা কি ঠিক বলিতে পার ?”

রুস্তাম আর সে কথার জবাব করিলেন না, চক্ষের নিমিষে
বাঘের মত লাফাইয়া সোরাবের উপরে গিয়া পড়িলেন। যুদ্ধ-
বিশারদ সোরাবও তজ্জন্ম প্রস্তুত ছিল। মুহূর্তের ভিতরে
দুইজনে ঘোরতর মল্লরণ আরম্ভ হইয়া গেল। উভয় পক্ষের সৈন্যগণ
দূরে দাঁড়াইয়া স্তুক হইয়া—উভয়ের সে দিনের সেই ভীষণ যুদ্ধ
দেখিতে লাগিল।

কিন্তু বহুক্ষণেও যুদ্ধের মীমাংসা হইল না। রণরঙ্গে সোরা-
বের উদাস হৃদয়ের শোণিতরাশি বিষম উত্তপ্তি হইয়া এমন সিংহ-
বিক্রম আনিয়া দিল যে, রুস্তাম শুধুই যে যুবকের সে দিনের দুর্দৰ্শ
পরাক্রম দেখিয়া আশ্চর্য হইয়া গেলেন এমন নয়, তাহার হৃদয়
হইতে জয়ের আশা একেবারে বিলুপ্ত হইয়া গেল। আর যতই
তিনি আপনার অক্ষমতা অনুভব করিতে লাগিলেন, ততই মনে-
মনে যুবকের প্রতি আরও কঠোর—আরও নির্মম হইয়া ভীষণতর
হইতে লাগিলেন।

কিন্তু বহুক্ষণেও কেহ কাহাকেও পরাস্ত করিতে পারিল না।
সহসা সোরাব যুদ্ধে ক্ষান্ত দিয়া—কম্পিতকায় ঘর্ষ্যাত্মক রুস্তামকে
পুনরায় কঠিল—

“তুমি পরম যুদ্ধবিশারদ প্রকৃত বীর বটে ! আমি বালক হইলেও বহুবার বহু পরাক্রমশালী যোদ্ধার সহিত যুদ্ধ করিয়াছি, কিন্তু এমন অন্তুত বীর্য আর কাহারও দেখি নাই। তুমি কন্তাম নও বলিতেছ, কিন্তু যে হও আর যুদ্ধে কাষ নাই, ক্রোধ সম্বরণ কর। কে জানে কেন আমি কিছুতেই তোমার প্রতি রুষ্ট হইতে পারিতেছি না, যতই তোমার পানে চাহিতেছি তোমার অঙ্গে আমার অঙ্গ স্পর্শ হইতেছে ততই আমার হৃদয় অধীর হইয়া তোমার প্রতি আকৃষ্ট হইতেছে—কিছুতেই তোমার অঙ্গে আঘাত করিতে পারিতেছি না। কে তুমি ওহোঃ—কে তুমি আমার হৃদয়ে এমন আধিপত্য বিস্তার করিয়া ফেলিতেছ, ঈশ্বরের একি নির্দেশ ! ক্ষান্ত হও—যুদ্ধে কাষ নাই, এস আমরা সন্ধি করিয়া পরস্পর বন্ধুত্বসূত্রে বন্ধ হই। তুমি ইরাণের একজন শ্রেষ্ঠ বীর, নিশ্চয়ই বহুবার বীরবর কন্তামকে দেখিয়াছ—বহুবার তাঁহার পাশে দাঁড়াইয়া একসঙ্গে যুদ্ধ করিয়াছ—তাঁহার বহু বীর্য বিক্রম, কৌর্তি কাহিনীর বিষয় অবগত আছ, আমাকে সেই সকল কথা বল, বীরবর কন্তামের গল্প শুনাও।”

একটা গভীর নিরাশার দীর্ঘশ্বাস সোরাবের শেষ কথার সঙ্গে সঙ্গে বাহির হইয়া বাতাসে মিশিয়া গেল। কিন্তু কন্তাম তাহা লক্ষ্য করিলেন না। বীরবরের গর্বে বারষ্বার আঘাত পাইয়া দিঘিজয়ী বীর উন্মত্তের মত হইয়া উঠিয়াছিলেন, ক্রোধে তাঁহার সর্ববাঙ্গ কাঁপিতেছিল, দন্তে দন্তে ঘর্ষিত হইয়া বাকশক্তি কুন্ড করিয়া দিয়াছিল, চক্ষুদ্বয় হইতে যেন অগ্নিশুলিঙ্গ ছুটিয়া বাহির

হইতেছিল, বক্ষস্থল সাগর-তরঙ্গের মত—ঘন ঘন ফুলিয়া ফুলিয়া উঠিতেছিল, সর্ববাঙ্গ ঘামে ও ধূলায় কর্দমাক্ত হইয়া ভীষণকায় দৈত্যের মত দেখাইতেছিল। ক্ষণকাল ভীষণ রোষ-রত্নম অগ্নি-ময় দৃষ্টিতে সোরাবের পানে চাহিয়া চাহিয়া রুস্তাম সহসা ক্ষুধার্ত সিংহের মত ভীষণস্বরে গর্জিয়া উঠিলেন—

“ভীরু—কাপুরুষ—বালিকাস্মভাবসম্পন্ন যুবক, এ তোমার তুরাণের বাদশা ‘আফ্রিজিয়াবের’ ক্রীড়াকানন নহে যে মিষ্ট কথায় নর্তকীদের মন ভুলাইবে, স্মরণ রাখিও এস্তল ইরাণের যুদ্ধক্ষেত্র। এই পরিণত বয়সে আমি তোমার মিষ্ট কথায় ভুলিয়া খেলা করিতে আসি নাই। যুদ্ধকর—আত্মরক্ষায় মনোযোগী হও, এবার তোমার আর নিষ্ঠার নাই, তোমার মিষ্ট কথার সঙ্গে সঙ্গে চাতুরীর অভিনয় শেষ করিয়া দিতেছি।”

বলিয়াই রুস্তাম উন্মত্তের মত আবার সোরাবের উপরে গিয়া পড়িলেন। অনিচ্ছাসত্ত্বেও সোরাবকে বাধ্য হইয়া আবার যুক্তে মাতিতে হইল। আবার উভয়ে ঘোরতর সংগ্রাম বাধিয়া গেল। দূরে দাঁড়াইয়া উভয় পক্ষের সৈন্যগণ রুদ্ধনিষ্ঠাসে সেই দুই অসমান প্রতিদ্বন্দ্বীর অস্বাভাবিক যুদ্ধ দেখিতে লাগিল। আকাশ হইতে দেবতারাও বুঝিবা এবার পিতা-পুত্রের সেই অস্বাভাবিক বণরঙ্গ দেখিয়া মুখ ফিরাইয়া লইলেন। সহসা রণস্থলের উপরিভাগে আকাশ মেঘাচ্ছন্ন হইয়া গেল, আচম্বিতে একটা প্রবল ঘূণ্ণি বাতাস উঠিয়া নদীতীরের বালুকারাশি উড়াইয়া উভয়ের চারিদিকে এমন নিবিড়ভাবে আচ্ছন্ন করিয়া দিল যে, দূরস্থিত

দর্শকগণের চক্ষে ঘোন্ধাদুয় একেবারে অদৃশ্য হইয়া গেল। সেই ঘনধূলিসমাচ্ছন্ন নিবিড় অঙ্ককারের তিতরে অঙ্গাত পিতাপুত্র—
রক্তলোলুপ শার্দুলের মত—পরম্পরের বক্ষরক্ত পানের তৃষ্ণায়
উন্মত্ত হইয়া ভীষণ রণরঙ্গে মাতিয়া রহিল। আর কেবল মাত্র
রস্তামের প্রিয় অশ্ব ‘রাক্স’ প্রভুর অদূরে নিশ্চলভাবে দাঁড়া-
ইয়া—অপলকনেত্রে সেই অস্বাভাবিক ব্যাপার নিরীক্ষণ করিতে
লাগিল।

সহসা বাযুতরঙ্গে বজ্রনাদ শ্রান্ত হইল এবং সঙ্গে সঙ্গে ‘রাক্স’
এমন ভীষণ, অস্বাভাবিক, তীব্র চীৎকার করিয়া উঠিল যে তাহা
অশ্বের ত্রেষার মত শুনাইল না। দূরস্থিত উভয় পক্ষীয় সৈন্যগণই
সেই তমসাচ্ছন্ন অদৃশ্য অশ্বের বিকট ধ্বনিতে আচম্বিতে মহাভয়ে
কাপিয়া উঠিল। আর সেই মুহূর্তে বিমনা সোরাবকে সহসা
অতর্কিতে নীচে ফেলিয়াই রস্তাম তাহার বক্ষদেশে এক বিষম
ধারাল প্রকাণ্ড ছোরা আমূল বসাইয়া দিয়াই পৈশাচিক উল্লাসে
অটুহাসি হাসিয়া উঠিলেন।

হায়—নির্মম ভাগ্যলিপি !

চতুর্দশ পরিচ্ছেদ

অবসান

হতভাগ্য সোরাবের ভাগ্যলিপি পূর্ণ হইবার পরম্পরণেই
প্রকৃতির বিপ্লবও থামিয়া গেল। আকাশের মেঘ কাটিয়া সূর্য

হাসিল, ঘূণী বাতাস পড়িয়া গেল, ধূলার অঙ্ককার অদৃশ্য হইল, প্রকৃতি যেন একটা বীভৎস অভিনয় দর্শনের পরে মনের ভার ঝাড়িয়া ফেলিবার জন্য জোর করিয়া হাসিল। উভয় পক্ষীয় দর্শক সৈন্যগণের হৃদয় এতক্ষণ উৎকর্ণ্যায় আলোড়িত হইতেছিল, এতক্ষণের পরে সকলে রণস্থলের দৃশ্য দিবালোকে সুস্পষ্ট দেখিতে পাইল।

রক্তাক্তকলেবরে সোরাব বালুকা-শ্যায় লুটাইয়া যাতনায় ছটফট করিতেছিল, আর সেই পরম পিতৃত্বক, অজ্ঞাত পুরের পার্শ্বে দাঢ়াইয়া—‘অজ্ঞাত পিতা—রুস্তাম’ বিজয়গর্বে হাসিতে হাসিতে পরাজিত মৃত্যু-শ্যাশ্যাশয়ী প্রতিদ্বন্দ্বীর সেই বিষম যাতনা নিশ্চিন্তমনে উপভোগ করিতেছিলেন। সেই দৃশ্য দেখিয়া তুরাণী সৈন্যগণের ভিতরে যেমন বিষাদের হাহাকার উঠিল, ইরাণী সৈন্যগণের জয়োল্লাস উঠিয়া তেমনি আকাশ বাতাস কাঁপাইতে লাগিল। পৈশাচিক আনন্দে পরিতৃপ্ত দৃষ্টিতে সোরাবের মুখের পানে চাহিতে চাহিতে রুস্তাম উল্লাসভরে কহিলেন—

“হায় সোরাব, তোমার মনে বড় সাধ ছিল যে ইরাণের একজন প্রধান ব্যক্তি এবং বিখ্যাত যোদ্ধাকে আজ বধ করিয়া তুমি ‘আফ্রিজিয়াবের’ শিবিরে উচ্চ সম্মান লাভ করিবে, অথবা হয়ত মনে মনে এই দুরত্বসন্ধি পোষণ করিয়াছিলে যে, দেশ-বিখ্যাত মহাবীর রুস্তামকে যুদ্ধক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী রূপে পাইয়া, মিষ্ট কথায় এবং উপহার প্রদানে তাহাকে ভুলাইয়া যুদ্ধে নিরস্তু করিবে, তারপর দেশে ফিরিয়া গিয়া কহিবে যে ইরাণের কোন

যোদ্ধা আমার সঙ্গে যুদ্ধ করিতে সাহস করে নাই, শেষে স্বয়ং
মহাবীর রুস্তাম উপযুক্ত প্রতিদ্বন্দ্বী জ্ঞানে অগ্রসর হইয়াছিল কিন্তু
বীর্যে, পরাক্রমে ও রণবিদ্যায় উভয়ে সমকক্ষ বলিয়া রুস্তামের
আগ্রহে পরম্পরে সন্ধি স্থাপন করিয়া আসিয়াছি। হাঃ হাঃ হাঃ
সে গর্ব উপভোগ করা তোমার ভাগ্যে নিশ্চিত আছে মনে
ভাবিয়াছিলে ! সে রটনায় তোমার নাম গৌরবে মণিত হইয়া
সমগ্র দেশবাসীর মুখে মুখে ফিরিবে ! তোমার বুদ্ধি পিতা মাতা
তোমার গৌরবে তাঁহাদের বার্দ্ধক্যে সম্মান ও শ্রদ্ধার উচ্চশিখের
উঠিবেন ! শত শত উচ্চবংশীয়া সুন্দরী রমণী তোমাকে পতি
লাভের জন্য লালায়িত হইবে ! হায় মুর্থ—সে দুরাশা এখন
তোমার রহিল কোথায় ? আজ যে এই অজ্ঞাত বিদেশে—
অজ্ঞাত যোদ্ধার হস্তে নিহত হইয়া তুমি যে তোমার বুদ্ধি পিতা
মাতা এবং দেশবাসীর প্রিয়তর হইবার পরিবর্তে শৃগাল ও শকুনি
গৃধিনীগণের প্রিয়তম হইয়া পড়িলে ! হাঃ—হাঃ—হাঃ—”

রুস্তামের মর্মান্তিক শ্লেষবাক্যগুলি শত শত তপ্ত শলাকার
মত সোরাবের হাদয়ে বিন্দু হইল, সে উত্তেজিতভাবে জবাব
করিল—

“হায়রে দান্তিক অজ্ঞাত বুদ্ধি, তোমার এ আনন্দ—এ গর্ব
সমস্তই বুঝা, তোমার কি শক্তি যে আমাকে বধ কর ? তুমি
আমাকে বধ কর নাই—আমাকে বধ করিয়াছেন সেই দেশপূজ্য
মহাবীর রুস্তাম ! শুন বুদ্ধি, যুক্তে আসিবার কালে আমি যে
সোরাব ছিলাম—আজ যদি আমি সেই সোরাব থাকিতাম, তা’

হইলে তোমার মত দশজন বীৱিৰ এক সঙ্গে আমাৰ একাৱ বিৱুদ্ধে
যুদ্ধ কৱিলো—আমি তোমাদেৱ দশ জনকেই এইখানে এমনি
নিহত কৱিয়া, আজ তোমার মতই অমনি বিজয়গৰ্বে হাসিতে
পাৰিতাম। কিন্তু, হায়—ভবিতব্য ! সেই কুন্তাম—কুন্তাম—
সেই আমাৰ চিৱপূজ্য, প্ৰিয়তম দেবতাৰ নামই আমাৰ সকল বল
হৱণ কৱিয়া লইয়াছিল, সেই সঙ্গে সঙ্গে তোমাৰ ভিতৱ্বেও
কি জানি কেমন একটু কিছু ছিল যাহাতে আমি আৰ্দ্ধে যুদ্ধে
মনোযোগ দিতে পাৰি নাই। তোমাৰ অঙ্গে অন্তক্ষেপ কৱিতে
আমাৰ মুষ্টি আপনা হইতেই শিথিল হইয়া আসিতেছিল, তোমাৰ
অঙ্গস্পর্শে আমাৰ যুদ্ধেৰ সাধ একেবাৱে বিলুপ্ত হইয়া সুৱা হৃদয়
কেবলই আনন্দে আপ্নুত হইতেছিল, তোমাৰ মুখেৰ পানে চাহিয়া—
তোমাৰ কঠোৱ কুন্ত ভাষা শুনিয়াও আমাৰ মনে মুহূৰ্তেৰ জন্ম
ক্ৰোধ বা উত্তেজনা আসে নাই, বৱং তোমাৰ কণ্ঠস্বৰে বাৱন্দাৰ
আমাৰ সৰ্বাঙ্গ পুলকে রোমাঞ্চিত হইতেছিল। এ কথা তোমাকে
আমি বাৱন্দাৰ অকপটে বলিয়াছি। আমি কি তোমাৰ সহিত
যুদ্ধ কৱিয়াছি তাৰিয়াছ ? তুমি একজন নিৱন্ধ বালককে নিষ্ঠুৰ
ভাবে অন্তায় যুদ্ধে নিহত কৱিয়া, গৰ্বে মাতিয়া আমাৰ দুৱৃষ্টকে
ব্যঙ্গ কৱিতেছ, কিন্তু শুন—প্ৰস্তুত হও গৰিবত বুদ্ধ, তোমাৰ
এ ঘৃণিত নৃশংস অন্তায় কাৰ্য্যেৰ প্ৰায়শিত্বেৰ জন্ম প্ৰস্তুত হইয়া
থাক ! যা বলিতেছি তা' শুনিলে এখনি তোমাৰ আপাদমস্তক
আতঙ্কে কল্পিত হইবে—সমস্ত বুথা গৰ্ব মুহূৰ্তে বিলুপ্ত হইবে।
আবাৰ বলি, শুন দান্তিক প্ৰস্তুত থাক—ভুবনবিজয়ী মহাবীৱ

রুস্তাম আমার অন্তায় হত্যার প্রতিশোধ গ্রহণ করিবেন। আমার পূজ্যপাদ পিতা তাঁর প্রিয়তম পুত্রের হত্যাকারীকে জীবন্তে নিষ্কৃতি দিবেন না। তিনি যখন শুনিবেন যে তাঁহারই অন্ধেগে আসিয়া এখানে আমি তোমার দ্বারা নিহত হইয়াছি, তখন রুস্তামের সে ভয়াবহ ক্রোধাগ্রির মুখে কিরণে আত্মরক্ষা করিবে তাহার উপায় চিন্তা কর। পৃথিবী কি ছার—আকাশে পলাইলেও পিতা আমার তোমাকে সেখান হইতে টানিয়া আনিবেন, পাতালে প্রবেশ করিলেও রুস্তামের হস্তে রক্ষা পাইবে না—”

সোরাব হাঁফাইতে হাঁফাইতে থামিল। তাহার কথাগুলি শুনিয়া রুস্তাম কাঠ হইয়া দাঁড়াইয়াছিলেন—মুখে চোখে একটা অস্বাভাবিক ভাব ক্রীড়া করিতেছিল—বিস্ফারিত চোখে একটা অনিশ্চিত জ্যোতি—খণ্ডোতের মত—একবার প্রদীপ্ত, একবার নির্বাপিত হইতেছিল। মুহূর্তকাল সোরাবের পাঞ্চবর্ণ মুখের পানে চাহিয়া শিথিলকষ্টে জিজ্ঞাসা করিলেন—

“কেন—কেন—রুস্তামের সঙ্গে কার কি পিতাপুত্রের সম্বন্ধ—কি জন্ম—কিসের প্রতিশোধ—রুস্তামের তো—পুত্র—পুত্র নাই!—না—কখনো ছিল না!”

বলিতে বলিতে রুস্তামের কণ্ঠস্বর যে কাঁপিয়া রুক্ষ হইয়া গেল, সোরাব তাহা বুঝিতে পারিয়াও লক্ষ্য করিল না, অকম্পিত, দৃঢ়স্বরে কহিল—

“হাঁ—হাঁ—ছিল—আছে, আমিই তাঁর সেই অজ্ঞাত পুত্র—তামিনা মায়ের একমাত্র সন্তান, তাঁহারই অন্ধেগের জন্ম ইরাণে

আসিয়া তোমার হাতে প্রাণ দিলাম। জানি না তিনি এখন কোথায়,—কিন্তু একথা জানি যে, এ সংবাদ তাহার কর্ণে পেঁচিতে বিলম্ব হইবে না। তখন—তখন বৃক্ষ, তাহার একমাত্র পুত্রের অকাল-মৃত্যুতে যে কি গুরু শোকভাবে তাহার মস্তক ঝুইয়া পড়িবে—কি বেদনায় তাহার হৃদয় বিদীর্ঘ হইবে—কি প্রলয়কারী ক্রোধে প্রতিশোধ লইবার স্পৃহা উদ্দাম হইয়া উঠিবে তা' কি বুবিতে পারিতেছে ? হায়—তাঁর সে শোকে সান্ত্বনাদানের জন্য যদি কোন রকমে আমার এই বিদ্যায়-উম্মুখ জীবন-প্রবাহকে ধরিয়া রাখিতে পারিতাম, তা হইলেও আপনাকে অশেষ সৌভাগ্যবান মনে করিতে পারিতাম। তবুও তাঁর জন্য আমার তত দুঃখ নাই—যত দুঃখ হইতেছে আমার অভাগিনী মায়ের জন্য। হায়—তাঁর যে আর সান্ত্বনার কোন সম্ভল নাই—আমি যে অভাগিনী মায়ের একমাত্র বুকের ধন—নয়নের নিধি ! আর তো তাঁর সে জীবনাধিক পুত্র হইণ হইতে যুক্ত জয় করিয়া গর্বেৰামতশিরে তাঁর কাছে গিয়া দাঁড়াইবে না। প্রতি পলে যাহাকে দেখিবার জন্য অধীর উৎকর্ণ্য তিনি পথ চাহিয়া রহিয়াছেন, আর তো তাহাকে দেখিতে পাইবেন না। আর তো কেউ তাহাকে মা বলিয়া ডাকিবে না। মা—মাগো—অভাগিনী মা আমার—আজ তোমার বুকের ধন অজ্ঞাত দেশে, অজ্ঞাত-নামা শক্তির হস্তে নিহত হইয়া তোমারই নাম করিতে করিতে মহাপথে ঘাতা করিয়াছে—তুমি তো তা জানিতে পারিতেছে না। মা ! কিন্তু—এ সংবাদ যখন লোকমুখে শুনিতে পাইবে, তখন—তখন তোমার দশা কি

হইবে—তুমি কেমন করিয়া প্রাণ ধরিবে মা ! মা—মাগো—
মা আমার—”

বলিতে বলিতে সোরাবের দুটী চক্ষু হইতে উৎসধারার মত
প্রবলবেগে অশ্রুধারা বহিয়া বালু-বেলা সিন্ত করিয়া দিতে
লাগিল। রুস্তাম চিত্রার্পিতের মত স্তন্দৰভাবে নীরবে দাঁড়াইয়া
গভীর চিন্তায় মগ্ন হইলেন। তাহার মনে হইল যে সোরাব
লোকের মুখে মিথ্যা পরিচয় পাইয়া আপনাকে তাহার পুত্র বলিয়া
ভাবিতেছে। নহিলে কণ্ঠা জন্মিয়াছে বলিয়া—তামিনা তাহাকে
মিথ্যা সংবাদ দিবে কেন, তাহাতে তাহার কি স্বার্থ থাকিতে
পারে ? তবুও সোরাবের প্রত্যেকটি কথা তাহার হস্তয়ে আঘাত
করিয়া তাহারও দুটী চক্ষে জল টানিয়া আনিতে ছাড়িল না। সঙ্গে
সঙ্গে তাহার দুঃখে নিজের অজ্ঞাতে হস্তয়ে সহসা এমন একটুখানি
সহানুভূতি জাগিয়া উঠিল যে, ক্ষণকাল একদৃষ্টে সোরাবের মুখের
পানে চাহিয়া সহসা তিনি ভগ্নকর্ণে দুঃখের সহিত কহিলেন—

“সোরাব, তোমার মত পুত্র লাভ করিতে পারিলে রুস্তাম যে
আপনাকে ভাগ্যবান ভাবিত এবং তোমাকে প্রাণের অধিক ভাল-
বাসিত, সে বিষয়ে আর কোন সন্দেহ নাই। কিন্তু তুমি এক
মহাভ্রমে পতিত হইয়াছ অথবা লোকে তোমাকে মিথ্যা পরিচয়
শুনাইয়া রাখিয়াছে—তুমি রুস্তামের পুত্র নও। কারণ, রুস্তামের
কেবলমাত্র একটি কণ্ঠা ভিন্ন আর কোন সন্তান নাই, সে কণ্ঠাও
এখন তাহার মাতার কাছেই পালিত ও বর্দিত হইতেছে—
রুস্তাম আরও কি বলিতে যাইতেছিলেন—বাধা পড়িল।

কন্তামের তীক্ষ্ণধার ছোরা সোরাবের বুকে আমূল বিন্দু থাকিয়া বেদনা দিতে আরম্ভ করিয়াছিল। যাতনায় অধীর হইয়া কন্তামের কথায় ক্রোধভরে বাধা দিয়া সে বলিয়া উঠিল—

“কে হে তুমি নির্মাম, অজ্ঞ বৃন্দ, আমার কথা মিথ্যা বলিয়া উড়াইয়া দিতে চাও ? মৃত্যুপথ্যাত্মীর মুখ হইতে কখনও মিথ্যা বাহির হয় না, বিশেষ, জীবনে অচ্ছাবধি আমি কখনও কোন কারণেই মিথ্যা বলি নাই—এ সময়ে আজ কিসের প্রলোভনে মিথ্যা বলিতে যাইব ? প্রমাণ দেখিতে চাও ? শুন বৃন্দ, আমার এই হাতে এখনও আমার পিতার প্রদত্ত পদক এবং মাতার প্রদত্ত আমার গৌরবময় পিতৃকুলের অপূর্ব নির্দশন চিহ্নিত আছে ! দেখিতে চাও—বল—বল—”

সোরাব এমনভাবে উত্তেজিতস্বরে কথাগুলি বলিল যে— একটা অজ্ঞাত আতঙ্কে কন্তামের হৎপিণ্ডের ক্রিয়া যেন সহসা স্তুক হইয়া পড়িল, মুখমণ্ডলের সমস্ত শোণিত যেন আচম্ভিতে শুক হইয়া—বিহৃত—পাঞ্চুর্বণ্ড হইয়া গেল, লোহ বন্ধে আচ্ছাদিত দেহ একবার সবলে কাঁপিয়া লোহাবরণগুলি ঝন্ন ঝন্ন করিয়া উঠিল, দেহের তার বহনে অক্ষম হইয়া জানুদ্বয় সবলে পরস্পর আহত হইয়া থর থর করিয়া কাঁপিতে লাগিল, কণ্ঠস্বরের সে শক্তি—সে সজীবতা যেন মুহূর্তে তিরোহিত হইয়া গেল। যেন কোন্ স্বদূর প্রদেশ হইতে প্রাণপনে চীৎকার করিয়াও অতি ক্ষীণ, অথচ উর্বেলিতকণ্ঠে জবাব করিলেন—

“হঁ—সো—রা—ব, সে দুই প্র—ম—ণ—কেউ অস্বীকার

করিতে পারিবে না। যদি তা' দেখাইতে পার, তা' হইলে যথার্থই তুমি কন্তামের অঙ্গাত পুত্র বটে।”

“এই দেখ—দেখ তবে,”

বলিয়া, সোরাব যাতনায় বিহৃতমুখে এক হাতের কনুইয়ের উপরে ভর করিয়া অতিকষ্টে ধীরে ধীরে পাশফিরিয়া অর্দ্ধোথিত-ভাবে একটু একটু করিয়া বাহুর আবরণ মোচন করিতে লাগিল। কন্তাম ঠিক পাথরের প্রতিমূর্তির মত, পলকশূন্য প্রিয় দৃষ্টিতে সেই দিকে স্তুতিভাবে চাহিয়া রহিলেন। ক্রমে আবরণ সরাইয়া সোরাব বাহুদেশ উন্মুক্ত করিয়া দেখাইতে দেখাইতে কহিল—

“এই দেখ বুঝ, আমার পিতার প্রদত্ত আশ্চর্য-গুণসম্পন্ন মহা-শক্তিশালী পদক, এই দেখ ইহার পশ্চাতে তাঁহার নাম ও বংশপরিচয় খোদিত রহিয়াছে।”

বলিয়া অশেষ শ্রদ্ধাভরে ধীরে ধীরে পদকটি চুম্বন করিল। তারপর বাহুর উপরে অঙ্কিত, এক অতি সুস্পষ্ট, রক্তবর্ণে রঞ্জিত ক্ষুদ্র চিত্র-চিত্র দেখাইয়া গর্বিভরে কহিল—

“আর এই দেখ আমার পিতৃবংশের পরিচয়—অপূর্ব শ্রিফিনের চিত্র। মায়ের কাছে শুনিয়াছি আমার পূজ্যপাদ পিতামহ মহাবীর ‘জাল’ অতি শৈশবে এক পর্বত-গহ্বরে পরিত্যক্ত হইয়াছিলেন, এ ‘শ্রিফিন’ তাঁহাকে সেই পর্বত গহ্বরে লালন-পালন করিয়া মানুষ করিয়াছিল। তদবধি আমার পিতৃকুলের সকলের বাহুতেই, গৌরব ও সম্মানের নির্দশন-

স্বরূপ, এ গ্রিফিনের চিত্র অঙ্কিত থাকে। শুনিয়াছি আমার শৈশবে মা স্বহস্তে আমার বাহ্যমূলে এ চিত্র অঙ্কিত করিয়া দিয়াছেন।”

বলিয়া, সোরাব ক্ষণকাল সজলনেত্রে সেই চিত্রের পানে চাহিয়া চাহিয়া অবশেষে কন্তামের পানে ফিরিয়া কহিল—

“এখন বল, বুদ্ধ, এ অপূর্ব চিত্র জালের বংশধর ভিন্ন অন্ত কাহারও বাহ্যমূলে অঙ্কিত দেখিয়াছ কি? এখন কি তোমার সন্দেহ হয় যে আমি বীরবর কন্তামের পুত্র নই?”

কিন্তু, জবাব করিবে কে? স্তুক কন্তামের পলকশূল্প অঙ্কিতারকাদ্বয় যেন তাহাদের কোটর হইতে বাহির হইয়া পড়িয়া, এমন ভাবে সেই চিত্রের প্রতি নিবন্ধ হইয়াছিল যে, সোরাব দেখিয়া আশ্চর্য হইয়া গেল। তার উপর কন্তামের সেই—প্রাণশূল্পবৎ—চিত্রার্পিত অবস্থা দেখিয়া তাহার মনে যে কি হইল তা’ অন্তর্যামীই বলিতে পারেন। কিন্তু সেই দিকে একদৃষ্টে চাহিয়া চাহিয়া সহসা তাহার মুখমণ্ডল যেন প্রদীপ্ত হইয়া উঠিল। দুই চোখে শ্রাবণের ধারার মত অশ্রজল উথলিয়া উঠিয়া দরদর ধারায় বক্ষস্থল বাহিয়া ছুটিল। সে তাহা মুছিবারও চেষ্টা করিল না, সেই স্বচ্ছ বারিসমাকুল চক্ষুদ্বয়ের নির্নিমেষ ক্ষুধিত দৃষ্টি দিয়া সে যেন কন্তামকে গ্রাস করিতে লাগিল। উভয়েই নীরব—উভয়েই স্তুক—উভয়েই প্রস্তুর-প্রতিমুর্ত্তিযুগলের মত স্পন্দনীয়! সে মুহূর্তে কাহারও শ্বাসবায়ু বহিতেছিল কি না তাহা কে বলিবে!

সহসা রুস্তাম—যেন সর্পদফ্টের মত—অতি তীব্র অথচ করণ-কষ্টে বিষম বিকৃত চীৎকার করিয়া কহিলেন—

“পুত্র—পুত্র—প্রাণাধিক—আমিই তোর—”

আর কথা সরিল না, মূর্ছিত রুস্তামের বিরাট দেহ ছিমুল কদলীর মত সহসা সোরাবের পার্শ্বে বালুবেলায় লুটাইয়া পড়িল।

সোরাবের দেহের ঘাতনা যেন মুহূর্তে জুড়াইয়া গেল, তাড়াতাড়ি পিতার মূর্ছিত দেহের পার্শ্বে আপনার অশক্ত দেহকে সবলে টানিয়া লইয়া গিয়া দুই হাতে তাঁহার গলা জড়াইয়া ধরিয়া পুনঃ পুনঃ চুম্বন করিল, তারপরে উচ্ছসিত আবেগভরে ডাকিতে লাগিল—

“বাবা—বাবা—উঠুন—উঠুন”

রুস্তাম ধীরে ধীরে চক্ষু উন্মীলিত করিলেন, ধীরে ধীরে উঠিয়া বসিলেন, তারূপর সোরাবের পানে চাহিয়া ভীষণ আতঙ্কে শিহরিয়া উঠিলেন। তাঁহার চোখের অর্থশূন্য অঙ্গুত চাহনি দেখিয়া সোরাবও ভয়ে শিহরিয়া উঠিল। কি বলিয়া—কেমন করিয়া যে তাঁহাকে সন্তুনা দিবে ভাবিয়া পাইল না।

রুস্তাম আবার বিকৃতকষ্টে মর্মস্তুদ ঘাতনায় চীৎকার করিয়া সহসা দুই হাতে মুঠা মুঠা করিয়া ধূলা লইয়া নিজের মস্তকে দিতে লাগিলেন—স্বহস্তে সবলে আপনার কেশ ও শ্মশান ছিঁড়িতে লাগিলেন। সোরাব বিস্তর চেষ্টা করিয়া তাঁহাকে নিরুত্ত করিল। তখন রুস্তাম আর একবার বিকৃতকষ্টে বিকৃত আন্তর্নাদ করিয়া সহসা আপনার সেই তৌক্ষ্যধার ছোরা তুলিয়া স্বহস্তে

আপনার বক্ষে বিন্দি করিতে উদ্ধত হইলেন, কিন্তু সোরাব তাহার মনোভাব বুঝিয়া বিদ্যুতের মত চকিতে বাধা^০ দিয়া কহিল—

“বাবা, বীর আপনি—স্ত্রীলোকের মত শোকে উন্মাদ হইবেন না—শান্ত হোন। আপনার সহিত আমার মূহূর্তের পরিচয়, দম্কা বাতাসের মত আসিয়াছিলাম—ঘূর্ণীর মত পরক্ষণেই বিদায় হইয়া চলিলাম। এই ভাগ্যলিপি জন্মের সঙ্গে সঙ্গেই আমার অদৃষ্টপটে লিখিত হইয়াছিল—কার সাধ্য ইহার অন্যথা করিতে পারে ? প্রথম দর্শনেই আমি আপনাকে চিনিয়াছিলাম—আমার হৃদয় ঠিক বলিয়া দিয়াছিল, কিন্তু নিষ্ঠুর ভাগ্যবিধাতা তাহা সফল হইতে দিল না। ইহাতে মানুষের হাত নাই—সে জন্য আক্ষেপ করিবেন না পিতা—”

বলিতে বলিতে সোরাবের কণ্ঠস্বর শিথিল হইয়া পড়িতে লাগিল। উজ্জেবশে দেহে যে টুকু শক্তির আবির্ভাব হইয়াছিল তাহার দ্বিগুণ অবসন্নতা আসিল, সে ধীরে ধীরে রুস্তামের পদতলে লুঠিত হইয়া পড়িল। রুস্তাম পাগলের মত আবেগভরে দুই হাতে তাহার গলদেশ বেষ্টন করিয়া বালকের মত উচৈঃস্বরে রোদন করিতে লাগিলেন।

রুস্তামের প্রিয় সহচর, যুদ্ধের চির অংশভাগী প্রাণাধিক অশ্ব ‘রাক্স’ স্তন্ত্রভাবে একপার্শ্বে দাঢ়াইয়া এতক্ষণ সেই দৃশ্য দেখিতেছিল। বন্ধ পঞ্চ হইলেও এই প্রভুভক্ত জীব—ঠিক মানুষের মতই—প্রভুর স্থথ-দুঃখ, বিপদ-সম্পদ এমন অনুভব

করিতে পারিত যে তাহা আশ্চর্য ! রুস্তামকে তেমন ভাবে
শোক করিতে দেখিয়া সেই পশুর হৃদয়ও কাঁদিয়া উঠিল—তাহারও
তুই চক্ষু হইতে ডাগর ডাগর জলের ফোটা টপ্ টপ্ করিয়া
বরিয়া পড়িতে লাগিল, সে ধীরে ধীরে উভয়ের কাছে গিয়া
দাঢ়াইল এবং একবার রুস্তামের ও একবার সোরাবের অঙ্গে
আপনার নাক ঘসিয়া আপন হৃদয়ের বেদনা ব্যক্ত করিবার
প্রয়াস পাইতে লাগিল। রুস্তাম গভীর মনোবেদনায় করণ-
কষ্টে বলিয়া উঠিলেন—

“হায় রাক্স, তুই না আমার চির-বিশ্বস্ত বন্ধু—তুই না আমার
সম্পদ-বিপদের নিত্য-সহচর ? তুই যখন এই যুদ্ধক্ষেত্রে আমাকে
পীঠে করিয়া আনিয়াছিলি—তখন তোর পাণ্ডলা ভাঙ্গিয়া যায়
নাই কেন ? আজ কি তুই এই সর্বনাশ সাধিবার জন্ত উৎসাহ-
ভরে আমাকে বহন করিয়াছিলি !”

রুস্তাম ঠিক পাগলের মত—অনর্গল বকিয়া যাইতে
লাগিলেন। তাহার এক একটি কথা সোরাবের হৃদয়ে যেন
শেলের মত বিঁধিয়া নিদারণ যাতনা দিতে আরম্ভ করিল,
অতি কষ্টে চোখের জল থামাইয়া রুস্তামের কথায় বাধা দিয়া
সোরাব আগ্রহভরে বলিয়া উঠিল—

“এই কি আপনার সেই দেশবিখ্যাত অবিতীয় ঘোড়া
‘রাক্স’ ! ‘রাক্সের’ নাম শুনে নাই—এমন লোক যে সমগ্র
তুরাগের ভিতরে একটিও নাই ! আয় ‘রাক্স’, আমার কাছে
আয় !”

ডাকিবামাত্র অশ্ব যেন তাহার মনের কথা বুঝিয়াই সোরাবের দেহের উপর মাথা নোয়াইয়া দাঁড়াইল। সোরাব তাহার মুখে ও কণ্ঠদেশে হাত বুলাইতে বুলাইতে স্নেহপূর্ণ কণ্ঠস্বরে কহিল—

মায়ের কাছে তোর অনেক গল্ল—অনেক কীর্তি-কাহিনীর কথা শুনিয়াছি, ‘রাক্ষস’! আমার অপেক্ষা তুই শত সহস্রগুণে অধিক ভাগ্যবান! আমি জীবনে যে পিতার ছায়া পর্যন্ত কথনও দেখিতে পাই নাই, তুই শৈশব হইতে আমার সেই পিতার পুণ্যময় ভবনে পালিত হইয়াছিস্, তুই আমার পরম স্নেহবান বৃক্ষ পিতামহ বীরবর ‘জালকে’ দেখিয়াছিস্, তাহার হস্তে আহার করিয়াছিস্, আমার পিতার পরম স্নেহভাজন নিত্য-সহচর হইয়া তাহার সঙ্গে সঙ্গে ছায়ার মত ফিরিয়াছিস্, তুই আমার পূজনীয় পিতৃব্যদের সঙ্গে খেলা করিয়াছিস্, সিস্তানের সকল নর-নারীর কাছে আদর পাইয়াছিস্, আমার পিতার ভবনে গর্বের সহিত বাস করিয়াছিস্—তুই আমার চেয়ে অধিক সৌভাগ্যবান! আয় প্রিয় ‘রাক্ষস’, একবার আমায় এ জন্মের মত বিদায়-চুম্বন দে।”

বলিতে বলিতে সোরাবের কণ্ঠস্বর রুক্ষ হইয়া দুটি চক্ষু দিয়া দর দর ধারায় অশ্রুপ্রবাহ উচ্ছসিত হইয়া উঠিল। মুক পশ্চর হৃদয়ও বেদনায় আলোড়িত হইয়া চোখ দিয়া ত ত করিয়া তপ্ত অশ্রুরাশি করিয়া পড়িতে লাগিল। ‘রাক্ষস’—ঠিক মানুষের মত করিয়াই—সোরাবের মুখের উপর

নিজের মুখ স্থাপন করিল। মানুষ ও পশুর চেথের জল
একত্রে মিশিয়া অশ্রুজলের প্রবাহ ছুটিয়া চলিল। সেই
পরিত্রে অশ্রুনীরে ভাসিতে ভাসিতে সোরাব আবেগভরে পুনঃ
পুনঃ অশ্রের মুখ চুম্বন করিতে লাগিল। সে মর্মভেদী দৃশ্য
রুস্তাম আর সহ করিতে পারিলেন না—ভয়-করুণ-কষ্টে
হৃদয়ভেদী আর্তনাদ করিয়া কহিলেন—

“পুত্র—পুত্র—হায় প্রাণাধিক জীবন-সর্বস্ব আমার, আজ
যদি তাগে বিপরীত ঘটিত, আজ যদি তোমার অঙ্গে নিহত
হইয়া এইখানে আমি ওই রকম করিয়া লুটাইতে পারিতাম,
তা’ হইলে আজ আমার মত ভাগ্যবান—আমার মত সুখী
জগতে আর দ্বিতীয় থাকিত না ! ওঃ—ঈশ্বর—ঈশ্বর !
এখনো ওই বিশাল ‘অঙ্গাস’-নদীর প্রবল বন্দ্যা আসিয়া
আমাকে গ্রাস করিতেছে না কেন ? এখনও ‘পামীর’-
পর্বতমালার ওই উচ্চ চূড়াগুলা এই পুত্রহন্তা পিশাচ-
পিতার মন্তকে ভাঙিয়া পড়িতেছে না কেন ? এখনো বিরাট ভূমি-
কল্পে মেদিনী বিদীর্ণ হইয়া আমাকে তার অঙ্ককারময়
ক্ষেত্ৰে গ্রহণ করিতেছে না কেন ? ওঃ—এ বেদনা কেমন
করিয়া সহিব—এ জ্বালা কোথায় জুড়াইব ! হা জগদীশ্বর,
এ ভাগ্যহীনের সন্তুনা কোথায়—কোথায় শান্তি—আমার
শান্তি কোথায় মিলিবে !”

“মিলিবে পিতা—শান্তি মিলিবে—অপেক্ষা করুন !”

বলিয়া সোরাব আকাশের পানে চাহিল। অস্তগামী

সূর্যের কণকরশ্মি তাহার মুখমণ্ডলে পড়িয়া সহসা এক অপূর্ব
দেবতাব ফুটাইয়া তুলিল। রুষ্টাম মৃত্যুপথ্যাত্রী পুত্রের
সেই শান্তি, গন্তীর, স্তুক মুখের পানে মুঞ্ছনয়নে চাহিয়া
রহিলেন। সোরাব ক্ষণকাল নীরবে আকাশপানে চাহিয়া
গন্তীরকঠে ধীরে ধীরে কহিল—

“জগতে কেহ উচ্চ নাম, উচ্চ সন্ত্রম, উচ্চাসন গ্রহণ করিতে
আসে, আবার কেহ বা চির-অঙ্গাত—নগণ্য থাকিয়াই চলিয়া
যায়, ইহা ভাগ্যের বিধান। আমি তেমনি থাকিয়াই চলিলাম।
এ ভাগ্যলিপি খণ্ডন করিবার শক্তি মানুষের নাই। সে
জন্ত শোক করিবেন না পিতা! আমি চলিলাম, কিন্তু
আপনার উচ্চকার্য এখনও বাকী আছে—ততদিন বুক বাঁধিয়া
প্রতীক্ষা করিয়া থাকুন, তার পরে আপনার শান্তি মিলিবে।
আমি যেন দিব্যচক্ষে দেখিতেছি, আপনার সে দিনের আর
অধিক বিলম্ব নাই। এই বাদশার মৃত্যুর পরে আপনারা
সকল ওমরাহ মিলিয়া—নীল‘আরাল হুদ্রে’ পরপারে তাঁহাকে
কবর দিয়া ফিরিবেন—তার পরে আপনার শান্তি মিলিবে।
ততদিন বুক বাঁধিয়া দৃঢ়-চিত্তে কার্য করিতে থাকুন। এ
সময়ে বৃথা শোক করিয়া আমার অন্তিমের মুহূর্তগুলি বিষাদ-
ময় করিয়া দিবেন না পিতা—আপনার ম্রেহমাখা হাসিমুখ
দেখিয়া যাইতে দিন।”

সেই সন্ধ্যাচ্ছায়া-ধূসরিত মৃত্যুপথ্যাত্রীর মুখমণ্ডলে এবং
কণ্ঠস্বরে এমন একটু কিছু ছিল যে রুষ্টাম তাহার সেই

ভবিষ্যত্বাণীতে সন্দেহ করিতে পারিলেন না। তাঁহার প্রবল
শোকের প্রবাহ কে যেন সহসা বাঁধ দিয়া থামাইয়া দিল।
বেদনাপূর্ণ—গন্তীরস্বরে কহিলেন—

“তাই হউক পুত্র, তোমার কথা স্মরণ করিয়া আমি বুক
বাঁধিয়া প্রতীক্ষা করিব—ঈশ্বর আমার হৃদয়ে বল দিন, তোমার
যাত্রার পথ শান্তিময় করিয়া দিন।”

সোরাবের দেহের বল ক্রমে ক্রমে ক্ষীণ হইয়া আসিতেছিল,
কথা কহিবার শক্তি ধীরে ধীরে অন্তর্ভুক্ত হইতেছিল, সে মুহূর্ত-
কাল বিশ্রাম লইয়া পুনরায় শিথিল-কষ্টে কহিল—

“আর এক কথা পিতা! আমি চলিলাম, আমার সময়
ফুরাইয়া আসিয়াছে—যাত্রার মুহূর্ত নিকটবর্তী হইতেছে,
আমার আর একটা কথা রক্ষা করিবেন। আমার মৃত্যুর
পরে আমার সেনাগণকে নিরাপদে দেশে ফিরিয়া যাইতে
দিবেন। তাহাদের কোন অপরাধ নাই। তাহারা আমাকে
প্রাণতুল্য ভালবাসে বলিয়া আমারই অনুরোধে আমার সঙ্গে
সঙ্গে এখানে প্রাণ দিতে আসিয়াছিল, তাহাদের এ কার্যের
জন্য আমিই একমাত্র দায়ী, তাহাদের কোন অপরাধ নাই,
তাহাদিগকে বন্ধুত্বাবে শান্তিতে দেশে ফিরিয়া যাইতে দিবেন।”

বলিতে বলিতে সোরাব হাঁফাইয়া পড়িল, কন্তাম নীরবে
চোখের জল মুছিয়া একদৃষ্টে তাহার পানে চাহিয়া রহিলেন।
ক্ষণকাল বিশ্রাম করিয়া সোরাব আবার ভাঙ্গা ভাঙ্গা স্বরে
বলিল—

“আর পিতা—আমার মা—আমার অভাগিনী মাতাকে
 আপনি মার্জনা করিবেন। তিনি যে কেন আপনাকে—
 কন্তা জন্মিয়াছে বলিয়া—মিথ্যা সংবাদ দিয়া ভুলাইয়া রাখিয়া-
 ছিলেন, তা আমি যেমন জানি, তেমন আর কেউ জানে না।
 পুত্র হইয়াছে শুনিলে পাছে আপনি তাহাকে তাঁহার অঙ্গ-
 চুক্ত করিয়া কাড়িয়া লইয়া আসেন, কেবল সেই ভয়ে—সেই ভয়ে
 স্নেহময়ী জননী আমার আপনাকে মিথ্যা সংবাদ দিয়া ভুলাইয়া
 রাখিয়াছিলেন,—তাহাকে মার্জনা করিবেন পিতা! আজ
 হতভাগিনীর সব ফুরাইল, এ সংবাদ পাইলে তিনি যে কি
 করিবেন তা’ ভাবিতে এ সময়েও আমার বুক কাঁপিয়া
 উঠিতেছে। জগতে তাঁহার সান্ত্বনার স্থল—জুড়াইবার স্থল
 আর কিছু রহিল না। আপনি একবার সেখানে গিয়া
 তাঁহাকে সান্ত্বনা দিবেন—প্রবোধ দিবেন, এ সময়ে একমাত্র
 আপনি ভিন্ন আর কেহ তাঁহাকে শান্ত করিতে পারিবে না।
 তাঁহাকে বলিবেন, যে শেষ মুহূর্তে তাঁরই নাম উচ্চারণ করিতে
 করিতে চলিলাম।”

বলিতে বলিতে জননীর মুখচ্ছবি মনে উদয় হইয়া আবার
 সোরাবের দুই চক্ষু জলে ভরিয়া উঠিল। রুস্তামের চোখের
 জলও আর বাধা মানিল না—দিগ্নেগ বেগে উথলিয়া ছুটিল। সেই
 দিকে চাহিয়া সোরাব ক্ষণকাল নীরব হইয়া রহিল, তার পর
 কফ্টে শ্বাস টানিতে টানিতে কহিল—

“আমায় কোলে নিন পিতা, আমাকে চুম্বন করুন—বিদায়—



সোরাবের মৃত্যু—১৬ পৃষ্ঠা



বিদায় তবে ! আমাকে আপনার গৃহে লইয়া গিয়া পিতামহকে দেখাইবেন, আমাদের বংশের কবর-ভূমিতে কবর দিবেন এবং সেই কবরের উপরে খুব উচ্চ স্তম্ভ নির্মাণ করিয়া দিবেন, যেন বহুদূর হইতে লোকে তাহা দেখিতে পাইয়া বলে যে, ওইখানে বীরবর রুস্তামের প্রিয় পুত্র সোরাব ঘূমাইতেছে। আর—আর সেই সমাধিস্তম্ভ-মূলে আপনার চোখের পুণ্য অঙ্গ চালিয়া আমার অঙ্গ শীতল করিবেন।”

রুস্তাম পাগলের মত ছই হাতে সোরাবকে জড়াইয়া ধরিয়া কোলে তুলিয়া লইয়া পুনঃ পুনঃ মুখচুম্বন করিতে লাগিলেন। সোরাবের বুকে বিন্দ ছোরাখানা অত্যন্ত ঘাতনা দিতেছিল, সোরাব অস্তিম-বলে তাহা টানিয়া তুলিয়া ফেলিল। সঙ্গে সঙ্গে ত ত করিয়া রক্তস্ত্রেত বহিল। সোরাব একদৃষ্টে পিতার মুখের পানে চাহিয়া জন্মের শোধ শেষ উচ্চারণ করিল—

“বাবা—বাবা—বি—দা—য়—মা—”

পঞ্চদশ পরিচ্ছেদ

সমাপ্তি

সব ফুরাইল ; হতভাগ্য রুস্তামের চির-অজ্ঞাত বীরপুত্র বিদ্যুতের মত চকিতে দেখা দিয়া আবার বিদ্যুতের মত চকিতেই কোন্ চির-অজ্ঞাত দেশে চলিয়া গেল ! রুস্তাম

তাহার শবদেহ কোলে করিয়া পুতুলের মত নিশ্চল—নিষ্পন্দ
হইয়া বসিয়া রহিলেন।

সূর্যদেব রণস্থলে রক্ত-রশ্মি ছড়াইয়া—সোরাবের রক্তাক্ত
দেহ অস্বাভাবিক প্রভায় উজ্জল করিয়া—সে দিনের মত পর্বত
শিখরের পশ্চাতে ঢিলিয়া পড়িলেন। ‘অঙ্গাস’ নদীর সমতান
কলস্বরে যেন দেবতাদের করুণ রোদন-সঙ্গীত বাজিতে
লাগিল, বাতাসের হিলোলে যেন প্রেতকুলের দীর্ঘনিশাস হাত—
করিয়া ফিরিতে লাগিল। অদূর প্রান্তরের প্রান্ত হইতে একটা
তমসা উঠিয়া যেন সেই মর্মভেদী শোকের দৃশ্য ঢাকিয়া দিবার
জন্য ধীরে ধীরে অগ্রসর হইতে লাগিল। কন্তাম তেমনি নীরব—
নিষ্পন্দভাবে বসিয়া রহিলেন।

দূরে দাঁড়াইয়া ইরাণী সৈন্যগণ একেবারে হতভস্ত হইয়া
গিয়াছিল। মুহূর্ত পূর্বে যে জয়োল্লাসে তাহারা মাতিয়া উঠিয়া-
ছিল তাহা সহসা থামিয়া গেল। গভীর বিস্ময়ে একে অন্তের
মুখের পানে চাহিতে লাগিল। কাহারও মুখে কথা সরিল না,
অথচ কন্তামের সেই ভাবান্তর দেখিয়া—সহসা ব্যাপারটা যে
কি দাঁড়াইল, তাহা জানিবার জন্য সকলেই উৎকঢ়িত হইয়া
পড়িল, তবুও হঠাৎ সে দিকে অগ্রসর হইয়া যাইতে কাহারও
যেন পা উঠিল না।

অবশেষে যখন কিছুক্ষণ সেই ভাবে কাটিয়া গেল, তবুও
কন্তাম ক্ষিরিয়া আসিলেন না—অথচ নিহত তুরাণী যুবকের
শবদেহ পরিত্যাগ করিয়া তাহাকে উঠিতেও দেখা গেল না,

তখন কেমন একটা অজ্ঞাত আশঙ্কায় সকলেই অধীর হইয়া উঠিল। তখন তাঁহার ভাতা ‘জহুর’, ‘গুড়ার্জ’ প্রভৃতি জনকতক প্রধান ওম্রাহকে সঙ্গে লইয়া—সৈন্যগণকে পশ্চাতে আসিতে বলিয়া অগ্রসর হইয়া চলিলেন।

কিন্তু যুদ্ধস্থলে উপস্থিত হইয়া যে দৃশ্য দৃষ্টিগোচর হইল,— তাহাতে সকলেরই বাক্ষণিক নিমিষেই স্তুতি হইয়া গেল, সকলেরই হৃদয় যেন অজানিত আশঙ্কায় আলোড়িত হইয়া উঠিল। রুস্তাম পদশব্দে চকিত হইয়া মুখ ফিরাইয়া চাহিলেন এবং পরক্ষণেই এমন করুণকণ্ঠে বিকৃত চীৎকার করিয়া উঠিলেন যে, তাহার প্রতিধ্বনি বাতাসে ভাসিয়া আকাশের গায়ে গিয়া আঘাত করিল। তারপর সহসা বালকের মত ফুকারিয়া কাঁদিয়া আপনার দন্ধ ভাগ্যের নিষ্ঠুর ইতিহাস বর্ণনা করিলেন।

তাঁহার ভাতা জাহুর এবং গুড়ার্জ প্রভৃতি ব্যক্তিগণ তাঁহাকে সান্ত্বনা দিবার ভাষা খুঁজিয়া পাইলেন না, তাঁহার শোকে সকলেই বিষম শোকান্তর হইয়া তাঁহার সঙ্গে সঙ্গে অজ্ঞাধারে অশ্রুপ্রবাহ ঢালিয়া রণস্থলের রুধিরাঙ্গ বালুকা ধোত করিতে লাগিলেন।

ক্রমে গাঢ় অঙ্ককার ধীরে ধীরে অগ্রসর হইয়া আপনার কাল অঞ্চলখানি বিস্তার করিয়া বিশ্বপ্রকৃতিকে ঢাকিয়া দিতে লাগিল। তখন রুস্তাম হঠাৎ চমকিয়া উঠিয়া দাঁড়াইলেন এবং অস্ত্রাভাবিক গন্তীর স্বরে, সমবেত সকলকে কহিলেন—

“ইরাণ আর তুরাণের চির-বিবাদের আজ সমাপ্তি হইল। সৈন্যগণ, আজ হইতে তোমাদের অবসর—আর রুস্তামের জন্ম

তরবারি ধরিতে হইবে না—এখন হইতে তোমরা নিশ্চিন্তে
বিশ্রাম লাভ কর। তুরাণীগণকে নির্বিবাদে দেশে ফিরিয়া
যাইতে দাও—কেহ আর তাহাদিগকে শক্র ভাবিও না। আজ
আমার যে সর্বনাশ হইল—তাহাদের সর্বনাশও তাহার অপেক্ষা
কম নহে, তুরাণীগণের যে ক্ষতি হইল তাহা আর কখনও পূর্ণ
হইবে না। আজ আমাদের সঙ্গে সঙ্গে তাহারাও সমান
শোকান্তি—সমান অভিশপ্তি—সমান ক্ষতিগ্রস্ত ! এই ঘোরতর
অভিশাপ ও সর্বনাশের ভিতরে আমাদের চিরশক্তি বিসর্জন
দিয়া আজ হইতে পরম্পরে বন্ধুত্ব করিলাম। যাও তুরাণী
বীরগণ, যাও হতভাগ্য বন্ধুগণ, নির্বিবাদে দেশে ফিরিয়া যাও—
বাদশা ‘আফ্রিজিয়াবের’ কাছে গিয়া বল—তাহার সাম্রাজ্যের সর্ব-
শ্রেষ্ঠ বীর—তাহার দেশের চির-গৌরবস্থল সোরাব তাহার অভিশপ্ত
হতভাগ্য পিতার করে নিহত হইয়া সকল বিবাদের অবসান করিয়া
দিয়া গিয়াছে।”

বলিয়া একবার আকাশের পানে মুখ তুলিয়া চাহিলেন।
সান্ধ্য আকাশের এক প্রান্ত হইতে একটা উজ্জ্বল প্রকাণ্ড তারকা
রক্তবর্ণ তীব্র রশ্মি ছড়াইয়া তাহার পানে কট্মট করিয়া চাহিয়া
যেন তিরস্কার করিতেছিল। সেই দিকে চাহিয়া কন্তাম সভয়ে
কাঁপিয়া উঠিলেন, তারপরে নিঃশব্দে ধীরে ধীরে আপনার অঙ্গ-
বন্ধে সোরাবের শবদেহ আচ্ছাদিত করিয়া, সাবধানে কাঁধে
তুলিয়া লইয়া অগ্রসর হইলেন। ইরাণ ও তুরাণের সমবেত
সৈন্যগণ নীরবে তাহার অনুসরণ করিল।

শিবিরে ফিরিয়া—পুত্র-শব ক্ষম্বে—কন্তাম আপনি দাঁড়াইয়া থাকিয়া, আদেশ দিয়া, নিজের শিবির এবং ঘুর্বের সাজ-সরঞ্জাম সমস্তই দক্ষ করিয়া ফেলিলেন, তারপরে তুরাণী সৈন্যগণকে বিদায় দিয়া—আপনার সেনাগণকে সঙ্গে লইয়া পদ্বর্জে জাবুলী-স্থানে ফিরিয়া চলিলেন। ইরাণের কেহই বাধা দিয়া তাঁহাকে নিরস্ত করিতে পারিল না।

গৃহে কন্তামের বৃন্দ পিতা ‘জাল’ পুত্রের প্রত্যাগমনের প্রতীক্ষায় পথ চাহিয়াছিলেন, যে দৃশ্য তাঁহার চোখে পড়িল তাহাতে ঘুর্বের মর্মাণ্ডিক ঘাতনা হইতে লাগিল; সহসা যেন নিজের চক্ষুকে বিশ্বাস করিতে পারিলেন না—সমস্ত ব্যাপার ঠিক যেন স্বপ্নের খেলা বলিয়া মনে হইতে লাগিল। কন্তাম বৃন্দ পিতার ক্ষেত্রে সোরাবের শবদেহ স্থাপন করিয়া মর্মাভেদী-স্বরে বলিয়া উঠিলেন—

“হায় পিতা, পুত্রহন্তা হইব বলিয়াই কি আপনার অসীম অপত্য-ন্মেহে বর্দ্ধিত হইয়া অসামান্য যশ অর্জন করিয়াছিলাম ?”

পিতা-পুত্র বহুক্ষণ ধরিয়া পরস্পর পরস্পরের গলা জড়াইয়া অশেষ প্রকারে বিলাপ করিতে লাগিলেন। তাঁহাদের শোকে সমস্ত জাবুলীস্থানের আবাল বৃন্দ বনিতা শোকে মগ্ন হইয়া গেল।

ক্রমে শোকের বেগ মন্দীভূত হইল, যথাসময়ে উপযুক্ত সমারোহে সোরাবের মৃতদেহ কবরস্থ করা হইল। কন্তাম তাহার উপরে এক বহু উচ্চ স্তম্ভ নির্মাণ করিয়া দিয়া—ভিত্তি-গাত্রে পিতা-পুত্রের অন্তুত সমরের বিবরণ খোদিত করিয়া দিলেন,

তারপরে গৃহে অবস্থান করা তাহার পক্ষে দুঃসাধ্য হইয়া উঠিল। তিনি আবার ‘রাক্স’ আরোহণ করিয়া তামিনাকে দেখিবার জন্য যাত্রা করিলেন।

এদিকে তুরাণী-সৈন্যগণ দেশে ফিরিয়া গেল কিন্তু সোরাব ফিরিল না। তামিনা বিজয়ী পুত্রকে কোলে লইবার জন্য অধীর হৃদয়ে ছট্টফট করিতেছিলেন। কাজেই তাহার কাছে দুঃসংবাদ বহন করিয়া লইয়া যাইতে কেহই সাহস করিল না। কিন্তু অধিককাল তাহা চাপাও রহিল না। মায়ের প্রাণ আপনা হইতেই যেন সে সর্ববনাশের আত্মাণ পাইল—তামিনা পাগলিনীর মত ছুটিয়া পিতার কাছে সংবাদ জানিতে চলিলেন।

অবশেষে যখন সত্য প্রকাশ হইয়া পড়িল তখন তামিনা সহসা বিহৃত আর্তনাদ করিয়া সেই যে মুর্ছিত হইলেন—সে মুর্ছা সহজে ভাঙ্গিল না। বৃক্ষ রাজা বহু চেষ্টার পরে যখন তাহার জ্ঞান ফিরাইয়া আনিলেন তখন তাহার নৈরাশ্যের ক্রন্দনে দেশের পশ্চ-পশ্চী পর্যন্ত স্তৰ্ক হইয়া নিরন্তর চোখের জল ঢালিতে লাগিল। সমস্ত দেশ জুড়িয়া কেবল করুণ রোদনের হাহা ধ্বনি বাজিতে লাগিল।

দিনের পর দিন গেল, সকলের শোক কমিয়া আসিল, কিন্তু তামিনার শোক কমিল না। সে ভৌষণ শোক বাহির হইতে আপনার স্বরূপ গোপন করিয়া—তামিনার হৃদয়ের ভিতরে কঠিন তুষারের মত জমাট বাঁধিয়া বসিল। তামিনা আহার-নির্দা ভুলিলেন, তোজন-ভ্রমণ ভুলিলেন, লোকের সহিত বাক্যালাপ পর্যন্ত

বন্ধ কৰিয়া দিলেন। অহোৱাত্ৰি কেবল আপনাৰ ভিতৰে আপনি
মগ্ন হইয়া—মহাশোকেৱ গভীৱপাৰাবাৰে ভাসিতে লাগিলেন।

তাহাৰ অবস্থা দেখিয়া সামানগানেৱ সকলেই আতঙ্ক
শিহৱিয়া উঠিল, নানা জনে নানা প্ৰকাৰে তাহাকে প্ৰকৃতিস্থ
কৱিবাৰ প্ৰয়াস পাইতে লাগিল, কিন্তু কেহই কিছু কৱিয়া
উঠিতে পাৱিল না। ক্ৰমে তামিনাৰ প্ৰকৃতিতে উন্মাদেৱ লক্ষণ
দেখা দিতে আৱস্থা কৱিল—সকলেই মৰ্মাহত হইয়া তাহাকে
অত্যন্ত সন্তুষ্টিপূৰ্ণে চোখে চোখে রাখিতে লাগিল।

কিন্তু হায়, তাহাতেও ফল হইল না। একদিন সকলেৱ
অগোচৰে পাগলিনী প্ৰাসাদে অগ্নি-সংঘোগ কৱিয়া তাহাৰ ভিতৰে
অবলীলাক্ৰমে বসিয়া রহিলেন।

ভুজ কৱিয়া আগুণ জুলিল—চাৰিদিকে হৈছে পড়িয়া গেল—
হাহাকাৰে ও আৰ্তনাদে আকাশ-বাতাস কম্পিত হইতে লাগিল
কিন্তু তামিনা সেই প্ৰজ্জলিত প্ৰাসাদেৱ ভিতৰে স্থিৰ—ধীৱ—
অটল হইয়া বসিয়া রহিলেন। কেহই তাহাৰ রক্ষাৰ কোন উপায়
ভাবিয়া পাইল না।

তেমনি সময়ে কুস্তাম কাছাকাছি আসিয়া পড়িয়াছিলেন।
আকাশে উজ্জ্বল অনল-শিখা দেখিয়া এবং লোকেৱ আৰ্তনাদ
শুনিয়া উন্মত্বৎ দ্রুত যাইবাৰ জন্য ‘ৱাক্সুকে’ ইঙ্গিত কৱিলেন।
ৱাক্স প্ৰতুৱ ইঙ্গিত বুবিয়া—ঠিক যেন পক্ষবিস্তাৱ কৱিয়া—
বায়ুবেগে ছুটিল এবং মুহূৰ্তেৱ ভিতৰেই কুস্তামকে প্ৰজ্জলিত
প্ৰাসাদেৱ সম্মুখে আনিয়া দিল।

রস্তাম চকিতের মত একবার ইতস্ততঃ চাহিলেন, পরক্ষণেই
বিক্রিতকচ্ছে আকাশভেদী চীৎকার করিয়া উঠিলেন—

“তামিনা, দাঁড়াও, দাঁড়াও—আমি আসিয়াছি, একটু অপেক্ষা
কর।”

বলিয়াই উন্মাদের মত সেই প্রজ্জলিত অগ্নিস্তূপের ভিতরে
বিদ্যুবেগে প্রবেশ করিলেন। সমবেত জনগণ দ্বিগুণ আতঙ্কে
আর্তনাদ করিয়া উঠিল। কিন্তু পরক্ষণেই রস্তাম তামিনাকে
হুই হাতে বুকে তুলিয়া লইয়া—বিদ্যুতের মতই চকিতে ভীষণ
মৃত্যুর কবল হইতে ছিনাইয়া বাহির করিয়া আনিলেন।

তামিনার অঙ্গবন্ধে তখন পর্যন্ত আগুণ না ধরিলেও উত্তাপে
তাঁহার সর্ববাঙ্গ অঙ্গারের মত শুক্ষ ও কৃষ্ণবর্ণ ধারণ করিয়াছিল।
অস্মরাসদৃশ সুন্দর মুখখানি কৃঞ্জিত হইয়া গিয়াছিল, কিন্তু
তথাপি তাঁহার সে দিকে ঝক্ষেপ ছিল না। পতিকে দেখিয়াই
চীৎকার করিয়া উঠিলেন—

“সোরাব—সোরাব—আমার সোরাবকে দেও।”

বলিয়াই তাঁহার পদতলে মূর্চ্ছিত হইয়া পড়িলেন। সমবেত
জনগণ মিলিয়া প্রাসাদের অগ্নি নির্বাপিত করিল।

দিন কাটিল, আবার যেমন সংসার তেমনি চলিতে লাগিল,
কিন্তু তামিনার হৃদয়ের ক্ষত পূরিল না—তাঁহার স্বাস্থ্যও ফিরিল
না। ক্রমে অত্যন্ত কালের ভিতরেই পুনরাবৃত্তি পাগলিনী ভগ্ন-
হৃদয়ে—পতীর ক্ষেত্ৰে চক্ষু মুদ্রিত করিয়া—জীবনের পরপারে,
বুঝি বা প্রিয়তম পুন্তের কাছেই চলিয়া গেলেন।

বুকভরা গভীর বেদনা বহন করিয়া হতভাগ্য রুস্তাম আবার স্বদেশে ফিরিয়া আসিলেন।

কিন্তু সোরাবের ভবিষ্যদ্বাণী ফলিতে অধিক দিন বিলম্ব হইল না। বাদশা ‘কাইকুসের’ মৃত্যু হইয়াছিল, তাহাকে আরাল-হুদের পরপারে কবরস্থ করিয়া ফিরিবার কালে তাহার ওমরাহগণ সকলেই প্রাণত্যাগ করিয়াছিলেন, কেবল জীবিত ফিরিয়া আসিয়াছিলেন—রুস্তাম ও গুডার্জ। এক্ষণে রুস্তামেরও ডাক পড়িল।

রুস্তামের কনিষ্ঠ ভাতা “সাওগাতের” জন্মকালে দূরদৃশ্য জ্যোতিষগণ কহিয়াছিলেন যে,—এই পুত্র জালের বংশের ধ্বংসকারী হইবে। সাওগাতের বয়সের সঙ্গে সঙ্গে তাহার প্রকৃতিতে যখন সেই আশঙ্কার কারণ সকল ফুটিয়া উঠিতে লাগিল, তখন সকলেই তাহার চিন্তায় অধীর হইয়া পড়িলেন। সাওগাতকে লইয়া যে কি করিবেন—বৃদ্ধ জাল সকলের সঙ্গে সেই পরামর্শ করিতে লাগিলেন এবং অবশেষে সকলের যুক্তিমত তাহাকে কাবুলে পাঠাইয়া দিলেন।

রুস্তাম কাবুলের রাজাকে পরাম্পর করিয়া ইরাণের অধীন করিয়া লইয়াছিলেন, তদবধি কাবুলের রাজা কাইকুশকে রাজকর প্রদান করিতেন। রুস্তামের বাহুবলে তীত কাবুলের রাজার নিকট সাওগাতের অনাদর বা অমর্য্যাদা হইবার আশঙ্কা ছিল না।

হইলও তাই। যুবক সাওগাত কাবুলে গিয়া অন্ধদিনের ভিতরেই রাজার এমন প্রিয়পাত্র হইয়া উঠিলেন যে রাজা

সাওগাতের সহিত তাহার একমাত্র কন্তার বিবাহ দিয়া তাহাকে
জামাতা করিয়া পরম সমাদরে রাখিলেন।

এ সংবাদ পাইয়া জাল, রুস্তাম ও তাহার অন্ত ভাতাগণের
আনন্দের সীমা রহিল না, কিন্তু সাওগাত আপনার পিতা ও
ভাতাগণের উপরে মর্মাণ্ডিক ক্রুদ্ধ হইয়া রহিলেন। তাহারা
যে তাহাকে কাবুলে নির্বাসিত করিয়া রাখিয়াছেন—এ কথা
তিনি কিছুতেই ভুলিতে পারিলেন না। তাহার উপর আবার
কাবুলের সঙ্গে তাহার ঘনিষ্ঠ সম্বন্ধ হইয়াছে, বিশেষতঃ ভবিষ্যতে
কাবুলের সিংহাসনে অরোহণ করিবার আশাও তাহার যথেষ্ট
আছে। এরপ স্থলে কাবুলের স্বাধীনতার বিষয় স্বতঃই তাহার
মনে হইতে পারে। কিন্তু তাহার একমাত্র অন্তরায় রুস্তাম।
কাজেই তিনি মনে মনে ভাতার নিধন সাধনের উপায় উদ্ভাবন
করিতে লাগিলেন।

বহুদিন হইতেই ইরাণের অধীনতা-পাশ ছিন্ন করিয়া স্বাধীন
হইবার ইচ্ছা রাজার মনে প্রবল হইয়া উঠিয়াছিল, কেবল
স্বযোগ অভাবে তাহা প্রকাশ করেন নাই। এক্ষণে সাওগাতের
মনোভাব অবগত হইয়া তিনি অকপটে তাহাকে মনের কথা
জানাইলেন। শঙ্কুরের মনের কথা জানিতে পারিয়া সাওগাত
যেন আকাশের চাঁদ হাতে পাইলেন, তৎক্ষণাৎ কহিলেন—

“চিন্তা নাই, আমি যা বলিব যদি করিতে পারেন তবে
এইবারেই কাবুলে পারস্পরীর রুস্তামের কবর হইবে।”

রাজা আনন্দিত হইয়া কহিলেন—

“তুমি আমাৰ জামাতা—পুত্ৰেৰ সমান, আমাৰ অবৰ্ত্তমানে
এ সমস্ত তোমাৱই। কাৰুলকে স্বাধীন কৱিতে পাৰ—তুমিই
ভবিষ্যতে তাহা ভোগ কৱিবে।”

“শুনুন তবে,”

বলিয়া সাওগাত অত্যন্ত সাবধানে নিম্নস্বরে কহিলেন—

“একটা ভোজ-সভাৰ আয়োজন কৱন, সেই সভায় আমি
আপনাকে মন্দ বলিব, আপনি আমাকে কৃট কহিয়া তাড়াইয়া
দিবেন। সভাসদেৱা তাহা দেখিয়া সেই কথা দেশময় রাষ্ট্ৰ
কৱিয়া দিবে। আমি সিস্তানে গিয়া কুস্তামেৰ কাছে আপনাৰ
নামে অভিযোগ কৱিব, তা হইলে কুস্তাম আপনাকে দমন কৱিতে
আসিবেন। সেই সময়ে আপনি ক্ষমা চাহিয়া বন্ধুত্ব কৱিবেন
এবং দিন কতক সমাদৱে ভুলাইয়া, তাহাকে সঙ্গে লইয়া শীকাৱ
কৱিতে যাবা কৱিবেন। ইতিমধ্যে বিশ্বস্ত অনুচৰণিগকে
আদেশ কৱন যে—পথেৱ একটা নিৰ্দিষ্ট স্থানে—ঠিক মৌচাকেৰ
মত—পাশাপাশি, গায়ে-গায়ে কতকগুলি গভীৰ গৰ্ভ কৱিয়া সেই
সকল গৰ্ভে তীক্ষ্ণ বল্লম এবং তীক্ষ্ণ তৱবাৰি প্ৰভৃতিৰ ফলাগুলা
উপৱদিকে কৱিয়া পুত্ৰিয়া রাখুক, তাৱপৱে গৰ্ভগুলাৰ উপৱে
সৱু সৱু, হালকা ডাল-পালা ঢাকিয়া মাটী চাপা দিয়া রাখুক।
আমি কুস্তামকে সেই পথে পথ দেখাইয়া লইয়া যাইব—আপনি
আমাৰ সঙ্গে সঙ্গে যাইবেন। কুস্তাম এই প্ৰাণঘাতী গৰ্ভেৰ
কথা জানিবে না—ঘোড়াশুল্ক সবলে গৰ্ভেৰ ভিতৱে পড়িয়া
প্ৰাণ হাৱাইবে।”

পরদিন রাজবটীতে এক বিরাট ভোজসভায় সমাগত বলু
আমীর ওমরাহগণের সমক্ষে রাজার সহিত রাজার জামাতার
কথায় কথায় হঠাৎ ঘোরতর বিবাদ হইয়া গেল। সাওগাত
রাজাকে শাসাইয়া তৎক্ষণাৎ কাবুল পরিত্যাগ করিয়া সিস্তানে
চলিয়া গেলেন।

কুন্তাম যখন ভাতার প্রতি কাবুলের রাজার দুর্ব্যবহারের
কথা শুনিলেন, তখন বিষম ক্রোধে তাঁহার দন্তে দন্ত ঘৰ্ষিত
হইল, প্রতিজ্ঞা করিয়া কহিলেন—

“চল ভাই, তাহাকে সিংহাসনচুত করিয়া, তোমাকে সেই
রাজাসনে বসাইয়া আসিব। কুন্তামের ভাতাকে জালের
পুত্রকে অপমান করিয়া পৃথিবীতে কে বাঁচিয়া থাকিতে পারে ?”

বলিয়া, সৈন্যদল সঙ্গে লইয়া ভাতার সহিত পরদিনই
কাবুলে ঘাতা করিলেন। কিন্তু যখন তাঁহারা কাবুলে গিয়া
পঁজুছিলেন, তখন সেই সংবাদ পাইয়া রাজা তাড়াতাড়ি বিনীত-
ভাবে নগপদে অগ্রসর হইয়া কর-ঘোড়ে মার্জনা ভিক্ষা
করিয়া লইলেন। উদার হৃদয় বীর কুন্তাম তৎক্ষণাৎ ক্ষমা
করিলেন এবং সকল ক্রোধ পরিত্যাগ করিয়া রাজার আগ্রহে
রাজত্বনে গিয়া অতিথি হইয়া রহিলেন। রাজার ঘরে ও
সমাদরে কুন্তামের মনে কোন প্রকার সন্দেহ স্থান পাইল না।

এইভাবে দিনকতক কাটিয়া গেলে রাজা একদিন কথায়
কথায় শীকারে যাইবার অভিপ্রায় জানাইলেন। শীকারের
নামে বৃন্দ কুন্তামের শোণিত উত্তপ্ত হইয়া যেন নাচিয়া উঠিল—

রাজার সঙ্গে শীকারে যাইবার জন্য তিনি ব্যগ্র হইয়া উঠিলেন। ক্রমে দিন স্থির হইল, শীকারে গমনের আয়োজন প্রস্তুত হইল, রাজা এবং সাওগাতের সহিত কন্তাম শীকারে যাত্রা করিলেন। সাওগাত দক্ষিণ পার্শ্বে রাজাকে এবং বাম পার্শ্বে কন্তামকে লইয়া পথ দেখাইয়া চলিলেন।

কিছুদূর সেইভাবে চলিয়া সকলে একটা বন্ধ প্রান্তরে গিয়া পড়িলেন। সাওগাত এবং রাজার ঘোড়া বেশ সমানভাবেই চলিয়া গেল। কিন্তু কন্তাম যেখান দিয়া যাইতেছিলেন ‘রাক্স’ আর সেখান দিয়া যাইতে চাহিল না। যেন কোন বিপদের আত্মাণ পাইয়া হঠাৎ থামিয়া পা ঝুকিয়া সেই বার্তা জানাইতে চাহিল।

সাওগাত এবং রাজা তাহাকে ছাড়াইয়া অগ্রসর হইয়া গিয়াছিলেন, স্বতরাং ‘রাক্সের’ সেই প্রকার আচরণে কন্তাম অত্যন্ত বিরক্ত হইলেন এবং তাড়াতাড়ি যাইবার জন্য মুখে ইঙ্গিত করিলেন। কিন্তু ‘রাক্স’ মানিল না, সে বরং সে পথ ছাড়িয়া অন্য পথে চলিবার প্রয়াস পাইল। তাহাতে কন্তাম অত্যন্ত রাগিয়া—জীবনে সর্বপ্রথম তাহাকে জোরে কষাঘাত করিলেন। ‘রাক্স’ দারুণ অভিমানে যেন পাগলের মত হইয়া পড়িল, এবং মোরিয়া হইয়া সেই পথেই কন্তামকে লইয়া বিদ্যুবেগে ছুটিল। কিন্তু হায় বিশ হাত যাইতে না যাইতে ক্ষীণ চীৎকার করিয়া সশব্দে সবেগে একটা আচ্ছাদিত গর্তের ভিতরে গিয়া পড়িল। গর্তের ভিতরে রাশি রাশি বল্লম, ও

তৱৰারিৰ তীক্ষ্ণ অগ্ৰভাগ তাহার সৰ্ববাঞ্জে বিঁধিয়া বিষম
বেদনা উপস্থিত কৱিল। কুস্তাম ও অক্ষত রহিলেন না—
পাশেৰ বল্লম ও তৱৰারি সকল তাহার সৰ্ববাঞ্জ ক্ষত-বিক্ষত
কৱিয়া দিল। হায়, আৱ বুঝি তাহাদেৱ রক্ষাৰ উপায় নাই!

কিন্তু ‘ৱাক্স’ পৱনকণেই প্ৰতুৱ বিপদেৱ অবস্থা বুঝিয়া
চোখেৰ পলকেই ভীষণ লাফে গৰ্বেৰ উপৱে উঠিল।
কিন্তু হায় ছৱাচাৱেৱা গৰ্তগুলি মৌমাছিৰ চাকেৱ মত এমন
যন ঘন পৱন্পৱেৱ গায়ে গায়ে সংলগ্ন কৱিয়া রাখিয়া-
ছিল যে একটা হইতে উঠিতে না উঠিতে আবাৱ আৱ একটাৱ
ভিতৱে গিয়া পড়িল। প্ৰতিবাৱেই ভীষণ অন্তৰাঘাতে অশ্ব
ও আৱোহীৱ সৰ্ববাঞ্জ অধিকতৰ ক্ষত-বিক্ষত হইয়া রক্তেৰ প্ৰস্তৰণ
ছুটিল এবং প্ৰতিবাৱেই রাক্সেৱ সঙ্গে সঙ্গে কুস্তামেৰ জীবন
প্ৰবাহ অনন্তেৰ দিকে ধীৱে ধীৱে বহিয়া যাইতে লাগিল।
তখন আৱ কুস্তামেৰ বুঝিতে বাকী রহিল না যে, তাহাদেৱ
বংশেৰ ধৰ্মসকাৱী সাওগাত কৰ্তৃকই তাহার মৃত্যুৰ জন্ম
সেই ভীষণ মৃত্যুৰ জাল বিস্তৃত হইয়াছে! তখন একদিকে
সাওগাতেৰ প্ৰতি যেমন ক্ৰোধ, যুগা ও প্ৰতিহিংসায় হৃদয়
পৱিপূৰ্ণ হইয়া উঠিল, অন্তদিকে তেমনি ‘ৱাক্সেৱ’ প্ৰতি
হৰ্ব্যবহাৱেৰ জন্ম অনুতাপে হৃদয় ভৱিয়া উঠিল।

এইৱৰপে ক্ৰমাগত ছয়বাৱ সেই ভীষণ মৃত্যু কৃপে পড়িয়া
ও উঠিয়া ‘ৱাক্সেৱ’ সকল শক্তি শেষ হইয়া গেল, কুস্তামও
মৃত্যুৰ তীৱে আসিয়া শেষ নিঃশ্঵াসেৱ প্ৰতীক্ষা কৱিতে লাগিলেন।

যখন সপ্তম বার রাক্স প্রভুকে পৃষ্ঠে লইয়া পার্শ্ববর্তী আর এক কৃপে পতিত হইল তখন তাহার দেহে আর কিছুমাত্র শক্তি অবশিষ্ট ছিল না। তবুও অস্তিম চেষ্টায় সম্মুখের পদব্য কৃপের মুখে তুলিয়া ধরিল। তখন অল্লদূরে রাজার পার্শ্বে দাঁড়াইয়া পিশাচ সাওগাত মনের আনন্দে ঘৃঙ্খ ঘৃঙ্খ হাসিতেছিলেন।

উপর্যুক্তি সহস্র সহস্র ক্ষতে ও বর্ধার বারিধারার মত রুক্ষাবে শেষের মুহূর্ত নিকটবর্তী হইয়া আসিয়াছিল, রুস্তাম অতি কষ্টে হাতছানি দিয়া ভাতাকে নিকটে আসিতে আহ্বান করিলেন। রুস্তাম হইতে তখন আর কোন ভয়ের কারণ নাই মনে করিয়া সাওগাত কাছে আসিয়া দাঁড়াইলেন। তখন রুস্তাম করুণ কঢ়ে কহিলেন—“নিজের ভাই হইয়া এমন নৃশংস ভাবে আমাকে হত্যা করিলে সাওগাত !”

সাওগাত ঈর্ষার হাসি হাসিয়া জবাব করিলেন—

“এ জগতে তুমি বলু রুক্ষপাত করিয়াছ, সেই সকল ব্যক্তির প্রেতাত্মা তোমার রুক্ষ পানের আশায় অধীর হইয়া উঠিয়াছে, আমি কি করিব বল ? এ ঈশ্বরের বিধান—এই ভীষণ রুক্ষ-প্রবাহের ভিতরে তুমি মরিবে—হাঃ—হাঃ—!”

রুস্তাম ঘৃণাভরে মুখ বিকৃত করিয়া বলিয়া উঠিলেন—

“আমার এই হাতে বলু রাজা বাদশা নিহত হইয়াছে, তথাপি এই মৃত্যুকালেও আমার সেই বালু তেমনি অজয়ে রহিল—ইহাই আমার তপ্তি ! কিন্তু কাপুরুষ ! সতর্ক হও ; আমার মৃত্যু বার্তা শুনিয়া যখন ‘ফারমার্জ’ বিশাল বাহিনীসহ

প্রতিকার করিতে আসিবে তখন কোথায় লুকাইবে তাহার উপায় চিন্তা কর। তাই, একটা অনুরোধ রক্ষা কর। এই নিরাশ্রয় অবস্থায় শকুনি-গৃধিনী-শিয়াল-কুকুর আসিয়া আমার ঘৃত দেহ না ভক্ষণ করে সেই জন্য একটা ভিক্ষা চাহিতেছি। আমার তীর ধনু উপরে কোথায় পড়িয়া গিয়াছে—দয়া করিয়া আনিয়া দিবে না তাই ?”

এই শেষ অনুরোধ সাওগাত উপেক্ষা করিতে পারিলেন না, রঞ্জনের তীর ধনুক খুঁজিয়া আনিয়া তাহার হাতে দিতে গেলেন। কিন্তু সহসা রঞ্জনের চক্ষুদ্বয় যেন জলিয়া উঠিল—মুখমণ্ডলে তাহার পূর্বের তেজ ফুটিয়া উঠিল। রঞ্জন সঙ্গোরে তাহার হাত হইতে তীর ধনু টানিয়া লইলেন, তবে সাওগাতের মুখ শুকাইল, বিদ্যুতের মত চকিতে ছুটিয়া তিনি একটা গাছের পশ্চাতে লুকাইলেন।

রঞ্জন একবার উচ্চহাসি হাসিয়া জীবনে সর্বশেষ বার ধনুকে শর যোজনা করিয়া সেই দিকে নিষ্কেপ করিলেন। সেই তীব্র তীক্ষ্ণ তীর বিদ্যুদ্বেগে ছুটিয়া গিয়া বৃক্ষ ভেদ করিয়া সাওগাতের বক্ষস্থল বিন্দু করিল। মর্মাণ্তিক চীৎকার করিয়া সাওগাত তৎক্ষণাত মাটীতে লুটাইয়া পড়িয়া প্রাণ হারাইল।

রঞ্জন একবার আকাশের দিকে চাহিয়া কহিলেন—“ধন্ত্য জগদীশ্বর—আর আমার আক্ষেপ নাই।” তারপরেই তাহার হস্তের শূষ্টি শিথিল হইল, তিনি ধীরে ধীরে মহানিদ্রায় নিন্দিত হইলেন।

সমাপ্ত